Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**



Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# পারদর্শিতা ব্যাজ



সেবা প্রশিক্ষণ ব্যাজ



পরিভ্রমনকারী ব্যাজ



স্কাউট ইন্সট্রাক্টর ব্যাজ



আর্নিং বাই লার্নিং ব্যাজ



আত্মরক্ষা ব্যাজ



এসডিজি ব্যাজ

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# রোভার স্কাউট প্রোগ্রাম
# ROVER SCOUT PROGRAM

বাংলাদেশ স্কাউটস
BANGLADESH SCOUTS

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# মুখবন্ধ

যুববয়সী ছেলে-মেয়েদের শারীরিক, বুদ্ধিবৃত্তিক, আবেগিক, আধ্যাত্মিক ও সামাজিক বিকাশে স্কাউটিং একটি জীবনমুখী শিক্ষা। যুগের সাথে সাথে ছেলে-মেয়েদের চাহিদার পরিবর্তন হয়। সেই পরিবর্তিত চাহিদার কথা বিবেচনায় রেখে স্কাউট প্রোগ্রামও পরিবর্তন করার প্রয়োজন হয়। সময়ের সাথে সাথে যুগোপযোগী স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর প্রোগ্রাম বিভাগ থেকে কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রামসহ স্তরভিত্তিক বইসমূহ প্রতিনিয়ত যুগোপযোগী ও হালনাগাদ করে প্রকাশ করা হয়ে থাকে।

প্রথম প্রকাশনার পর থেকে স্কাউট ও রোভার প্রোগ্রামকে আধুনিক ও আকর্ষণীয় করতে বিভিন্ন সময়ে নতুন নতুন বিষয় অন্তর্ভুক্ত করে প্রোগ্রামকে আরও সমৃদ্ধ করা হচ্ছে। দেশকে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রায় পৌছে দিতে স্কাউট ও রোভার স্কাউটরা যাতে অগ্রণী ভূমিকা পালন করতে পারে সেই বিষয়টিকে প্রাধান্য দিয়ে রোভার স্কাউটদের পারদর্শিতা ব্যাজগুলোকে নতুনভাবে বিন্যস্ত করা হয়েছে এবং স্তরভিত্তিক বইগুলোতেও আনা হয়েছে নতুনত্ব। আমরা বিশ্বাস করি এই প্রোগ্রাম অনুশীলনের মাধ্যমে রোভার স্কাউটরা আরো অধিক দক্ষতা আর্জন করবে। রোভার স্কাউট প্রোগ্রাম পর্যালোচনা একটি চলমান প্রক্রিয়া। আমি গভীর শ্রদ্ধার সাথে তাঁদের স্মরণ করছি যাঁদের হাত ধরে রোভার প্রোগ্রাম বিকশিত হয়েছে। বাংলাদেশ স্কাউটস এর শুরু থেকে বর্তমান পর্যন্ত প্রোগ্রাম বিভাগের দায়িত্বপালনকারী জাতীয় কমিশনার, জাতীয় উপ কমিশনারবৃন্দ, ডেস্ক কর্মকর্তাগণ ও রোভার স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স এর সদস্যগণ যারা রোভার স্কাউট প্রোগ্রাম আধুনিকীকরনের জন্য নিরলস পরিশ্রম করে যাচ্ছে তাদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি। বিশেষ করে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মো. মোজাম্মেল হক খান আধুনিক ও নির্ভুল রোভার স্কাউট প্রোগ্রাম বই প্রকাশে সর্বদা দিক নির্দেশনা প্রদান করে সমৃদ্ধ করেছেন। প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের নিকট কৃতজ্ঞতা জানাই। মাঠ পর্যায়ে রোভার স্কাউট প্রোগ্রাম বাস্তবায়নে ইউনিট লিডার ও জেলা রোভার লিডারদের ভুমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

তাদের আন্তরিক প্রচেষ্টায় মাঠ পর্যায়ে এই প্রোগাম বাস্তবায়িত হচ্ছে। তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই।

আমি বিশেষভাবে উল্লেখ করতে চাই নতুন রোভার প্রোগ্রামে সবচেয়ে নিবিড়ভাবে জড়িত ছিল বর্তমান রোভার প্রোগ্রাম টাস্কফোর্সের সদস্যগণ। তাদের নিরলস শ্রম এবং প্রচেষ্টা এই রোভার প্রোগ্রামকে সমৃদ্ধ করেছে। ক্রমোন্নতি ব্যাজ পদ্ধতির পদ সোপানকে সময়ের মধ্যে অর্জনের জন্য রোভার প্রোগ্রামের বিভিন্ন শর্তসমূহ সহজতর, অধিকতর শিক্ষনীয় ও আকর্ষণীয় করা হয়েছে। এজন্য আমি আন্তরিকভাবে প্রোগ্রাম বিভাগের বর্তমান জাতীয় উপ কমিশনারগণ ও এবং টাস্কফোর্সের সদস্যগণকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। টাস্কফোর্সের যুব সদস্যদের এই প্রয়াশ অন্যান্যদেরও বিশেষভাবে উৎসাহিত করবে বলে আমি বিশ্বাস করি।

নতুন রোভার স্কাউট প্রোগ্রাম আমাদের সকলের প্রচেষ্টায় আজকের এই পর্যায়ে এসেছে। বর্তমান যুগের ছেলে মেয়েদের কাছে এই প্রোগ্রাম আকর্ষণীয় ও আনন্দদায়ক হলেই আমাদের প্রচেষ্টা সার্থক ও সফল হয়েছে বলে মনে করব। রোভার স্কাউট প্রোগ্রামসহ সকল বই নতুন আঙ্গিকে নির্ভুলভাবে প্রকাশ করার চেষ্টা করা হয়েছে। তদুপরিও কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা দৃষ্টির গোচরে আনার জন্য অনুরোধ রইল। রোভার স্কাউট প্রোগ্রাম বইয়ের পাণ্ডুলিপি প্রণয়ন এবং বইটি পুনঃমুদ্রণে যারা মূল্যবান সময়, শ্রম ও মেধা দিয়েছেন বাংলাদেশ স্কাউটস এবং আমার পক্ষ থেকে সকলকে জানাই কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ।

**মোহাম্মদ আতিকুজ্জামান রিপন**
জাতীয় কমিশনার (প্রোগ্রাম)
বাংলাদেশ স্কাউটস

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# পটভূমি

স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল (১৮৫৭-১৯৪১) স্কাউটিং কার্যক্রম শুরু করার পূর্বেই স্কাউট বয়সী ছেলে-মেয়েদের চাহিদা বিবেচনা করে কিছু বই প্রকাশ করেছিলেন। পরবর্তীতে তিনি পূর্বে প্রকাশিত বইসমূহের সহায়তায় বয়স ভিত্তিক চাহিদা অনুযায়ী বিষয়বস্তু নির্বাচন করে স্কাউটিং-এর বিভিন্ন শাখায় অর্থাৎ কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট শাখার জন্য পৃথক কার্যক্রম নির্ধারণ করে সুনির্দিষ্ট কার্যক্রমের ভিত্তিতে স্বতন্ত্রভাবে কয়েকটি বই রচনা করেছেন। এই বইসমূহে স্কাউটিং কার্যক্রমে আকৃষ্ট হওয়ার জন্য প্রচারণামূলক দিক নির্দেশনাসহ বয়স ভিত্তিক শিক্ষণীয় এবং করণীয় কার্যক্রমের বিস্তারিত আলোচনা করা হয়েছে। সারা বিশ্বে স্কাউটিং-এর দ্রুত প্রসার এবং দীর্ঘস্থায়ীত্বের জন্য এখনও লর্ড ব্যাডেন পাওয়েলের লেখা বইগুলোর কোন বিকল্প নেই।

স্কাউটিং আন্দোলন শুরুর আগে ও পরে লর্ড ব্যাডেন পাওয়েল কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ও এডাল্ট লিডারদের জন্য যে সমস্ত বই প্রকাশ করেছেন তার মধ্যে উল্লেখযোগ্য বইগুলো নিম্নরূপ:

| | |
|---|---|
| এইডস টু স্কাউটিং | ১৮৯৯ এই বই পড়েই অনেকে স্কাউটিং-এর প্রতি আগ্রহী হয়ে উঠে |
| স্কাউটিং ফর বয়েজ | ১৯০৮ স্কাউট শাখার জন্য |
| উলফ কাব হ্যান্ড বুক | ১৯১৬ কাব স্কাউট শাখার জন্য |
| এইডস টু স্কাউট মাস্টার হ্যান্ডবুক | ১৯২০ এডাল্ট লিডারদের জন্য |
| রোভারিং টু সাকসেস | ১৯২২ রোভার স্কাউট শাখার জন্য |
| গার্ল গাইডিং | গার্ল গাইড আন্দোলনের প্রসারের জন্য |
| দি ব্লু বার্ড বুক | গার্ল গাইড আন্দোলনের প্রসারের জন্য |

দীর্ঘ দিন ধরে স্কাউটদের জন্য এ বইগুলো প্রচলিত থাকলেও সময়ের বিবর্তন এবং যুগ ও দেশের চাহিদার প্রেক্ষিতে স্কাউটিং-এ নতুন নতুন বিষয় সংযোজিত হয়েছে। আর সেসব নিয়ে বৈচিত্রপূর্ণ বইপত্রও রচিত হয়েছে এবং এখনও তার অনুসরণ চলছে।

ব্রিটিশ শাসন আমলে ১৯২০ সালে অবিভক্ত ভারতের এই অঞ্চলে স্কাউট আন্দোলন শুরু হয়। তখন স্কাউটিং কার্যক্রমে লর্ড ব্যাডেন পাওয়েল রচিত স্তর ভিত্তিক বইগুলি ব্যবহার করা হতো। এই স্তর ভিত্তিক বইগুলো হচ্ছে: টেন্ডার ফুট, সেকেন্ড ক্লাস, ফার্স্ট ক্লাস। এই স্তর ভিত্তিক বইসমূহে বিভিন্ন পারদর্শিতা ব্যাজের করণীয় উল্লেখ থাকলেও পরবর্তীতে প্রতিটি ব্যাজের জন্য বিষয় ভিত্তিক বিস্তারিত ব্যাখ্যাসহ পৃথক বই রচনা করা হয়।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

ব্রিটিশ শাসন আমলের অবসানের পর ১৯৪৭ সালে পাকিস্তান জন্মের সূচনা থেকে এই অঞ্চলে স্কাউট আন্দোলন নতুনভাবে সংগঠিত হয়। সেই সময়ের প্রথম পর্যায়ে ব্রিটিশ আমলে ইংরেজিতে প্রকাশিত স্তর ভিত্তিক বইগুলো ব্যবহৃত হলেও তৎকালীন পূর্ব পাকিস্তানে স্কাউটিং-এর ব্যাপক প্রসারের লক্ষ্যে অতি অল্প সময়ের মধ্যে ইংরেজিতে লেখা বইগুলো বাংলায় অনুবাদ করা হয়।

এই প্রক্রিয়ায় 'টেন্ডার ফুট' বইটিকে 'কচি কদম', 'সেকেন্ড ক্লাস' বইটিকে 'দ্বিতীয় কদম' এবং 'ফার্স্ট ক্লাস' বইটিকে 'দৃপ্ত কদম' নামে বাংলায় অনুবাদ করা হয়। এই অনুবাদের ধারাবাহিকতায় স্কাউটার মরহুম এম. ওয়াজেদ আলী ব্যাডেন পাওয়েলের লেখা 'স্কাউটিং ফর বয়েজ' বইটি 'বালকদের স্কাউট শিক্ষা' নামে ১৯৫৭ সালে বাংলায় অনুবাদ করেন। পরবর্তীতে বই অনুবাদ কার্যক্রম একটি চলমান কর্মসূচীতে রূপ লাভ করে। অনুবাদের চলমান কর্মসূচীর অংশ হিসেবে তরিকুল আলম ও জহুরুল আলম ১৯৫৯ সালে 'উলফ কাব হ্যান্ডবুক' বইটিকে 'কাব স্কাউট শিক্ষা' নামে বাংলায় অনুবাদ করেন। স্কাউট শিক্ষায় মাতৃভাষার গুরুত্ব এবং ব্যবহার নিশ্চিত করার জন্য গৃহীত এই উদ্যোগের মাধ্যমে স্কাউটিং-এর সাথে সংশ্লিষ্ট ইংরেজিতে লেখা বিভিন্ন বিষয়ের বইগুলোকে বাংলায় ভাষান্তর করা হয়।

স্বধীনতা অর্জনের পর থেকে এদেশে স্কাউটিং কার্যক্রম সংগঠিত হতে থাকে এবং ১৯৭২ সালে বাংলাদেশে স্কাউট আন্দোলন পুনর্গঠিত হলে স্কাউটিং-এর সম্প্রসারণের লক্ষ্যে স্কাউটিং সম্পর্কিত পাঠ্য বইয়ের উপর গুরুত্ব আরোপ করা হয়। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশে নতুনভাবে শুরু করা রোভারিং কার্যক্রমকে সহায়তা প্রদানের জন্য ১৯৭৩ সালে স্কাউটার আ.স.মু. মাকসুদুর রহমান 'রোভার পরিকল্পনা' নামে বইটির পাণ্ডুলিপি রচনা করেন। স্বাধীনতা অর্জনের পূর্বে এদেশে স্কাউটিং কার্যক্রমের নীতি, পদ্ধতি ও পরিচালনার জন্য পি.ও.আর. (Policy, Organization, Regulation) নামের বইটি বাংলাদেশের অভ্যুদয়ের পরে কয়েক বছর ব্যবহৃত হওয়ার পর ১৯৭৫ সালে "বাংলাদেশ বয় স্কাউট সমিতি" নামে প্রথম বারের মত গঠনতন্ত্র প্রকাশিত হয়। অতঃপর ১৯৮৪ সালে "গঠন ও নিয়ম" নামে নতুনভাবে নীতি পদ্ধতির বইটি প্রকাশ করা হয়। স্বাধীন দেশে স্কাউটিং কার্যক্রমকে আরো বেশী গতিশীল করার উদ্দেশ্য নিয়ে প্রচলিত স্তর ভিত্তিক বইসমূহের তথ্য এবং বাস্তব চাহিদা নিরূপন করে ১৯৭৮-৭৯ সালে তৎকালীন প্রধান জাতীয় কমিশনার মরহুম নুরুলিসলাম শামসের উদ্যোগে নতুন স্কাউট প্রোগ্রাম নির্ধারণ করে ঐ প্রোগ্রামের আলোকে স্কাউট শাখার বই লেখা হয়। প্রোগ্রাম অনুসারে পাণ্ডুলিপি প্রণয়ন করেন তৎকালীন রোভার স্কাউট এবং বর্তমানে বাংলাদেশ স্কাউটসের সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, তৎকালীন

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

রোভার স্কাউট এবং প্রাক্তন জাতীয় কমিশনার (স্ট্রাটেজিক প্ল্যানিং এন্ড গ্রোথ) মুঃ তৌহিদুল ইসলাম ও তৎকালীন রোভার স্কাউট মোজাহারুল হক মঞ্জু। এসব পাণ্ডুলিপির ভিত্তিতে নিম্নের স্তর ভিত্তিক বইসমূহ প্রকাশিত হয়ঃ

| | |
|---|---|
| সদস্য ব্যাজ ও স্ট্যান্ডার্ড ব্যাজ | ১৯৭৯ |
| প্রোগ্রেস ব্যাজ | ১৯৮০ |
| সার্ভিস ব্যাজ | ১৯৮১ |

স্তরভিত্তিক বইসমূহে স্কাউটদের জন্য পালনীয় পারদর্শিতা ব্যাজের প্রোগ্রামর্ভূক্ত করা হয়। ফলে স্কাউটরা স্তরভিত্তিক প্রোগ্রাম অনুসরণ করে ব্যাজ অর্জনে সক্ষম হয়। পরিবর্তনের ধারাবাহিকতায় ১৯৮৭ সালে স্কাউট শাখার বইসমূহকে একত্রিত করে 'বয় স্কাউট' নামে একটি অখণ্ড বই প্রকাশ করা হয়। এই অখন্ড বইয়ের মধ্য দিয়ে স্কাউটদের নিকট ক্রমোন্নতিশীল স্কাউট প্রোগ্রাম অনুসরণ অধিকতর সহজ করা হয়েছিল। ১৯৯৫ সালে স্কাউট শাখার প্রোগ্রামে আবার পরিবর্তন আনা হয় এবং পারদর্শিতা ব্যাজের কর্মসূচিকে নতুনভাবে বিন্যস্ত করা হয়। এই পর্যায়ে স্কাউট প্রোগ্রামকে আরো বেশী কার্যকর করার জন্য স্তরভিত্তিক আলাদাভাবে বই প্রকাশ করা হয়। এই প্রকাশনার ক্ষেত্রকে সময়ের অত্যন্ত দক্ষ স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ স্বীয় অবস্থান থেকে বইসমূহ প্রকাশে সক্রিয় ভূমিকা রাখেন, তার বিবরণ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| সদস্য ব্যাজ | আরিফ বিল্লাহ আল মাহমুদ | ১৯৯৭ |
| স্ট্যান্ডার্ড ব্যাজ | মোহাম্মদ রফিকুল ইসলাম খান | ১৯৯৫ |
| প্রোগ্রেস ব্যাজ | মোঃ আবুল কালাম আজাদ | ১৯৯৬ |
| সার্ভিস ব্যাজ | মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া | ১৯৯৬ |

স্কাউট প্রোগ্রাম নবায়নের পাশাপাশি ১৯৯৫ সালের গোড়ার দিক থেকে কাব স্কাউট ও রোভার স্কাউটসের প্রোগ্রাম আধুনীকরণের উদ্যোগ নেয়া হয়। কাব স্কাউট ও রোভার স্কাউট শাখার স্তরভিত্তিক বইসমূহের পান্ডুলিপি প্রণেতা ও প্রকাশের সময় নিম্নে উল্লেখ করা হলোঃ

| | | |
|---|---|---|
| সদস্য ব্যাজ | মোঃ আবদুল ওয়াহাব | ১৯৯৫ |
| তারা ব্যাজ | মোঃ আব্দুল্লাহ আল মামুন | ১৯৯৬ |
| চাঁদ ব্যাজ | রওশন আরা বিউটি | ১৯৯৭ |
| চাঁদ তারা ব্যাজ | মোছাম্মৎ জোহরা আক্তার | ১৯৯৭ |
| রোভার সহচর | মোফাখখার হোসেন | ১৯৯৭ |
| সদস্য স্তর | মোফাখখার হোসেন | ১৯৯২ |
| প্রশিক্ষণ স্তর | মোঃ আরিফুজ্জামান | ১৯৯৫ |
| সেবা স্তর | আদিল হায়দার সেলিম | ১৯৯৬ |

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

এছাড়াও রোভার স্কাউটদের জ্ঞানকে আরো সমৃদ্ধ করার জন্য ২০০৪ সালে লর্ড ব্যাডেন পাওয়েল রচিত রোভারিং টু সাকসেস বইটি প্রবীণ লিডার ট্রেনার এবং বাংলাদেশ স্কাউটসের প্রাক্তন জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) প্রফেসর মাহাবুবুল আলম বাংলায় অনুবাদ করেন।

২০০০ সালে তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ হাবিবুল আলম, বীর প্রতীকের নেতৃত্বে এবং তৎকালীন জাতীয় উপ কমিশনার (প্রোগ্রাম) মুঃ তৌহিদুল ইসলাম, মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়া ও কাজী নাজমুল হকের সহায়তায় স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রাম যুগের প্রয়োজনের সাথে আরও সামঞ্জস্যপূর্ণ করার উদ্যোগ গ্রহণ করা হয়। সেই লক্ষ্যে জুবায়ের ইউসুফকে আহ্বায়ক করে স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স এবং মোঃ আরিফুজ্জামানকে আহ্বায়ক ও মোঃ জামাল হোসেনকে সদস্য সচিব করে রোভার স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স গঠন করা হয়। টাস্কফোর্স দুটি ২০০১-২০০৩ সময়কালে দেশব্যাপি জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ে বিভিন্ন ওয়ার্কশপ, সেমিনার, ফোরাম ইত্যাদির আয়োজন করে। এসব পদক্ষেপের মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ পর্যালোচনা করে প্রচলিত প্রোগ্রামে সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিমার্জন করা হয়। এরই মাধ্যমে ২০০৩ সালে স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রাম পূর্ণতা লাভ করে। একই সময়ে তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ আবুল কালাম আজাদের উদ্যোগে কাব স্কাউট ও স্কাউট শাখার বইসমূহকে একটি বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে যুগোপযোগী করে তোলা হয়, যা ২০০৪ সালে প্রকাশিত হয়।

২০০৪ সালে সদ্য প্রণয়নকৃত স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রামের কাঠামো দুটিকে অধিকতর যাচাই বাছাই করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এরই আলোকে ২০০৪-২০০৫ সালে জাতীয় ইয়ুথ ফোরাম এবং জাতীয় ওয়ার্কশপসহ আয়োজিত আলোচনাসমূহ তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ আবুল কালাম আজাদ এবং তৎকালীন জাতীয় উপ কমিশনার (প্রোগ্রাম) সরোয়ার মোঃ শাহরিয়ার, মোঃ মাহমুদুল হক ও মোঃ মনিরুল ইসলাম খানের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হয়। এই পর্যায়ে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ সমন্বিত করে স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রাম চূড়ান্ত করতে ২০০৯ সালে পুনরায় জুবায়ের ইউসুফকে আহ্বায়ক ও খন্দকার সাদিদ সাঈদকে সদস্য সচিব করে স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স এবং মোঃ আরিফুজ্জামানকে আহ্বায়ক ও মোঃ মাইনুল হককে সদস্য সচিব করে রোভার স্কাউট প্রোগ্রাম টাস্কফোর্স গঠন করা হয়। টাস্কফোর্সের একাধিক পর্যালোচনা বৈঠক ও চূড়ান্ত পর্যালোচনা ওয়ার্কশপের মাধ্যমে স্কাউট ও রোভার প্রোগ্রাম আধুনিকীকরণের কাজটি সম্পন্ন হয়। তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোঃ মেসবাহ উদ্দিন ভূঁইয়ার উপস্থাপনায় ৯ আগস্ট ২০০৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের ৩৮তম বার্ষিক সাধারণ সভায় উভয় শাখার প্রোগ্রাম অনুমোদিত হয়।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

পরবর্তীতে, রোভার স্কাউট শাখার রোভার সহচর ও সদস্য স্তর বইয়ের পান্ডুলিপি স্কাউটার মোঃ আব্দুল হান্নান, রোভার স্কাউট মনির আহমেদ ভূঁইয়া (ডায়মন্ড) ও রোভার স্কাউট রোমানা আক্তার শিরিন এবং প্রশিক্ষণ ও সেবা স্তর বইয়ের পান্ডুলিপি স্কাউটার শেখ জাবেদ মোজাক্কের-উর-রহমান ও স্কাউটার ফরহাদ হোসেন সংকলন করেন।

স্কাউট অন্দোলনের পরিবর্তনের এই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস কর্তৃক চলমান প্রোগ্রামকে যুগের প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ করার চাহিদা অনুভব হওয়ায় স্কাউট ও রোভার শাখায় ব্যবহৃত প্রোগ্রামকে আরো বেশী আধুনিকীকরণ করা হয়। ২০১০ সালে রোভার প্রোগ্রাম বইটি পুনঃরায় আধুনিকরণ করা হয়।

এই আধুনিকরণকৃত রোভার প্রোগ্রামের আলোকে নতুন বই প্রকাশ করা সময়ের দাবী হয়ে দাঁড়ায়। রোভার সহচর বইটি সমসাময়িক প্রোগ্রামের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং পরবির্তনশীল চাহিদার কথা বিবেচনা করে পাণ্ডুলিপি প্রণয়নের জন্য বাংলাদেশ স্কাউটসের প্রোগ্রাম বিভাগ দক্ষ রোভার স্কাউট ও অভিজ্ঞ রোভার স্কাউট লিডারের সমন্বয়ে পৃথক পৃথক টাস্ক ফোর্স গঠন করে। রোভার সহচর এবং সদস্য স্তরের বইয়ের পান্ডুলিপি প্রণয়নের জন্য গঠিত টাস্ক ফোর্সের সদস্যবৃন্দ হলেন:
জনাব মোঃ আব্দুল হান্নান, রোভার স্কাউট লিডার, বিপি মুক্ত স্কাউট গ্রুপ মুনীর আহমেদ ভূঁইয়া (ডায়মন্ড), প্রেসিডেন্ট'স রোভার স্কাউট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার রোমানা আক্তার শিরিণ, প্রেসিডেন্ট'স রোভার স্কাউট, ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁদের ঐকান্তিক প্রচেষ্টার ফলে বইটি এমন ভাবে সাজানো হয়েছে; যা অনুসরণ করলে স্কাউটিং সংক্রান্ত পরিমিত জ্ঞান লাভ করতে পারবে। তার পাশাপাশি একজন রোভার সহচর খুব সহজেই তাঁর লগ বই লিখতে পারবে।

দীর্ঘ ৭ বছর পর ২০১৬ সালে, রোভার স্কাউট প্রোগ্রাম রিভিউ করার জন্য তৎকালীন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ রফিকুল ইসলাম খানের উদ্যোগে মোহাম্মদ ইয়াছিনুর রহমান রাকিবকে আহ্বায়ক করে একটি টাস্কফোর্স গঠন করা হয়। এই টাস্কফোর্স ২০১৫ ও ২০১৬ সালে অনুষ্ঠিত জাতীয় প্রোগ্রাম রিভিউ ওয়ার্কশপ হতে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ সমন্বিত করে ২০১৭ সালে চলমান প্রোগামে কিছু সংশোধন আনয়নের প্রস্তাব করে যার মধ্য থেকে বেশ কিছু প্রস্তাব জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ আতিকুজ্জামান রিপনের উপস্থাপনায় ৫ নভেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের ৪৭তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হয়।

২০১৭ সালের শেষাংশে জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ আতিকুজ্জামান রিপনের উদ্যোগে ওয়ার্ল্ড স্কাউট প্রোগ্রাম পলিসি অনুযায়ী চলমান রোভার স্কাউট প্রোগ্রাম এর পূর্ণাঙ্গ রিভিউয়ের জন্য সৈয়দ মোঃ সিয়ামকে আহ্বায়ক করে রোভার

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

স্কাউট প্রোগ্রাম রিভিউ টাস্কফোর্স গঠন করা হয়। পরবর্তীতে মার্চ ২০২০ সালে এস এম হাবিব উল্লাহ (হিরু) উক্ত টাস্কফোর্সের আহ্বায়ক হিসেবে দায়িত্বপ্রাপ্ত হন। ২০১৭-২০২০ টানা তিন বছর এই টাস্কফোর্স রোভার স্কাউট প্রোগ্রাম নিয়ে জেলা, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বিভিন্ন ওয়ার্কশপ, ফোরাম ও মিটিং আয়োজন করে এবং রোভার স্কাউট ও অভিজ্ঞ স্কাউটারবৃন্দের কাছ থেকে প্রাপ্ত প্রস্তাবনাসমূহ বিস্তারিত পর্যালোচনাপূর্বক অক্টোবর ২০২০ নাগাদ নতুন প্রস্তাবিত রোভার স্কাউট প্রোগ্রামটি তৈরি সম্পন্ন করে। বাংলাদেশ স্কাউটস এর সভাপতি মোঃ আবুল কালাম আজাদ ও প্রধান জাতীয় কমিশনার মোঃ মোজাম্মেল হক খানের সার্বিক সহযোগিতায় জাতীয় কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ আতিকুজ্জামান রিপনের উপস্থাপনায় প্রস্তাবিত নতুন রোভার স্কাউট প্রোগ্রামটি ৫ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় কাউন্সিলের ৪৯তম বার্ষিক (ত্রৈবর্ষিক) সাধারণ সভায় অনুমোদন লাভ করে।

রোভার প্রোগ্রাম রিভিউ ও বই আকারে প্রকাশের জন্য নিরলস কাজ করেছেন টাস্কফোর্সের চেয়ারম্যান জনাব এসএম হাবিব উল্লাহ হিরু, পিআরএস; কো-চেয়ারম্যান জনাব মুনীর আহমেদ ভুঁইয়া ডায়মন্ড, পিআরএস; সদস্য, কাজী জুবায়ের হোসেন, পিএস, পিআরএস; মুহাম্মদ ফারুক আজম, পিআরএস; সদস্য সচিব, রুহি রুসাবা জাহওয়া জাহান, পিএস প্রমুখ বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া পারদর্শিতার ব্যাজসমূহ ডিজাইন করেন যথাক্রমে-

| | | |
|---|---|---|
| সেবা প্রশিক্ষণ ব্যাজ | রোভার জুমাইনা মুবাসশ্বিরা জামান | সমতট মুক্ত স্কাউট গ্রুপ, ঢাকা |
| স্কাউট ইন্সট্রাক্টর ব্যাজ | এস,এম, হাবিব উল্লাহ (হিরু) | আরএসএল, রাউজান সরকারি কলেজ চট্টগ্রাম |
| আত্মরক্ষা ব্যাজ | মোঃ মাইনুল হক | আরএসএল, দিগন্ত স্কাউট গ্রুপ, ঢাকা |
| পরিভ্রমণকারী ব্যাজ ও এসডিজি ব্যাজ | রোভার মোহাম্মদ আব্দুল্লাহ আল রাফি | সমতট মুক্ত স্কাউট গ্রুপ, ঢাকা |
| আর্নিং বাই লার্নিং ব্যাজ | মোঃ লিমন মিয়া | আরএসএল, আলোকিত আইডিয়াল ওপেন স্কাউট গ্রুপ, ব্রাহ্মণবাড়িয়া |

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

## স্কাউট প্রতিজ্ঞা



আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে-
- আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
- সর্বদা অপরকে সাহায্য করতে
- স্কাউট আইন মেনে চলতে

আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।

(আল্লাহ্ শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে)

## Scout Promise

On my honour I promise that I will do my best
- to do my duty to Allah and my country
- to help other people at all times
- to obey tha Scout Law.

## স্কাউট আইন

| | |
|---|---|
| - স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী | A Scout's honour is to be trusted |
| - স্কাউট সকলের বন্ধু | A Scout is a friend to all |
| - স্কাউট বিনয়ী ও অনুগত | A Scout is courteous and obedient |
| - স্কাউট জীবের প্রতি সদয় | A Scout is kind to animals |
| - স্কাউট সদা প্রফুল্ল | A Scout is cheerful at all times |
| - স্কাউট মিতব্যয়ী | A Scout is thrifty |
| - স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল | A Scout is cleen in thought, word and deed |

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# সূচি


| নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ০১ | প্রারম্ভিক নির্দেশনা | ১৩ |
| ০২ | রোভার সহচর স্তর | ১৫ |
| ০৩ | সদস্য স্তর | ২২ |
| ০৪ | প্রশিক্ষণ স্তর | ৩১ |
| ০৫ | সেবা স্তর | ৪১ |
| ০৬ | প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড | ৪৯ |
| ০৭ | পরিশিষ্ট-১ (দক্ষতা অর্জন: সদস্য স্তর) | ৫১ |
| ০৮ | পরিশিষ্ট-২ (টেকসই উন্নয়ন কর্মী ব্যাজ) | ৫৮ |
| ০৯ | পরিশিষ্ট-৩ (দক্ষতা অর্জন: প্রশিক্ষণ স্তর) | ৬৮ |
| ১০ | পরিশিষ্ট-৪ (দক্ষতা অর্জন: সেবা স্তর) | ৭৪ |
| ১১ | পরিশিষ্ট-৫ (আর্নিং বাই লার্নিং ব্যাজ) | ৭৭ |

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# রোভার স্কাউট প্রোগ্রাম

## প্রারম্ভিক নির্দেশনা

**রোভার স্কাউট ইউনিট/গ্রুপে যোগদানের যোগ্যতা:**

রোভার স্কাউট ইউনিট/গ্রুপে যোগদানের পূর্বে একজন নবাগতকে নিম্নবর্ণিত যোগ্যতা অর্জন করতে হবে:

ক) যেসব তরুণ-তরুণী এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অথবা যাদের বয়স সতেরো বা তার চেয়ে বেশি কিন্তু পঁচিশ বছরের কম তাঁরা নিয়ন্ত্রিত/মুক্ত রোভার স্কাউট ইউনিট/গ্রুপে ভর্তি হতে পারবে। রেলওয়ে, নৌবাহিনী, বিমান বাহিনীতে চাকুরীজীবী উক্ত অঞ্চলের রোভার স্কাউটদের ক্ষেত্রে বয়স ত্রিশ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

খ) স্কাউটিং সম্পর্কিত ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী, উন্মুক্ত প্রকৃতির মাঝে জীবন উন্মেষ এবং স্কাউট প্রতিজ্ঞা ও আইন সন্নিবেশিত জীবনধারা গ্রহণে সম্মত হতে হবে।

গ) তাকে রোভার স্কাউট লিডারের মনোনয়ন লাভ করতে হবে।

**রোভার স্কাউট হিসেবে দীক্ষা গ্রহণের প্রস্তুতি:**

ক) একজন তরুণ-তরুণী রোভার স্কাউট দলে যোগদানের পর থেকে রোভার স্কাউট হিসেবে দীক্ষা গ্রহণ করার পূর্ব পর্যন্ত **রোভার সহচর** (Rover Squire) হিসেবে পরিচিত হবে এবং একজন রোভার সহচরকে প্রশিক্ষণে সহায়তা করার জন্য একজন দীক্ষাপ্রাপ্ত রোভার স্কাউট **স্পন্সর** (Sponsor) হিসেবে নিয়োজিত থাকবে।

খ) ৩ থেকে ৬ মাসের মধ্যে রোভার সহচর স্তরের নির্ধারিত প্রোগ্রাম সম্পন্ন করার মাধ্যমে একজন রোভার সহচর নিজেকে রোভার স্কাউট হিসেবে দীক্ষা গ্রহণের জন্য প্রস্তুত করে নিবে।

গ) যদি কোন স্কাউট প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রাপ্ত বা জাতীয় পর্যায়ের মূল্যায়নের জন্য মনোনীত হোন, সে নিজেকে ন্যূনতম ২ মাসের মধ্যে স্পন্সরের অধীনে রোভার সহচর স্তরের প্রোগ্রাম সম্পন্ন করে দীক্ষা গ্রহণের জন্য প্রস্তুত করে নিবে।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

ঘ) একজন রোভার সহচর রোভার হিসেবে দীক্ষা গ্রহণের পূর্বে **আত্মশুদ্ধি** (Vigil) পালন করবে। এই আত্মশুদ্ধি একজন সহচরের দীক্ষাপ্রাপ্ত রোভার হিসেবে বিভিন্ন প্রকার দায়িত্ব পালনের পূর্বে মানসিক প্রস্তুতি হিসেবে বিবেচিত হবে।

**পূর্বে অর্জিত ব্যাজ ও অ্যাওয়ার্ড:**

ক) কাব স্কাউট শাখায় **শাপলা কাব অ্যাওয়ার্ড** অর্জিত হয়ে থাকলে, রোভার স্কাউট পোশাকের বাম বুক পকেটের ঢাকনার উপর পরিধান করতে পারবে। এছাড়া কাব শাখার অন্য কোন ব্যাজ পরিধান করতে পারবে না।

খ) স্কাউট শাখায় **প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড** অর্জিত হয়ে থাকলে, রোভার স্কাউট পোশাকের বাম হাতের অঞ্চল ব্যাজের নিচে পরিধান করতে পারবে। এছাড়া স্কাউট শাখার অন্য কোন ব্যাজ পরিধান করতে পারবে না।

**দক্ষতা স্তর:**

রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী রোভারিং কার্যক্রমে ৪টি স্তর রয়েছে: রোভার সহচর স্তর, সদস্য স্তর, প্রশিক্ষণ স্তর ও সেবা স্তর।

একজন রোভার স্কাউট স্তর ভিত্তিক নির্ধারিত রোভার স্কাউট প্রোগ্রাম সম্পন্ন করার মাধ্যমে রোভার স্কাউটিং-এর সর্বোচ্চ সম্মান **"প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড"** অর্জনের মূল্যায়নের জন্য সুপারিশকৃত হতে পারবে।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# রোভার সহচর স্তর

সময়কাল: ০৩ থেকে ০৬ মাস
(বিশেষ ক্ষেত্রে ২ মাস)

## বিশেষ জ্ঞান

০১. স্কাউট আন্দোলনের পরিচিতিমূলক প্রাথমিক ধারণা।

০২. রোভার স্কাউট প্রোগ্রাম, মাই প্রোগ্রেস ও লগ বই সম্পর্কে ধারণা অর্জন:

ক) মাই প্রোগ্রেস কী ও কীভাবে ব্যবহার এবং সংরক্ষণ করতে হয় তা জানা।

খ) লগ বই কী ও কীভাবে প্রস্তুত করতে হয় তা জানা এবং লেখা শুরু করা।

০৩. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা (প্রিন্টেড ও অনলাইন) পাঠ:

ক) বই: ব্যাডেন পাওয়েল, রোভারিং কী ও কেন। উল্লেখিত বইসমূহ পাঠ করে সংরক্ষণ করা এবং ন্যূনতম একটি বইয়ের (সর্বনিম্ন ৫০ শব্দ) পর্যালোচনা লগ বইয়ে উল্লেখ করা

খ) পত্র-পত্রিকা: অগ্রদূত, প্রোগ্রাম বুলেটিন, গার্ল-ইন স্কাউটিং, ত্রৈমাসিক রোভার, সী বুলেটিন, বাংলাদেশ স্কাউটস ইনবক্স, এপিআর বুলেটিন, ওয়ার্ল্ড স্কাউট বুলেটিন, মেসেঞ্জার অব পিস বুলেটিন ইত্যাদি পত্র-পত্রিকাসমূহের মধ্যে এক বা একাধিক পত্র-পত্রিকা পাঠ করে সংরক্ষণ করা।

০৪. নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা:

ক) স্কাউট প্রতিজ্ঞা, আইন, মূলমন্ত্র (মটো) ও শ্লোগান।

খ) স্কাউট মূলনীতি, পদ্ধতি, মিশন ও ভিশন।

গ) স্কাউট সালাম, চিহ্ন ও করমর্দন।

ঘ) স্কাউট পোশাক ও ব্যাজ।

ঙ) জাতীয় সংগীত সম্পূর্ণ জানা, সুন্দরভাবে গাইতে পারা এবং সম্মান প্রদর্শন করতে পারা।

চ) জাতীয় পতাকা ও স্কাউট পতাকা:

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

- জাতীয় পতাকার সঠিক মাপ ও গঠন প্রণালী, সবুজ ও লাল রং এর ব্যাখ্যা, জাতীয় পতাকা বহন পদ্ধতি, উত্তোলন, অবনমন ও অর্ধনমিত রাখার নিয়ম ও সময় জানা এবং জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন করতে পারা।
- জাতীয় স্কাউট পতাকা, আঞ্চলিক স্কাউটস পতাকা, জেলা রোভার স্কাউটস পতাকা, গ্রুপ স্কাউট পতাকা, ইউনিট স্কাউট পতাকা ও উপদল পতাকার সঠিক মাপ, গঠন প্রণালী ও ব্যবহারবিধি সম্পর্কে জানা।

ছ) প্রার্থনা সঙ্গীত (যে কোন ১টি) সম্পূর্ণ জানা ও সুন্দরভাবে গাইতে পারা।

**০৫. স্কাউট আন্দোলনের ইতিহাস:**

ক) ব্যাডেন পাওয়েল সম্পর্কে জানা।

খ) স্কাউট আন্দোলনের ইতিহাস জানা।

গ) ভারত উপমহাদেশের স্কাউট আন্দোলনের ইতিহাস জানা।

ঘ) বাংলাদেশের স্কাউট আন্দোলনের ইতিহাস জানা।

ঙ) বাংলাদেশে রোভার স্কাউটিং-এর ক্রমবিকাশ জানা।

চ) নিজ রোভার স্কাউট ইউনিট/গ্রুপের ইতিহাস জানা।

**০৬. রোভার স্কাউট গ্রুপ/ইউনিটে দলীয় শৃঙ্খলাবোধ সম্পর্কে ধারণা অর্জন ও চর্চা:**

ক) ইউনিট এবং উপদলে একজন রোভার স্কাউটের অবস্থান ও কার্যাবলি সম্পর্কে জানা।

খ) উপদল পদ্ধতি (Patrol System) সম্পর্কে জানা ও সেটি মেনে চলা।

গ) উপদলের সদস্যদের সাথে সুশৃঙ্খলভাবে মার্চপাস্ট করতে পারা।

## ব্যক্তিগত দক্ষতা

**০৭. ব্যবহারিক কাজ:**

**ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ:**

১. কমন হুইপিং (Common Whipping) সম্পর্কে জানা ও বাঁধতে পারা।

২. নিম্নোক্ত গেরোসমূহ বাঁধতে পারা ও বাস্তব জীবনে ব্যবহার করতে

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

পারা: ডাক্তারি গেরো (Reef Knot), পাল গেরো (Sheet Bend), জীবন রক্ষা গেরো (Bowline), বড়শি গেরো (Clove Hitch), তাঁবু গেরো (One Round Turn and Two Half Hitches), গুড়ি টানা গেরো (Timber Hitch), জেলে গেরো (Fisherman's Knot)।

**খ) অনুমান ও পর্যবেক্ষণ:**

১. দূরত্ব ও উচ্চতা অনুমান করার পদ্ধতি সমূহের নাম জানা।

২. দূরত্ব ও উচ্চতা অনুমানের ১টি করে মোট ২টি পদ্ধতি জানা ও সঠিকভাবে ব্যবহার করতে পারা।

৩. অনুমান করে ওজন পরিমাপ করতে পারা।

৪. কিম'স গেম: কণ্ঠস্বর শুনে মানুষ চিনতে পারা, শব্দ শুনে বস্তুর পরিচিতি, ঘ্রাণ নিয়ে বস্তু চিনা, স্বাদ নিয়ে দ্রব্য চেনা, অনুভূতি দিয়ে (স্পর্শ করে) বস্তু চিনতে পারা।

৫. অনুমান ও পর্যবেক্ষণের গুরুত্ব কী তা জানা।

**গ) সংকেত অনুসরণ:**

১. মৌলিক ট্রাফিক আইন ও পথ চলার সাধারণ নিয়মাবলি জানা।

২. অনুসরক চিহ্ন, হস্ত সংকেত ও বাঁশির সংকেত বুঝতে পারা ও ব্যবহার করতে পারা।

**ঘ) আগুন জ্বালানো ও রান্না:**

১. আগুন জ্বালানোর লাকড়ি (কাঠ) সংগ্রহ করে তা সাজাতে পারা।

২. চুলার জন্য সঠিক স্থান নির্বাচন করে চুলা তৈরি করতে পারা।

৩. প্রাকৃতিক উপায়ে বিভিন্ন পদ্ধতিতে আগুন জ্বালাতে পারা।

৪. নিজের জন্য খাবার রান্না করতে পারা: যেমন- ভাত, মাছ/মাংস, সবজি, ডাল, চা ইত্যাদি।

**ঙ) প্রাথমিক প্রতিবিধান:**

১. প্রাথমিক প্রতিবিধান কী? প্রাথমিক প্রতিবিধানকারী কে? প্রাথমিক প্রতিবিধানকারীর গুণাবলি, দায়িত্ব এবং কর্তব্য জানা।

২. প্রাথমিক প্রতিবিধানের কাজে ব্যবহৃত উপকরণসমূহ সম্পর্কে জানা। যেমন- লিন্ট, স্প্লিন্ট, প্যাড, ব্যান্ডেজ, ড্রেসিং, স্লিং, টুর্নিকেট।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

৩. মানব দেহের সাধারণ গঠন সম্পর্কে জানা। যেমনঃ কঙ্কাল, মাংসপেশি, রক্ত চলাচল, শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়া ইত্যাদি।

৪. সাধারণ ক্ষতের প্রাথমিক প্রতিবিধান দিতে পারা। যেমন- হুল ফোটানো, থ্যাতলানো, কাটা ইত্যাদি।

**০৮. তথ্য প্রযুক্তি সম্পর্কে জ্ঞানার্জনঃ**

ক) কম্পিউটারের অপারেটিং সিস্টেম সম্পর্কে জানা ও ইনস্টল করতে পারা।

খ) কম্পিউটারের ব্যবহার সম্পর্কে জানা ও ব্যবহার করতে পারা।

গ) নিজের ই-মেইল একাউন্ট থাকা ও ন্যূনতম ৫টি মেইল আদান প্রদান করা।

***** রোভার স্কাউট (মেয়ে) ঐচ্ছিক হিসেবে ইচ্ছে করলে আত্মরক্ষা ব্যাজ অর্জন করতে পারবে**

আত্মরক্ষা ব্যাজ অর্জনের জন্য একজন মেয়ে রোভার স্কাউটকে রোভার সহচর স্তর থেকে সেবা স্তরের মধ্যে কারাতে অথবা তাইকোয়ান্ডো ন্যূনতম গ্রিন বেল্ট পর্যন্ত মান অর্জন করে আত্মরক্ষা ব্যাজ অর্জন করতে পারবে।



আত্মরক্ষা ব্যাজ

## ধর্মীয় কার্যাবলি

০৯. নিজ ধর্ম সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চাঃ

ক. নিজ নিজ ধর্মে অবশ্য পালনীয় বিষয়সমূহ কী কী তা জানা ও নিয়মিত চর্চা করা এবং অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

**ইসলাম ধর্মঃ**

- ইসলামের পাঁচটি স্তম্ভ সম্পর্কে জানা।
- আকাইদ, তওহীদ ও ইমান সম্পর্কে জানা।
- ওজু কী, ওজুর ফরজ এবং ওজু ভঙ্গের কারণ সম্পর্কে জানা। তায়াম্মুম কী, তায়াম্মুম এর ফরজ, কোন অবস্থায়, কীভাবে ওজুর পরিবর্তে তায়াম্মুম করতে হয় তা জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

- সুরা ফাতিহা, সুরা নাস, সুরা ফালাক, সুরা ইখলাস, সুরা কাউসার অর্থসহ শুদ্ধভাবে মুখস্থ পড়তে পারা।
- নিয়মিত নামাজ আদায় করা, নামাযের ফরয, ওয়াজিব ও সুন্নতসমূহ জানা।
- নামাজের ভিতর বিভিন্ন দোয়াসমূহ (ছানা, তাশাহুদ, দোয়া মাসূরা, দরূদ শরীফ, দোয়া কুনুত) জানা।
- জামআতের সাথে নামাজ আদায়ের মাধ্যমে নিজের মধ্যে শৃঙ্খলা ফিরিয়ে আনা সম্ভব তা উপলব্ধি করতে পারা।
- ইমান সম্পর্কিত পাঁচটি সহীহ হাদিস জানা।

**হিন্দু (সনাতন) ধর্মঃ**

- স্রষ্টার স্বরূপ (ব্রহ্ম ও ঈশ্বর রূপে স্রষ্টা) সম্পর্কে জানা।
- স্রষ্টা ও সৃষ্টির মধ্যে সম্পর্ক ও সৃষ্টির মধ্যে শৃঙ্খলা প্রতিষ্ঠায় স্রষ্টার ভূমিকা জানা।
- উপাসনা কী ও উপাসনার প্রকারভেদ সম্পর্কে জানা।
- ঈশ্বর উপাসনার একটি মন্ত্র জানা ও অনুশীলন করা।
- দৈনন্দিন প্রার্থনার মন্ত্র জানা ও নিয়মিত প্রার্থনা করা।
- হিন্দু ধর্মের বিশ্বাস (একেশ্বরবাদ, অবতারবাদ, যোগের ধারণা) সম্পর্কে জানা।

**খ্রিস্ট ধর্মঃ**

- স্রষ্টার স্বরূপ সম্পর্কে জানা।
- দৈনন্দিন প্রার্থনার নিয়মসমূহ জানা ও নিয়মিত প্রার্থনা করা।
- খ্রিস্ট ধর্মের বিশ্বাস সম্পর্কে জানা।

**বৌদ্ধ ধর্মঃ**

- বৌদ্ধ ধর্মের ইতিহাস সম্পর্কে জানা।
- বুদ্ধ ও বোধিসত্ত্বের প্রাথমিক ধারণা ব্যাখ্যা করতে পারা।
- বুদ্ধের প্রধানতম নয়টি গুণ সম্পর্কে জানা ও নিজের জীবনে প্রয়োগ করতে পারা।
- দৈনন্দিন প্রার্থনার নিয়মসমূহ জানা ও নিয়মিত প্রার্থনা করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# আন্দোলনে সেবা

**১০. স্কাউটিং ও বহিঃ কার্যক্রম:**

ক) স্কাউটিং ও বহিঃ কার্যক্রম সম্পর্কে জানা।

খ) গ্রুপ/ইউনিট/উপদলের সাথে অন্ততঃ একটি হাইকিংয়ে অংশগ্রহণ করা।

গ) গ্রুপ/ইউনিট/উপদলের সদস্যদের সাথে অন্ততঃ এক রাতের তাঁবুবাসে অংশগ্রহণ করা।

# সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

**১১. সমাজ সেবা ও সমাজ উন্নয়ন:**

ক) গুড টার্ন (Good Turn) সম্পর্কে জানা। দৈনন্দিন জীবনে পরোপকার ও সৎ কাজের অভ্যাস গড়ে তোলা।

খ) সমাজ সেবা ও সমাজ উন্নয়নের পার্থক্য বলতে পারা।

গ) গ্রুপ/ইউনিট/উপদলের সদস্যদের সাথে অন্ততঃ একটি সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ করা।

ঘ) পরিবেশ সম্পর্কে জ্ঞানার্জন:

- পরিবেশ কী? পরিবেশ দূষণের কারণ ও প্রতিকারের উপায় সম্পর্কে জানা।
- অন্ততঃ দুইটি গাছের চারা রোপণ ও পরিচর্যা করা।

**১২. স্বাস্থ্য:**

ক) স্বাস্থ্য রক্ষার সাধারণ নিয়মাবলি জানা।

খ) বিপি পিটিগুলো জানা ও চর্চা করা।

গ) নিজ রক্তের গ্রুপ জানা।

ঘ) নিজ রক্তের গ্রুপের ৫ জন সহ মোট ২০ জন ব্যক্তির রক্তের গ্রুপ, নাম ও ঠিকানা সংগ্রহ করা।

ঙ) নিরাপদ রক্ত সঞ্চালন সম্পর্কে জানা।

চ) থার্মোমিটারের সাহায্যে জ্বর মাপতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**১৩. টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs):**

টেকসই উন্নয়ন অভীষ্ট বা Sustainable Development Goals (SDGs) সম্পর্কে জ্ঞানার্জন:

ক. এসডিজি কী এবং কেন?

খ. এসডিজি বাস্তবায়নের অভীষ্টসমূহ সম্পর্কে জানা।

গ. এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে স্কাউটদের ভূমিকা ও করণীয় সম্পর্কে জানা।

ঘ. scout.org-তে লগইন (Log In) করে নিজের আইডি তৈরি করা।

ঙ. sdgs.scout.org সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন করা।

**রোভার সহচর স্তর উত্তীর্ণে করণীয়:**

ক) একজন রোভার সহচরকে রোভার স্কাউট সদস্য হিসেবে দীক্ষা গ্রহণের পূর্বে এক রাতের তাঁবুবাসে অংশগ্রহণ ও আত্মশুদ্ধি (Vigil) সম্পন্ন করতে হবে।

খ) রোভার সহচর স্তর শেষে দীক্ষা গ্রহণ করে লিপিবদ্ধকৃত লগ বইতে রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণের পরই সদস্য স্তরে উত্তীর্ণ হবে।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# সদস্য স্তর

সময়কাল: ১২ থেকে ১৮ মাস

## বিশেষ জ্ঞান

**০১. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা (প্রিন্টেড ও অনলাইন) পাঠ:**

ক) বই: রোভারিং টু সাকসেস, রোভারিং কী এবং কেন, আত্মকথা (লর্ড ব্যাডেন পাওয়েল), উলফ কাব হ্যান্ড বুক ইত্যাদি বইসমূহ হতে ন্যূনতম একটি বই পাঠ করে সংরক্ষণ করা এবং উক্ত বইয়ের (সর্বনিম্ন ৫০ শব্দ) পর্যালোচনা লগ বইয়ে উল্লেখ করা।

খ) পত্র-পত্রিকা: মাসিক অগ্রদূত, প্রোগ্রাম বুলেটিন, গার্ল-ইন স্কাউটিং, ত্রৈমাসিক রোভার, সী বুলেটিন, বাংলাদেশ স্কাউটস ইনবক্স, এপিআর বুলেটিন, ওয়ার্ল্ড স্কাউট বুলেটিন, মেসেঞ্জার অব পিস বুলেটিন ইত্যাদি। পত্র-পত্রিকাসমূহের মধ্যে ন্যূনতম দুই বা ততোধিক পত্র-পত্রিকা পাঠ করে সংরক্ষণ করা।

**০২. বাংলাদেশ স্কাউটসের রূপরেখা ও সাংগঠনিক কাঠামো সম্পর্কে জানা:**

ক) বাংলাদেশ স্কাউটসের প্রশাসনিক বিন্যাস সম্পর্কে জানা।

খ) বাংলাদেশ স্কাউটসের বিভিন্ন স্তরের সাংগঠনিক কাঠামো এবং গঠন সম্পর্কে জানা।

গ) বেটার ওয়ার্ল্ড ফ্রেমওয়ার্ক (Better World Framework) ও মেসেঞ্জার অব পিস (Messenger of Peace) সম্পর্কে ধারণা অর্জন।

**০৩. এশিয়া-প্যাসিফিক অঞ্চল সম্পর্কে জানা:**

ক) এশিয়া প্যাসিফিক অঞ্চলের প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলী সম্পর্কে ধারণা অর্জন

খ) এশিয়া প্যাসিফিক অঞ্চলের সদস্যভুক্ত জাতীয় স্কাউট সংগঠসমূহের নাম জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**০৪. বাংলাদেশের কৃষ্টি ও সংস্কৃতির রূপরেখা সম্পর্কে জ্ঞানার্জন:**

ক) বাঙালি জাতির অভ্যুদয়।

খ) ভাষা আন্দোলনের ইতিহাস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের তাৎপর্য।

গ) বাংলাদেশের স্বাধীনতার পটভূমি, মহান মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের অভ্যুদয় ইতিহাস।

ঘ) বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্য।

ঙ) বাংলাদেশে বসবাসরত যে কোনো একটি ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর ভৌগোলিক অবস্থান, জীবন ধারা, সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক কার্যাবলি।

**০৫. বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা সম্পর্কে জ্ঞানার্জন।** যেমন- মুজিবনগর স্মৃতিসৌধ, ষাট গম্বুজ মসজিদ, মহাস্থানগড়, ময়নামতি, পাহাড়পুর (সোমপুর বিহার), সোনারগাঁও, লালবাগ কেল্লা ইত্যাদি।

**০৬. ভাষা শিক্ষা ও যোগাযোগ পদ্ধতি সম্পর্কে জ্ঞানার্জন:**

ক) ইংরেজিতে কারো সাথে সাবলীলভাবে কথোপকথন করতে পারা।

খ) ডাক বিভাগ, ই-মেইল, টেলিফোন এবং অনলাইন সামাজিক যোগাযোগ মাধ্যম (Social Media) সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন ও যথাযথভাবে ব্যবহার করতে পারা।

**০৭. ক্যারিয়ার প্ল্যানিং (Career Planning):**

ক) ক্যারিয়ার প্ল্যানিং কী? এর প্রয়োজনীয়তা কী? নিজের ক্যারিয়ার প্ল্যান তৈরি করতে পারা

খ) ইংরেজিতে নিজের সিভি তৈরি করতে পারা।

গ) নিজ পঠিত বিষয়ের (Discipline) সাথে সামঞ্জস্যপূর্ণ কর্মক্ষেত্র সম্পর্কে ধারণা অর্জন।

**০৮. প্রার্থনা সংগীত (পূর্বেরটি ব্যতীত) ১টি সম্পূর্ণ জানা ও সুন্দরভাবে গাইতে পারা।**

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# ব্যক্তিগত দক্ষতা

**০৯. ব্যবহারিক কাজ:**

**ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ:**

১) উল্লেখিত গেরোসমূহ বাঁধতে পারা ও তাদের ব্যবহার জানা:
ড্র হিচ (Draw Hitch), ফায়ারম্যানস চেয়ার নট (Fireman's Chair Knot), মারলাইন স্পাইক হিচ (Marline Spike Hitch)।

২) উল্লেখিত ল্যাশিংসমূহ বাঁধতে পারা ও ব্যবহার জানা:
স্কয়ার ল্যাশিং (Square Lashing) ও ডায়াগোনাল ল্যাশিং (Diagonal Lashing)।

৩) বাঁশ ও দড়ির সাহায্যে ক্যাম্প গ্যাজেট তৈরি করতে পারা।

**খ) অনুমান ও পর্যবেক্ষণ:**
দূরত্ব ও উচ্চতা নির্ণয়ের জন্য বহুল ব্যবহৃত একটি করে মোট দুইটি (পূর্বের ২টি ব্যতীত) পদ্ধতি ব্যবহার করতে পারা।

**গ) কম্পাস ও মানচিত্র পাঠ:**

১) একটি সাধারণ কম্পাসের গঠন সম্পর্কে জানা ও কম্পাস ব্যবহার করে দিক নির্ণয় করতে পারা।

২) কম্পাসের সাহায্য ছাড়া বায়ু প্রবাহ, চন্দ্র, সূর্য, আকাশের তারার অবস্থান, ধর্মীয় স্থাপনা ইত্যাদির সাহায্যে দিক নির্ণয় করতে পারা।

৩) মানচিত্রে ব্যবহৃত বিভিন্ন চিহ্ন ও স্কেল সম্পর্কে জানা।

৪) ফিল্ড বুক তৈরি করতে পারা এবং ফিল্ড বুক অনুযায়ী মানচিত্র (ম্যাপ) তৈরি করতে পারা।

৫) কম্পাস ও ফিল্ড বুক অনুসরণ করে একটি হাইকিং-এ অংশগ্রহণ এবং সময়, আবহাওয়া ও পারিপার্শ্বিক অবস্থা মানচিত্র ইত্যাদি তথ্য সম্বলিত হাইক প্রতিবেদন (Hike Report) তৈরি করা।

৬) গুগল ম্যাপ কী? গুগল ম্যাপ ব্যবহার করতে পারা।

৭) বাংলাদেশের মানচিত্র অঙ্কন করতে পারা।

ঘ) গোপন বার্তা উদ্ধার:

১) টেক্সট, কোড ও সাইফার সম্পর্কে ধারণা অর্জন।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

২) গোপন বার্তা উদ্ধারের অন্তত তিনটি নিয়ম রপ্ত করা।

৩) কোড ও সাইফার ব্যবহারের ক্ষেত্র কী তা জানা।

**ঙ) আগুন জ্বালানো ও রান্না:**

১) পাত্র ছাড়া রান্না (Backwoodsman Cooking) সম্পর্কে জানা এবং উপাদান সংগ্রহ করে রান্না করতে পারা।

২) নিজের উপদলের জন্য খাবার রান্না করতে পারা। যেমন: ভাত, মাছ/মাংস, সবজি, ডাল, চা ইত্যাদি।

**চ) তাঁবু জলসা:**

১) তাঁবু জলসা সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ করা

২) তাঁবু জলসার উপযোগী কয়েকটি উপস্থাপনা তৈরি করতে পারা।

৩) ইউনিটের সাথে তাঁবু জলসার আয়োজন করতে পারা।

**ছ) প্রাথমিক প্রতিবিধান:**

১) নাক দিয়ে রক্তপাত বন্ধ করতে পারা।

২) মূর্ছা যাওয়ার প্রাথমিক প্রতিবিধান দিতে পারা।

৩) পোড়া, দাহ ও বৈদ্যুতিক শকের প্রতিবিধান করতে পারা।

৪) সর্প দংশনের প্রতিবিধান করতে পারা।

৫) ক্ষতস্থানে ড্রেসিং ও ব্যান্ডেজ বাঁধতে পারা।

৬) অস্থিভঙ্গ কী? বিভিন্ন প্রকার অস্থিভঙ্গের কারণ, অস্থিভঙ্গের লক্ষণ জানা।

৭) বিভিন্ন প্রকার সাধারণ অস্থিভঙ্গের প্রাথমিক প্রতিবিধান দিতে পারা।

৮) ব্যান্ডেজ বাঁধতে পারাঃ মাথা, চোয়াল, বুক, কাঁধ, পিঠ, কনুই, উরু, হাঁটুর ব্যান্ডেজ ও রোলার ব্যান্ডেজ।

**১০. সাঁতার জানা।**

**১১. তথ্য প্রযুক্তি সম্পর্কে জ্ঞানার্জন:**

ক. Microsoft Office সম্পর্কে জানা।

খ. Microsoft Word-এ প্রয়োজনীয় ডকুমেন্ট তৈরি করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**১২. প্রোগ্রাম অনুযায়ী কমপক্ষে নিম্নের যে কোন ১টি বিষয়ে দক্ষতা অর্জন:**

হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর পালন, মৎস্য চাষ, অফিস ব্যবস্থাপনা, উন্নত চুলা তৈরি, সেলাই কাজ, ফটোগ্রাফি, দোভাষী, মোটরযান, অ্যামেচার রেডিও, কৃষিকর্মী, মৌমাছি চাষ, মাশরুম চাষ, সয়েল টেস্ট, ক্ষেতের পাওয়ার পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট, অ্যাকুরিয়ামে মাছ চাষ, অ্যারো পাইওনিয়ার, নৌবাহিনী সংগঠন, রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল।

*এয়ার রোভার স্কাউটদের জন্য অ্যারো পাইওনিয়ার, নৌ রোভার স্কাউটদের জন্য নৌবাহিনী সংগঠন এবং রেলওয়ে রোভার স্কাউটদের জন্য রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল বিষয়ে দক্ষতা অর্জন বাধ্যতামূলক। এসব বিষয়ের অতিরিক্ত হিসেবে তারা অন্যান্য বিষয়েও দক্ষতা অর্জন করতে পারবে। এয়ার, নৌ ও রেলওয়ে রোভার স্কাউট ব্যতীত অন্য রোভার স্কাউটরা ইচ্ছা করলে উল্লিখিত বিশেষ বিষয়সমূহে দক্ষতা অর্জন করতে পারবে।

* উপরে উল্লিখিত বিষয়গুলি ছাড়া অন্য কোন বিষয়ের প্রোগ্রাম জেলা, অঞ্চল ও জাতীয় সদর দফতরের অনুমতিক্রমে যুক্ত করা যাবে।

**দক্ষতা অর্জন (সদস্য স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ পরিশিষ্ট ১ (পৃষ্ঠা ৫০ থেকে ৫৭) দ্রষ্টব্য

# ধর্মীয় কার্যাবলি

**১৩. ধর্মীয় কার্যাবলি ও মূল্যবোধ:**

ক) নিজ নিজ ধর্মে পালনীয় ২টি আচার অনুষ্ঠান সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা:

**ইসলাম ধর্ম:**

- রোজা কী? রোজা কার ওপর ফরজ তা জানা এবং নিয়মিত রোজা পালন করা।
- রোজা ভঙ্গের কারণ ও কাফফারা সম্পর্কে জানা। সাহরি ও ইফতারের উপকারিতা সম্পর্কে জানা।
- সাদাকাতুল ফিতির বা ফিতরা সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

- সুরা লাহাব, সুরা নাসর, সুরা ক্বাফিরুন, সুরা আসর শুদ্ধভাবে অর্থসহ মুখস্থ করতে পারা।
- জানাজার নামাজ কিভাবে আদায় করতে হয় তা জানা।
- মৃত ব্যক্তিকে দাফন করার নিয়মাবলি জানা।
- রোজা সম্পর্কিত পাঁচটি সহিহ হাদিস শেখা।

**হিন্দু (সনাতন) ধর্মঃ**

- স্রষ্টার স্বরূপ (ভগবান ও অবতাররূপে স্রষ্টা) সম্পর্কে জানা।
- ইশ্বরের গুণ ও শক্তিঃ প্রধাণ দেবদেবী (ব্রহ্মা, বিষ্ণু, শিব, দূর্গা, কালী, লক্ষ্মী, স্বরস্বতী, কার্তিক, গণেশ, শীতলা) সম্পর্কে জানা।
- নিয়মিত উপাসনা ও প্রার্থনার চর্চা করা।
- হিন্দু ধর্মের বিশ্বাস (চুরাশ্রম, কর্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ) সম্পর্কে জানা।
- ধর্মীয় আচার অনুষ্ঠান সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন (ধর্মানুষ্ঠান, ধর্মাচার ও পূজা আচার) ও পালন করা।

**খ্রিস্ট ধর্মঃ**

- সৃষ্টির সেবা সম্পর্কে জানা।
- নিয়মিতভাবে প্রার্থনার চর্চা করা।
- যিশু খ্রিস্ট সম্পর্কে জানা ও তার শিক্ষা নিজ জীবনে প্রয়োগ করা।
- পবিত্র বাইবেল সম্পর্কে জানা ও নিয়মিত পাঠ করা।

**বৌদ্ধ ধর্মঃ**

- গৌতম বুদ্ধের জন্ম, জীবনকাল, বুদ্ধত্বলাভ ও ধর্ম প্রচারের ইতিহাস সম্পর্কে জানা।
- বুদ্ধধর্ম গ্রন্থানুযায়ী ৩ প্রকার (সম্যকসম্বুদ্ধ, প্রত্যেকবুদ্ধ, শ্রাবকবুদ্ধ) বুদ্ধের ধারণা ব্যাখ্যা করতে পারা।
- বুদ্ধের প্রধাণতম নয়টি গুণ সম্পর্কে জানা ও নিজের জীবনে প্রয়োগ করতে পারা।
- পবিত্র ত্রিপিটক সম্পর্কে জানা ও নিয়মিত পাঠ করা।

খ) অন্য ধর্মের আচার অনুষ্ঠান সম্পর্কে জানা ও তাদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# আন্দোলনে সেবা

**১৪. স্কাউটিং ও সেবা কার্যক্রম:**

ক) উপদলের সদস্যদের জন্য তাঁবুবাসের স্থান নির্বাচন, কর্মসূচি/প্রোগ্রাম প্রণয়ন, বাজেট তৈরি সহকারে বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করা।

খ) তাঁবুবাসের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত ও দলীয় উপকরণের তালিকা প্রণয়ন করতে পারা।

গ) তাঁবুবাসের সাধারণ নিয়মাবলি জানা।

ঘ) তাঁবুর বিভিন্ন অংশের নাম জানা।

ঙ) তাঁবু খাটানো, গোটানো ও যত্ন নিতে পারা।

চ) ক্যাম্প ল্যাট্রিন তৈরি করতে পারা।

ছ) ক্যাম্প কিচেন তৈরি করতে পারা এবং হাড়ি-পাতিল ও খাবার সংরক্ষণ করতে পারা।

জ) উপদলের সদস্যদের জন্য বিভিন্ন প্রকার খাদ্য (রেশন) সংগ্রহ, সংরক্ষণ ও প্রস্তুত করতে পারা।

ঝ) তাঁবুবাসে অংশগ্রহণ করা ও রিপোর্ট পেশ করা।

**১৫. স্কাউটস' ওন (Scouts' Own) সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ করা।**

**১৬. "কোর্স ফর রোভার মেট" সম্পন্ন করা। (সদস্য স্তরে অংশগ্রহণ সম্ভব না হলে প্রশিক্ষণ সম্পন্ন করতে পারবে।)**

**১৭. সেবা প্রশিক্ষণ ব্যাজ অর্জন:**

১. রোভার স্কাউট লিডারের অনুমতিক্রমে কোন কাব/স্কাউট ইউনিটে ইউনিট লিডারের সহকারী হিসেবে অন্তত ৪ মাস সন্তোষজনকভাবে নিম্নলিখিত কাজের অভিজ্ঞতা অর্জন করা:


সেবা প্রশিক্ষণ ব্যাজ

ক) কাব বা স্কাউট ইউনিট সম্পর্কে বিস্তারিত জানা ও প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা।

খ) ইউনিটের জন্য ৪ মাসের একটি প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

গ) ইউনিটের কাবদের বা স্কাউটদের 'সদস্য ব্যাজ' মান পর্যন্ত প্রশিক্ষণ প্রদানের দক্ষতা অর্জন।

২. এই ৪ মাসের কার্যক্রম উক্ত কাব বা স্কাউট ইউনিটের অগ্রগতির রেকর্ড সংরক্ষণ করা। কাজ সম্পন্ন করার পর লগ বইয়ে রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণের মাধ্যমে ব্যাজ অর্জন সম্পন্ন হবে।

## সমাজ সেবা / সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

**১৮. সমাজ সেবা / সমাজ উন্নয়ন:**

ক) অন্তত ১টি ফলদ ও ১টি বনজ বৃক্ষ রোপণ ও পরিচর্যা করা।

খ) সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে ন্যূনতম ২৪ ঘণ্টা অংশগ্রহণ করা। (টেকসই উন্নয়নকর্মী ব্যাজ কার্যক্রমের ব্যয়িত সময়টুকু এখানে বিবেচনা করা যেতে পারে।)

**১৯. স্বাস্থ্য:**

ক) ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে জ্ঞানার্জন:

১. স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে জানা।

২. নিয়মিত স্বাস্থ্য পরিচর্যায় একজন ব্যক্তি কীভাবে নিজেকে সুস্থ রাখতে পারে তা জানা।

৩. নিয়মিত নিজের স্বাস্থ্য পরিচর্যা করা।

খ) রক্তের গ্লুকোজ মাপতে পারা।

গ) মাদকাসক্তি সম্পর্কে জানা:

১. ধূমপান ও মাদককে না বলা।

২. মাদক দ্রব্যের ক্ষতিকারক দিক সম্পর্কে জানা।


৩. মাদকের কুফল সম্পর্কে বন্ধু মহলকে সচেতন করতে পারা।

ঘ) স্কাউটিংয়ে প্রচলিত দুইটি খেলা জানা ও চর্চা করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**২০. টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজ অর্জনের কাজ শুরু করা:**

ক) সদস্য স্তরে উঠার পর এই ব্যাজের কাজ শুরুর জন্য বিস্তারিত পরিকল্পনাসহ ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডার বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে।



এসডিজি ব্যাজ (প্রথম অংশ)

খ) টেকসই উন্নয়ন অভীষ্ট ও লক্ষ্যমাত্রা সম্পর্কে জানা।

গ) টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নের জন্য sdgs.scout.org-তে উল্লিখিত করণীয় বিষয়গুলি সম্পর্কে জ্ঞানার্জন।

ঘ) অভীষ্ট-৬ (নিরাপদ পানি ও স্যানিটেশন)-এর উল্লেখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

ঙ) অভীষ্ট-৪, ৬ ও ১৩ ব্যতীত অন্য যেকোন ১টি অভীষ্টের উল্লেখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

চ) বাস্তবায়িত দুটি অভীষ্ট ভিত্তিক কর্মসূচির প্রতিবেদন (প্রয়োজনীয় ছবিসহ) লগ বইতে লিপিবদ্ধ করে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদন নিতে হবে।

**** টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজের বিশদ বিবরণ পরিশিষ্ট ২ (পৃষ্ঠা ৫৮ থেকে ৬৭ ) দ্রষ্টব্য

**সদস্য স্তর উত্তীর্ণে করণীয়:**

একজন রোভার স্কাউট সদস্য স্তর শেষে লিপিবদ্ধকৃত লগ বইতে রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণের পরই প্রশিক্ষণ স্তরে উত্তীর্ণ হবে।

**কোন কারণে স্তরভিত্তিক সর্বোচ্চ সময়সীমায় স্তর অতিক্রম করতে না পারলে রোভার স্কাউট লিডারের মাধ্যমে জেলা রোভার স্কাউট লিডারের নিকট বর্ধিত সময়ের জন্য আবেদন করতে হবে।**

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# প্রশিক্ষণ স্তর

সময়কাল: ১২ থেকে ১৮ মাস

## বিশেষ জ্ঞান

**০১. স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা (প্রিন্টেড ও অনলাইন) পাঠ:**

ক) বই: গঠন ও নিয়ম এবং তফসিল-১। বইসমূহ পাঠ করে সংরক্ষণ করা এবং ন্যূনতম একটি বইয়ের (সর্বনিম্ন ৫০ শব্দ) পর্যালোচনা লগ বইয়ে উল্লেখ করা।

খ) পত্র-পত্রিকা: মাসিক অগ্রদূত, প্রোগ্রাম বুলেটিন, গার্লস-ইন স্কাউটিং, ত্রৈমাসিক রোভার, সী বুলেটিন, বাংলাদেশ স্কাউটস ইনবক্স, এপিআর বুলেটিন, ওয়ার্ল্ড স্কাউট বুলেটিন, মেসেঞ্জার অব পিস বুলেটিন ইত্যাদি পত্র-পত্রিকাসমূহ পাঠ করে সংরক্ষণ করা।

**০২. বিশ্ব স্কাউট সংস্থা:**

ক) বিশ্ব স্কাউট সংস্থার গঠন পটভূমি, প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলি সম্পর্কে জানা।

খ) বিশ্ব স্কাউট সংস্থার অঞ্চলসমূহের নাম ও সদর দফতর জানা।

**০৩. ইয়ুথ ফোরাম** (Youth Forum), **আর্থ ট্রাইব** (Earth Tribe) **ও স্কাউটস অব দ্যা ওয়ার্ল্ড অ্যাওয়ার্ড** (Scouts of the World Award) **সম্পর্কে ধারণা অর্জন।**

**০৪. বাংলাদেশের সংবিধান সম্পর্কে পরিমিত ধারণা অর্জন করা।**

**০৫. বাংলাদেশের স্থানীয় সরকার সম্পর্কে জানা:**

ক) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, থানা/উপজেলা পরিষদ, জেলা পরিষদ-এর গঠন ও কার্যাবলি সম্পর্কে জ্ঞানার্জন।

খ) জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, আয়কর নিবন্ধন, ট্রেড লাইসেন্স ও ড্রাইভিং লাইসেন্স কীভাবে করতে হয় তা জানা।

গ) ব্যাংক অ্যাকাউন্ট কীভাবে করতে হয় তা জানা। কোনো তফশিলি ব্যাংক অথবা মোবাইল ব্যাংকিং নিজের অ্যাকাউন্ট খুলে হিসাব পরিচালনা করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**০৬. জাতিসংঘ সম্পর্কে জ্ঞানার্জন:**

ক) জাতিসংঘের উৎপত্তির কারণ ও উদ্দেশ্য সম্পর্কে জানা।

খ) জাতিসংঘের প্রশাসনিক কাঠামো ও কার্যাবলি সম্পর্কে জানা।

**০৭. বাংলাদেশের আর্থসামাজিক অবস্থা সম্পর্কে জ্ঞানার্জন:**

ক) বাংলাদেশের মৌলিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা নির্ণয় করে প্রতিটি ক্ষেত্রে কমপক্ষে ৩টি কারণ নির্ধারণ করা।

খ) বাংলাদেশের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে ৫টি সুপারিশ প্রণয়ন।

গ) জাতীয় বাজেট কী এবং এর মৌলিক বিষয়গুলো জানা।

**০৮. প্রার্থনা সংগীত (পূর্বের ২টি ব্যতীত) ১টি সম্পূর্ণ জানা ও সুন্দরভাবে গাইতে পারা।**

## ব্যক্তিগত দক্ষতা

**০৯. ব্যবহারিক কাজ:**

**ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ:**

১) উল্লিখিত গেরোসমূহ বাঁধতে পারা ও তাদের ব্যবহার জানা:

ফিসারম্যানস বেন্ড (Fisherman's Bend), স্কাফোল্ড হিচ (Scaffold Hitch), ম্যানহারনেস নট (Manherness Knot), ক্যাট'স প (Cat's Paw), বোলাইন অন দি বাইট (Bowline on the Bight), রোলিং হিচ (Rolling Hitch)।

২) উল্লেখিত ল্যাশিং সমূহ বাঁধতে পারা ও ব্যবহার জানা:

ফিগার অফ এইট ল্যাশিং (Figure of Eight Lashing) এবং পোল এন্ড শিয়ার ল্যাশিং (Pole and Share Lashing)।

৩) ওয়েস্ট কান্ট্রি হুইপিং (West Country Whipping) ও সেইল মেকার্স হুইপিং (Sail Maker's Whipping) দিতে পারা ও তাদের ব্যবহার জানা।

৪) কমপক্ষে ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**খ) অনুমান ও পর্যবেক্ষণ:**

দূরত্ব ও উচ্চতা নির্ণয়ের জন্য বহুল ব্যবহৃত একটি করে মোট দুইটি (পূর্বেরগুলো ব্যতীত) পদ্ধতি ব্যবহার করতে পারা।

**গ) প্রাথমিক প্রতিবিধান:**

১) স্নায়বিক আঘাত কী? স্নায়বিক আঘাত কত প্রকার ও স্নায়বিক আঘাতের লক্ষণ সম্পর্কে ধারণা অর্জন ও তার প্রাথমিক প্রতিবিধান জানা।


২) মানবদেহের রক্ত সঞ্চালন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানা। বিভিন্ন প্রকার রক্তবাহী নালীর অবস্থান এবং রক্তপাত বন্ধ করার উপায়সমূহ জানা।

৩) মানবদেহের শ্বাস-প্রশ্বাস সম্পর্কে বিস্তারিত জানা। কৃত্রিম উপায়ে শ্বাস-প্রশ্বাস প্রক্রিয়া স্বাভাবিক করার কলাকৌশলসমূহ জানা ও প্রদর্শন করতে পারা।

৪) রোগী বহন করার বিভিন্ন কলাকৌশল প্রদর্শন করতে পারা।

৫) ব্যান্ডেজ বাঁধতে পারা: থাই বোন ফ্রাকচার, কলার বোন ফ্রাকচার, ব্যাকবোন ফ্রাকচার ও স্লিংসমূহ দিতে পারা।

**১০. পরিভ্রমণকারী ব্যাজ অর্জন:**



পরিভ্রমণকারী ব্যাজ

পরিভ্রমণকারী ব্যাজ অর্জনের জন্য একজন রোভার স্কাউটকে নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:

ক) পরিভ্রমণের পূর্বে পরিভ্রমণ পরিকল্পনা, রুটপ্ল্যান ও বাজেট প্রণয়ন করে রোভার স্কাউট লিডার, গ্রুপ সম্পাদক, গ্রুপ সভাপতি ও জেলা রোভার স্কাউট কমিশনার-এর অনুমোদন গ্রহণ করতে হবে। তবে প্রাকৃতিক স্থানে ট্র্যাকিং, বীচ পরিভ্রমণ এবং দেশের বাহিরে পরিভ্রমণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের মাধ্যমে জাতীয় সদর দফতরের ছাড়পত্র গ্রহণ করতে হবে। এই পরিভ্রমণে সকল ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) জনের একটি টিম হতে হবে। মেয়েদের টিমের সাথে একজন মহিলা রোভার স্কাউট লিডার/ভ্রমণকারী মেয়েদের মধ্যে যেকোন একজনের মহিলা অভিভাবক/পূর্বে সম্পন্ন করেছেন এমন একজন মহিলা পরিভ্রমণকারী সংযুক্ত থাকতে পারবে।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

খ) নিম্নবর্ণিত ঙ, চ, ছ, জ, ঝ এবং ঞ এই ৬ (ছয়) ধরণের পদ্ধতির যে কোনো একটি উপায়ে পরিভ্রমণ কার্যক্রম সম্পন্ন করে ১ মাসের মধ্যে পরিভ্রমণের চূড়ান্ত রিপোর্টটিতে (খসড়া মানচিত্র, ভ্রমণ বৃত্তান্ত, অটোগ্রাফ বই, আয়-ব্যয়ের হিসাব, ছবি ও অন্যান্য তথ্য) রোভার স্কাউট লিডার এবং জেলা রোভার স্কাউট লিডারের যৌথ সুপারিশের মাধ্যমে জেলা রোভার স্কাউট কমিশনারের অনুমোদন গ্রহণ করতে হবে।

গ) সকল পদ্ধতির পরিভ্রমণে যথাযথ পদ্ধতি অনুযায়ী কম্পাস ব্যবহার করে ফিল্ডবুক প্রণয়ন করতে হবে।

ঘ) সকল পদ্ধতির পরিভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক পরিভ্রমণকারী দলকে অতিক্রমকৃত পথের ভৌগলিক অবস্থান, ইতিহাস, ঐতিহ্য, জীবনাচার, দর্শনীয় স্থান, স্থানীয় বিশেষ ব্যক্তিবর্গ ইত্যাদি বিষয়ে তথ্য সংগ্রহ করে প্রস্তুতকৃত লগ বইতে অন্তর্ভূক্ত করতে হবে।

ঙ) পায়ে হেঁটে ১৫০ কিলোমিটার পথ ৫ দিনে পরিভ্রমণ করতে হবে।

চ) সাইকেল যোগে ৫০০ কিলোমিটার পথ ৫ দিনে পরিভ্রমণ করতে হবে।

ছ) নৌকা যোগে দাঁড় বেয়ে ২৫০ কিলোমিটার পথ ৫ দিনে পরিভ্রমণ করতে হবে।

জ) প্রাকৃতিক স্থানে (পাহাড়ি এলাকা, বনভূমি ইতাদি) ট্র্যাকিং এর মাধ্যমে পায়ে হেঁটে ১০০ কিলোমিটার পথ ৫ দিনে পরিভ্রমণ করতে হবে।

ঝ) পায়ে হেঁটে সমুদ্র সৈকত (বীচ) দিয়ে ৯০ কিলোমিটার পথ ৫ দিনে পরিভ্রমণ করতে হবে।

ঞ) দেশের বাহিরে পায়ে হেঁটে ১৫০ কি. মি. অথবা সাইকেল যোগে ৫০০ কি. মি. পরিভ্রমণ করতে হবে।

ট) রোভার স্কাউট মেয়েরা উপরোক্ত ঙ, চ, ছ, জ, ঝ ও ঞ এই ৬ (ছয়) ধরণের পদ্ধতির যেকোনো একটি অনুসরণ করে ৩-৫টি আলাদা রুটে পৃথক পৃথক সময়ে পরিভ্রমণ সম্পন্ন করতে পারবে। এছাড়াও পাবলিক ট্রান্সপোর্ট (বাস/ট্রেন/লঞ্চ) ব্যবহার করে ৫০০ কিলোমিটার করে ২ বারে ১০০০ কি. মি. পথে পরিভ্রমণ করা যাবে। এক্ষেত্রে প্রতিবারে ভিন্ন ভিন্ন স্থানে ০৩ (তিন) রাত অবস্থান করতে হবে। এই পরিভ্রমণের ক্ষেত্রে ক, খ, গ এবং ঘ অবশ্যই অনুসরণীয়।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

(*** সদস্য স্তরে থাকাকালীন সুযোগ থাকলে পরিভ্রমণে অংশ গ্রহণ করতে পারবে। কিন্তু সদস্য স্তর সম্পন্ন হওয়ার পর পরিভ্রমণ ব্যাজের অনুমোদন করতে হবে।)

**১১. বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম:**

ক) কমপক্ষে একজন বিদেশি স্কাউট অথবা স্থায়ীভাবে বিদেশে বসবাসরত বাংলাদেশি স্কাউট অথবা নিজ জেলা ব্যতীত অন্য জেলার ২ জন রোভার স্কাউটের সাথে বন্ধুত্ব গড়ে তোলা এবং ডাক/ কুরিয়ার/ ফ্যাক্স/ ই-মেইল ইত্যাদির মাধ্যমে পত্র আদান-প্রদান করা।

খ) আদান-প্রদানকৃত পত্রের/মেইলের অনূন্য ৪টি কপি (২টি আউটগোয়িং ও ২টি ইনকামিং) লগ বইয়ে সংযুক্ত করা।

গ) চিঠিপত্র/ভিডিও কনফারেন্স/অন্য কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে স্কাউট নয় অন্ততঃ এমন একজনকে স্কাউটিংয়ে উদ্বুদ্ধ করা।

**১২. বক্তৃতা:**

ক) বক্তার গুণাবলি জানা এবং বক্তৃতা দেওয়ার সাধারণ কৌশলসমূহ জানা।

খ) কোনো সভায় সভাপতির দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানা এবং একটি সভা পরিচালনা করতে পারা।

গ) কমপক্ষে ১০ জন শ্রোতার সামনে কোনো নির্ধারিত বিষয়ের উপর ৫ মিনিট এবং অনির্ধারিত বিষয়ের উপর ৫ মিনিটের প্রস্তুতি নিয়ে ৩ মিনিট বক্তৃতা দিতে পারা।

**১৩. তথ্যপ্রযুক্তি সম্পর্কে জ্ঞানার্জন:**

Microsoft Excel-এ কাজ করতে পারা।

**১৪. প্রোগ্রাম অনুযায়ী কমপক্ষে যেকোনো ১টি বিষয়ে দক্ষতা অর্জন:**

বৈদ্যুতিক কাজ, কম্পিউটার হার্ডওয়্যার, আগুন নেভানো, উদ্ধার কাজ, জনস্বাস্থ্য কর্মী, পরিকল্পিত পরিবার, মা ও শিশুর যত্ন, নার্সিং, সাংবাদিকতা, ক্রাইম প্রিভেনশন, নিরাপদ খাদ্য, বিমান শিক্ষানবিশ, শিপস নলেজ, রেল পরিচালক।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

* এয়ার রোভার স্কাউটদের জন্য বিমান শিক্ষানবিশ, নৌ রোভার স্কাউটদের জন্য শিপস নলেজ এবং রেলওয়ে রোভার স্কাউটদের জন্য রেল পরিচালক বিষয়ে দক্ষতা অর্জন বাধ্যতামূলক। এসব বিষয়ের অতিরিক্ত হিসেবে তারা অন্যান্য বিষয়েও দক্ষতা অর্জন করতে পারবে। এয়ার, নৌ ও রেলওয়ে রোভার স্কাউট ব্যতীত অন্য রোভার স্কাউটরা ইচ্ছা করলে উল্লেখিত বিশেষ বিষয়সমূহে দক্ষতা অর্জন করতে পারবে।

* উল্লেখিত বিষয়গুলি ছাড়া অন্য কোন বিষয়ের প্রোগ্রাম জেলা, অঞ্চল ও জাতীয় সদর দফতরের অনুমতিক্রমে যুক্ত করা যাবে।

** দক্ষতা অর্জন (প্রশিক্ষণ স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ পরিশিষ্ট ৩ (পৃষ্ঠা ৬৮ থেকে ৭৩) দ্রষ্টব্য

## ধর্মীয় কার্যাবলি

**১৫. ধর্মীয় কার্যাবলি ও মূল্যবোধ:**

ক) নিজ নিজ ধর্মে পালনীয় ২টি (পূর্বের ২টি ব্যতীত) আচার অনুষ্ঠান সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা:

**ইসলাম ধর্ম:**

- হজ কী? কাদের ওপর হজ্ব ফরজ? হজের ফরজ এবং ওয়াজিব কাজগুলো কী কী?
- হজে ইহরাম কী? তা ভঙ্গের কারণ ও কাফফারা সম্পর্কে জানা।
- বিদায় হজের ভাষণ সম্পর্কে জানা।
- জাকাত কী? কাদের উপর জাকাত ফরজ? কোন কোন বস্তুর উপর জাকাত প্রদান করতে হয়? সে সম্পর্কে জানা।
- জাকাত কাদেরকে প্রদান করা যায় সে সম্পর্কে জানা।
- পূর্বে মুখস্থকৃত সুরা ছাড়া আরো ৩টি সুরা অর্থসহ মুখস্থ পারা ।
- হজ সম্পর্কিত ৫টি সহিহ হাদীস জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

**হিন্দু (সনাতন) ধর্মঃ**

- স্রষ্টা, সৃষ্ট ও সেবা সম্পর্কে জানা ও ঈশ্বর জ্ঞানে জীব সেবার তাৎপর্য ব্যাখ্যা করা।
- ধর্ম গ্রন্থসমূহ সম্পর্কে জানা এবং নিয়মিত গ্রন্থসমূহ পাঠ করা।
- ধর্মীয় বিভিন্ন সংস্কার (দশবিধ সংস্কার) সম্পর্কে জানা ও পালন করা।
- হিন্দু ধর্মের বিভিন্ন তীর্থ স্থানসমূহের নাম জানা, তীর্থ দর্শনের গুরুত্ব সম্পর্কে জানা।
- বাংলাদেশে অবস্থিত একটি তীর্থস্থান পরিদর্শন করা, সামাজিক ও পারিবারিক জীবনে এর গুরুত্ব বর্ণনা করা।
- ধর্মীয় আচারসমূহ সম্পর্কে বিশদভাবে জানা ও পালন করা।
- ধর্মীয় অনুষ্ঠানসমূহের তাৎপর্য সম্পর্কে বিশদভাবে জানা (দোলযাত্রা, রথযাত্রা ও নামযজ্ঞ) ও অংশগ্রহণ করা।

**খ্রিস্ট ধর্মঃ**

- খ্রিস্ট ধর্মের ইতিহাস সম্পর্কে বিশদভাবে জানা।
- নিয়মিতভাবে প্রার্থনার চর্চা করা, প্রার্থনা অনুষ্ঠান আয়োজন করতে পারা।
- যিশু খ্রিস্ট সম্পর্কে জানা ও তাঁর শিক্ষা অনুসরণ করে কীভাবে জীবন পরিবর্তন করা যায় তা অনুধাবন করতে পারা।
- ধর্মগ্রন্থ সম্পর্কে জানা ও নিয়মিত পাঠ করা।
- নিজ এলাকার গীর্জার অবস্থান সম্পর্কে জানা।

**বৌদ্ধ ধর্মঃ**

- বোধিসত্বের ধারণা, গুণাবলি ও প্রকারভেদ সম্পর্কে জানা এবং বুদ্ধ ও বোধিসত্বের পার্থক্য ব্যাখ্যা করতে পারা।
- পবিত্র ত্রিপিটক সম্পর্কে বিশদভাবে ব্যাখ্যা করতে পারা ও নিয়মিত পাঠ করা।
- রতন সূত্র ও করনীয় মৈত্রী সূত্রের পটভূমি সম্পর্কে জানা।
- বাংলা ও পালিতে রতন সূত্র অনুশীলন ও চর্চা করা।
- ধর্মীয় অনুষ্ঠানসমূহ সম্পর্কে জানা, নিজে অংশগ্রহণ করা এবং আয়োজন প্রণালী জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

খ) ন্যূনতম ১টি ধর্মীয় অনুষ্ঠান আয়োজন ও পরিচালনার কাজে সক্রিয় অংশগ্রহণ করা।

গ) সাম্প্রদায়িক সম্প্রীতি সম্পর্কে অবগত হওয়া এবং অন্যদের উদ্বুদ্ধ করা।

ঘ) নিজ ধর্মীয় অন্যান্য মতামতকে (অন্তঃধর্মীয়) সহিষ্ণুতার সাথে দেখা।

## আন্দোলনে সেবা

**১৬. ইউনিট/গ্রুপ কর্তৃক অর্পিত কোন বিশেষ দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করা। যেমন- ডেন সজ্জাকারী, লাইব্রেরিয়ান, কোষাধ্যক্ষ, কোয়ার্টার মাস্টার ইত্যাদি।**

**১৭. মেসেঞ্জার অব পিস এর যেকোনো একটি কার্যক্রমে অংশগ্রহণ।**
***"কোর্স ফর রোভার মেট" এ অংশগ্রহণ করা (সদস্য স্তরে না করে থাকলে)।**

**১৮. কাব স্কাউট/স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করা।**

**১৯. স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজঃ**

এই ব্যাজের কাজ প্রশিক্ষণ স্তরে শুরু করে সেবা স্তরে সম্পন্ন করাঃ কাব স্কাউট/স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে সফলতার সাথে অংশগ্রহণ করার পর রোভার স্কাউট লিডারের অনুমোদনক্রমে নিকটবর্তী কোনো কাব স্কাউট বা স্কাউট দলে সহকারী ইউনিট লিডার হিসেবে ন্যূনতম ৬ মাস নিম্নলিখিত কাজসমূহ করাঃ


স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ

ক) বাংলাদেশ স্কাউটস কর্তৃক প্রকাশিত কাব অথবা স্কাউট প্রোগ্রাম এর উপর পরিপূর্ণ জ্ঞানার্জন।

খ) ইউনিটের জন্য ৬ মাসের একটি প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সাহায্য করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

গ) কাব স্কাউটদের তারা ব্যাজ অথবা স্কাউটদের স্ট্যান্ডার্ড ব্যাজ পর্যন্ত বিষয়ে দক্ষতার সাথে প্রশিক্ষণ দান।

ঘ) কাজ চলাকালীন ব্যাজের লগ বই ও পাশাপশি বেসিক কোর্সের পৃথক অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা।

**(*** সদস্য স্তরে থাকাকালীন সেবা প্রশিক্ষণ ব্যাজ অর্জনের পর সুযোগ থাকলে বেসিক কোর্সে অংশ গ্রহণ করতে পারবে। কিন্তু সদস্য স্তর সম্পন্ন হওয়ার পর স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজের কাজ শুরু করতে হবে।)**

## সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

**২০. সমাজ সেবা/সমাজ উন্নয়নঃ**

ক) অন্তত ১টি তালগাছ ও ১টি ঔষধি গাছ রোপণ করা এবং পূর্বে রোপণকৃত গাছসমূহ পরিচর্যা অব্যাহত রাখা।

খ) সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে ন্যূনতম ৩৬ ঘণ্টা (পূর্বেরটি ব্যতীত) অংশগ্রহণ করা। (টেকসই উন্নয়নকর্মী ব্যাজ ও মেসেঞ্জার অফ পিস কার্যক্রমের ব্যয়িত সময়টুকু এখানেও বিবেচনা করা যেতে পারে।)

**২১. স্বাস্থ্যঃ**

ক) রক্ত চাপ (Blood Pressure) মাপতে পারা।

খ) নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে জানাঃ

হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি ও এইডস রোগের কারণ, লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকারের উপায় সম্পর্কে জ্ঞানার্জন।

**২২. টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজ অর্জনঃ**

ক) টেকসই উন্নয়ন অভীষ্টের সূচকসমূহ সম্পর্কে জানা।

খ) বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে এসডিজি বাস্তবায়নের গুরুত্ব নিজে বুঝে অন্যকে বুঝানোর সক্ষমতা অর্জন করা।


এসডিজি ব্যাজ (দ্বিতীয় অংশ)

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

গ) অভীষ্ট-১৩ (জলবায়ু কার্যক্রম)-এর উল্লেখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

ঘ) অভীষ্ট-৪, ১৩ ও পূর্বের স্তরের বাস্তবায়িত অভীষ্টসমূহ ব্যতীত অন্য যেকোনো ১টি অভীষ্টের উল্লেখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

ঙ) বাস্তবায়িত দুইটি অভীষ্ট ভিত্তিক কর্মসূচির প্রতিবেদন (প্রয়োজনীয় ছবিসহ) লগ বইতে লিপিবদ্ধ করে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদন নিতে হবে।

**** টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজের বিশদ বিবরণ

পরিশিষ্ট ২ (পৃষ্ঠা:... থেকে ... ) দ্রষ্টব্য

**প্রশিক্ষণ স্তর উত্তীর্ণে করণীয়:**

একজন রোভার স্কাউট প্রশিক্ষণ স্তর শেষে লিপিবদ্ধকৃত লগ বই-এ উডব্যাজধারী রোভার স্কাউট লিডার অথবা জেলা রোভারের মনোনীত একজন উডব্যাজধারী পর্যালোচক কর্তৃক অনুমোদন গ্রহণের পরই সেবা স্তরে উত্তীর্ণ হবে।

**কোনো কারণে স্তরভিত্তিক সর্বোচ্চ সময়সীমায় স্তর অতিক্রম করতে না পারলে, রোভার স্কাউট লিডারের মাধ্যমে জেলা রোভার স্কাউট লিডারের নিকট বর্ধিত সময়ের জন্য আবেদন করতে হবে।**

# সেবা স্তর

সময়কাল: ১২ থেকে ১৮ মাস

## বিশেষ জ্ঞান

০১. বিশ্ব স্কাউট সংস্থাভুক্ত যেকোনো দুইটি দেশের ইতিহাস, কৃষ্টি, ভাষা, যোগাযোগ, খাদ্য ইত্যাদি সম্পর্কে জ্ঞানার্জন।

০২. ডায়ালগ ফর পিস (Dialogue for Peace), প্যাটরিমনিটু স্কাউট ব্যাজ (Patrimonito Scout Badge), হি ফর সি একশন কীট (He For She Action Kit) সম্পর্কে ধারণা অর্জন।

০৩. সরকারের বিভিন্ন বিভাগ সম্পর্কে জ্ঞানার্জন: বর্তমান সংবিধান অনুযায়ী শাসন বিভাগ, আইন বিভাগ, বিচার বিভাগের গঠন, সাংগঠনিক কাঠামো ও কার্যাবলি সম্পর্কে জানা।

০৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর কার্যাবলি সম্পর্কে জ্ঞানার্জন।

০৫. বাংলাদেশে কাজ করে এমন অন্ততঃ ১টি আন্তর্জাতিক অরাজনৈতিক যুব সংস্থার কার্যাবলি সম্পর্কে জ্ঞানার্জন।

০৬. বাংলাদেশে জাতিসংঘের যে কোন ২টি শাখার কার্যাবলি সম্পর্কে বিস্তারিত জ্ঞানার্জন।

০৭. সার্কসহ অন্য যে কোন একটি আঞ্চলিক জোটের গঠন ও কার্যাবলি সম্পর্কে জ্ঞানার্জন।

## ব্যক্তিগত দক্ষতা

**০৮. ব্যবহারিক কাজ:**

ক) পাইওনিয়ারিং ও দড়ির কাজ:

১) ব্যাক স্প্লাইস, শর্ট স্প্লাইস ও আই স্প্লাইস বাঁধতে পারা ও তাদের ব্যবহার জানা।

২) কপিকল সম্পর্কে জানা ও ব্যবহার করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

৩) মাউজিং ও সিজিং দিতে পারা ও তাদের ব্যবহার জানা।

৪) কমপক্ষে (পূর্বের ২টি ব্যতীত) ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট তৈরি করতে পারা।

**খ) প্রাথমিক প্রতিবিধান:**

১) অগ্নিকান্ড, ভূমিকম্পসহ বিভিন্ন দুর্ঘটনায় আক্রান্ত মানুষদের উদ্ধার, বহন ও প্রাথমিক প্রতিবিধানের বিভিন্ন কলাকৌশল প্রদর্শন করতে পারা।

২) প্রেসার পয়েন্ট কী? বিভিন্ন প্রেসার পয়েন্টের অবস্থান নির্ণয় করে রক্তপাত বন্ধ করার কৌশল জানা।

**০৯. বিশ্ব বন্ধুত্ব কার্যক্রম চালু রাখা।**

**১০. তথ্যপ্রযুক্তি সম্পর্কে জ্ঞানার্জন:**

ক) Microsoft PowerPoint: এ কাজ করতে পারা।

খ) কম্পিউটারের সাধারণ ট্রাবলশুটিং সম্পর্কে জানা।

গ) তিনটি জনপ্রিয় অ্যাপস এর ব্যবহার জানা।

**১১. প্রোগ্রাম অনুযায়ী যেকোনো ১টি বিষয়ে দক্ষতা অর্জন ও কার্যক্রমে অংশগ্রহণ:**

মানসিক স্বাস্থ্য সুরক্ষা, ব্লাড ব্যাংক, চক্ষু শিবির, কুষ্ঠ নিয়ন্ত্রণ, বৈমানিক, সিম্যান্স, রেলওয়ে পাইলট।

****এয়ার রোভার স্কাউটদের জন্য বৈমানিক, নৌ রোভার স্কাউটদের জন্য সিম্যান্স এবং রেলওয়ে রোভার স্কাউটদের জন্য রেলওয়ে পাইলট বিষয়ে দক্ষতা অর্জন বাধ্যতামূলক।*


* *উল্লিখিত বিষয়গুলি ছাড়া অন্য কোন বিষয়ের প্রোগ্রাম জেলা, অঞ্চল ও জাতীয় সদর দফতরের অনুমতিক্রমে যুক্ত করা যাবে।*

দক্ষতা অর্জন (সেবা স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ
পরিশিষ্ট ৪ (পৃষ্ঠা ৭৪ থেকে ৭৬) দ্রষ্টব্য

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

**১২. "আর্নিং বাই লার্নিং" ব্যাজ অর্জনঃ**

এই ব্যাজ অর্জনের জন্য একজন রোভার নিম্নলিখিত শর্তসমুহ পূরণ করতে হবেঃ



আর্নিং বাই লার্নিং ব্যাজ

ক) "আর্নিং বাই লার্নিং" ব্যাজের জন্য (জ) ধারায় উল্লিখিত বিষয়গুলির মধ্যে থেকে একটি বিষয় নির্বাচন করতে হবে।

খ) নির্বাচনকৃত বিষয়টি ব্যক্তি জীবনে কী কী কাজে লাগবে তার উপর সংক্ষিপ্ত বিবরণসহ ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমতি নিতে হবে।

গ) কাজ শুরু করার পর থেকে অন্তত ৬ মাস নিষ্ঠার সাথে কাজ করতে হবে।

ঘ) কাজের অগ্রগতির বিষয়ে কোন বিশেষজ্ঞের সহায়তার প্রয়োজন হলে সহায়তা নেয়া যাবে। এ বিষয়ে কোন প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজন হলে প্রশিক্ষণ নিতে হবে। কাজ চলাকালীন সময়ে অন্তত পক্ষে ১ (এক) বার কাজের অগ্রগতি সম্পর্কে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারকে অবহিত করতে হবে।

ঙ) কাজ শেষ হওয়ার পরবর্তী এক মাসের মধ্যে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণ করতে হবে।

চ) "আর্নিং বাই লার্নিং" ব্যাজের বিষয়সমূহঃ কম্পিউটার, ফ্রিল্যান্সার, পোলট্রি /মৎস্য চাষ/ডেইরি ফার্ম, বিউটিশিয়ান, সেলাই ও ছাপার কাজ, পর্যটন কর্মী, ইন্টেরিয়র ডেকোরেশন, সেক্রেটারিয়েল সায়েন্স, আলোকচিত্র শিল্পী, ফিল্ম মেকিং, ক্যালিগ্রাফি, চারু ও কারু শিল্পী, সাংবাদিকতা, নার্সারি, উদ্যোক্তা, ভূমি জরিপকারী, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ও হাউজওয়ারিং, মোবাইল সার্ভিসিং ইত্যাদি।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

* উল্লেখিত বিষয়গুলি ছাড়া অন্য কোন বিষয়ের প্রোগ্রাম জেলা, অঞ্চল ও জাতীয় সদর দফতরের অনুমতিক্রমে যুক্ত করা যাবে।

****আর্নিং বাই লার্নিং ব্যাজের বিষয়গুলির বিশদ বিবরণ পরিশিষ্ট ৫ (পৃষ্ঠা ৭৭ থেকে ৯০) দ্রষ্টব্য

## ধর্মীয় কার্যাবলি

**১৩. ধর্মীয় কার্যাবলি ও মূল্যবোধঃ**

স্কাউট আইন ও প্রতিজ্ঞার দৃষ্টিকোণ থেকে ধর্মীয় অনুশাসনসমূহ মেনে চলা এবং অপরকে উদ্বুদ্ধ করা।

**ইসলাম ধর্মঃ**

- কবিরা ও সগিরা গুণাহ কী? এ থেকে বেঁচে থাকার উপায় কী? তওবা কী? তা কীভাবে করতে হয়?
- ইসলামে মাতা-পিতা, প্রতিবেশী ও বান্দার হক সম্পর্কে জানা।
- কবরের আজাব, জান্নাত ও জাহান্নাম সম্পর্কে জানা।
- কোরআন ও হাদিসের আলোকে সুদ বা রিবা সম্পর্কে ইসলামের বিধিনিষেধ জানা।
- নিজ ইউনিটের মাধ্যমে ইউনিট সদস্য ও পরিচিত ব্যক্তিদের নিকট থেকে যৌথভাবে যাকাত সংগ্রহ করা এবং তা শরিয়াহ মোতাবেক যৌথভাবে যাকাতভোগী ব্যক্তির নিকট পৌঁছে দেওয়া।
- ইসলাম ধর্মে বর্ণিত দৈনন্দিন বাধ্যতামূলক ইবাদতসমূহ নিয়মিত আদায় করা এবং কোরআন মাজীদ শুদ্ধভাবে অর্থসহ পড়ার চর্চা করা।
- পরকালের শাস্তি সম্পর্কিত ৫টি সহিহ হাদিস জানা এবং সুদ বা রিবা সম্পর্কে অন্তত ১টি হাদিস জানা।

**হিন্দু (সনাতন) ধর্মঃ**

- দেবদেবী ও পূজা সম্পর্কে জানা এবং পূজার তাৎপর্য ব্যাখ্যা করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

- ধর্মীয় আচার সমূহ নিয়মিত পালন করা, নিয়মিত গ্রন্থসমূহ পাঠ করা।
- পূজার আয়োজন করতে পারা এবং পুরোহিতের গুণাবলি সম্পর্কে জানা।
- যোগসাধনার গুরুত্ব ও উপকারিতা সম্পর্কে জানা।
- ধর্ম পথের ধারণা সম্পর্কে জানা এবং চর্চা করা।
- অধর্ম পথ ও নিষেধাজ্ঞা সম্পর্কে বিশদভাবে জানা ও অন্যদের জানানো।

**খ্রিস্ট ধর্ম:**

- খ্রিস্ট ধর্মের বিভিন্ন সাধু সন্ন্যাসী ও তাদের জীবনাদর্শ সম্পর্কে জানা ও অনুধাবন করতে পারা।
- ধর্মীয় প্রার্থনা চর্চা করা ও এর সামাজিক গুরুত্ব ব্যাখ্যা করতে পারা।
- ধর্মীয় উৎসবসমূহ সম্পর্কে জানা ও অংশগ্রহণ করা।
- সহিংসতা ও শান্তি কী তা জানা, সেবা ও শান্তি প্রতিষ্ঠার মাধ্যমে কীভাবে সমাজে শৃঙ্খলা ও পরিবর্তন আনা যায় তা ধর্মীয় দিক থেকে অনুধাবন করতে পারা।

**বৌদ্ধ ধর্ম:**

- বৌদ্ধ কর্মবাদ সম্পর্কে ধারণা ও প্রকারভেদ সম্পর্কে জানা এবং কর্মবাদের গুরুত্ব ব্যাখা করতে পারা।
- পবিত্র ত্রিপিটক এর শিক্ষা ব্যাখ্যা করতে পারা ও নিয়মিত পাঠ করা।
- দৈনন্দিন প্রার্থনা অনুশীলন ও চর্চা করা।
- নির্বানের ধারণা, প্রকারভেদ ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারা।
- জাতক ও সঙ্গীতি সম্পর্কে জানা।
- ব্যক্তিগত ও সামাজিক জীবনে বৌদ্ধের শিক্ষার প্রতিফলন ঘটাতে পারা।

## আন্দোলনে সেবা

১৪. নিজ ইউনিট ছাড়া অন্য একটি রোভার স্কাউট গ্রুপ এবং একটি কাব স্কাউট/স্কাউট গ্রুপ পরিদর্শন করে ইউনিট লিডার ও গ্রুপের সাথে সংশ্লিষ্ট অন্যদের সাথে সাক্ষাৎ করা ও দপ্তরে রক্ষিত তথ্যাবলি থেকে ঐ গ্রুপের কার্যাবলি সম্পর্কে জানা এবং একটি রিপোর্ট তৈরি করতে পারা এবং প্রস্তুতকৃত রিপোর্টটি উপস্থাপন করা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

১৫. জেলা/অঞ্চল/বাংলাদেশ স্কাউটস কর্তৃক অর্পিত কোন বিশেষ দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করা। যেমনঃ দাপ্তরিক কাজ, টাস্কফোর্স সদস্য হিসেবে কাজ, লাইব্রেরি সাপোর্ট, প্রশিক্ষণ কেন্দ্রে দায়িত্ব পালন, সমাবেশ, ক্যাম্পুরী, জাম্বুরী, মুট প্রস্তুতিতে দায়িত্ব পালন, কোন বিভাগে দাপ্তরিক কাজে সাপোর্ট দেওয়া প্রভৃতি। (জেলা রোভার স্কাউটসের অনুমোদনক্রমে নিজ অঞ্চল অথবা অন্য যেকোনো স্কাউট অঞ্চলেও দায়িত্ব পালন করা যেতে পারে।)

১৬. কাব স্কাউট অথবা স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করা।

১৭. সুযোগ থাকলে (ঐচ্ছিক হিসেবে) কাব স্কাউট অথবা স্কাউট ইউনিট লিডার স্কিল কোর্স সম্পন্ন করা।

**১৮. স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ অর্জন সম্পন্ন করাঃ**

প্রশিক্ষণ স্তরের কাজ চলমান রাখার জন্য অনুমোদনকৃত পূর্ববর্তী কাব স্কাউট বা স্কাউট দলে সহকারী ইউনিট লিডার হিসেবে কাজ অব্যাহত রাখাঃ

অ্যাডভান্সড কোর্সে সফলতার সাথে অংশগ্রহণ করার পর অন্তত পক্ষে আরও ৬ মাস নিম্নলিখিত কাজসমূহ করাঃ

ক) ইউনিটের জন্য ৬ মাসের একটি প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সাহায্য করা। (পূর্বের প্রোগ্রাম ব্যতীত)

খ) কাব স্কাউটদের চাঁদ ব্যাজ অথবা স্কাউটদের প্রোগ্রেস ব্যাজ পর্যন্ত দক্ষতার সাথে প্রশিক্ষণ দান।

গ) শাপলা কাব কিংবা প্রেসিডেন্ট'স স্কাউটস অ্যাওয়ার্ড আবেদনে ১ জন কাব স্কাউট বা স্কাউটকে সহায়তা করা।

ঘ) কাজ চলাকালীন সময়ে লগ বই সংরক্ষণ করতে হবে। কাজ সম্পন্ন করার পর লগ বইয়ে রোভার স্কাউট লিডারের অনুমোদন গ্রহণের মাধ্যমে ব্যাজ অর্জন সম্পন্ন হবে।

***(*** স্কাউট ইনস্ট্রাক্টর হিসেবে ৬ মাসের বেশি কাল কাজ বন্ধ রাখলে এই ব্যাজ পরিধান করা যাবে না। একজন রোভার স্কাউটকে প্রেসিডেন্ট'স রোভার স্কাউটস অ্যাওয়ার্ড মূল্যায়নে অংশগ্রণের সময়কাল পর্যন্ত সহকারী ইউনিট লিডার হিসেবে দলের সাথে সম্পৃক্ত থাকতে হবে।)***

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

## সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য

**১৯. সমাজ সেবা/সমাজ উন্নয়নঃ**

ক) পরিবেশ সংরক্ষণে জনসাধারণকে "সামাজিক বনায়নে" উদ্বুদ্ধকরণে প্রচার করা।

খ) সমাজ সেবা/সমাজ উন্নয়নমূলক কাজে ন্যূনতম ৪৮ ঘণ্টা (পূর্বেরটি ব্যতীত) অংশগ্রহণ করা। (টেকসই উন্নয়নকর্মী ব্যাজ ও মেসেঞ্জার অব পিস কার্যক্রমের ব্যয়িত সময়টুকু এখানে বিবেচনা করা যেতে পারে।)

**২০. স্বাস্থ্যঃ**

সমসাময়িক (পূর্বেরগুলো বাদে) ৩টি রোগের অথবা মহামারি রোগের কারণ, লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকারের উপায় সম্পর্কে জানা।

**২১. টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজ অর্জন**


এসডিজি ব্যাজ (তৃতীয় অংশ)

ক) জাতিসংঘ কর্তৃক প্রকাশিত এসডিজি বিষয়ক বার্ষিক প্রতিবেদন ও বাংলাদেশ সরকার কর্তৃক প্রকাশিত এসডিজি বিষয়ক বার্ষিক প্রতিবেদন অথবা Voluntary National Review (VNR) পাঠ করা।

খ) অভীষ্ট-৪ (গুণগত শিক্ষা)-এর উল্লিখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

গ) অভীষ্ট-৪ ও পূর্বের স্তরগুলোর বাস্তবায়িত অভীষ্টসমূহ ব্যতীত অন্য যেকোনো ১টি অভীষ্টের উল্লিখিত কর্মসূচি বাস্তবায়ন করে sdgs.scout.org-তে প্রজেক্ট আপলোড করা।

ঘ) বাস্তবায়িত দুটি অভীষ্ট ভিত্তিক কর্মসূচির প্রতিবেদন (প্রয়োজনীয় ছবি সহ) লগ বইতে লিপিবদ্ধ করে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদন নিতে হবে।

**** টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজের বিশদ বিবরণ পরিশিষ্ট ২ (পৃষ্ঠা ৫৮ থেকে ৬৭) দ্রষ্টব্য

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**সেবা স্তর সম্পন্ন করতে করণীয়:**

একজন রোভার স্কাউট সেবা স্তর শেষে লিপিবদ্ধকৃত লগ বই-এ উডব্যাজধারী রোভার স্কাউট লিডার অথবা জেলা রোভারের মনোনীত একজন উডব্যাজধারী পর্যালোচক কর্তৃক অনুমোদন গ্রহণের পরেই সেবা স্তরের কাজ সম্পন্ন হবে।

**কোনো কারণে স্তরভিত্তিক সর্বোচ্চ সময়সীমায় স্তর অতিক্রম করতে না পারলে, রোভার স্কাউট লিডারের মাধ্যমে জেলা রোভার স্কাউট লিডারের নিকট বর্ধিত সময়ের জন্য আবেদন করতে হবে।**

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড

প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য একজন রোভার স্কাউটকে নিম্নলিখিত কার্যক্রম সম্পাদন করতে হবে:

০১. রোভার সহচর স্তর থেকে সেবা স্তর পর্যন্ত সকল স্তর ও পারদর্শিতা ব্যাজভিত্তিক সমন্বিত একটি লগ বই ও মাই প্রোগ্রেস সুসম্পন্ন থাকতে হবে।

০২. বিষয়গুলোর উপর জেলা রোভার কর্তৃক মনোনীত একজন লিডার ট্রেনার/সহকারি লিডার ট্রেনার/উডব্যাজধারী লিডারের নিকট পর্যালোচনায় অবতীর্ণ হয়ে উত্তীর্ণ হতে হবে।

- জাতীয় সদর দফতর কর্তৃক সরবরাহকৃত ৪ সেট অ্যাওয়ার্ড সুপারিশ ফরম সংগ্রহ ও পূরণ করে লগ বই এবং মাই প্রোগ্রেস গ্রুপ কমিটির মূল্যায়নের জন্য জমা দিতে হবে, অতঃপর জেলা রোভার স্কাউটস, আঞ্চলিক স্কাউটস এবং জাতীয় সদর দফতরের চূড়ান্ত মূল্যায়নে অবতীর্ণ হতে হবে।
- উল্লিখিত পর্যায়গুলো সুসম্পন্ন করে সফলতা লাভ করলেই প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য সুপারিশকৃত হবে।
- প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড সনদে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চিফ স্কাউট, বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার এর স্বাক্ষর থাকবে। মহামান্য রাষ্ট্রপতি আনুষ্ঠানিকভাবে এই অ্যাওয়ার্ড বিতরণ করবেন।
- প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী রোভার স্কাউট/গার্ল-ইন-রোভার স্কাউট তার স্কাউট শার্ট/কামিজের কাঁধে অ্যাওয়ার্ড সম্বলিত শোল্ডার অ্যাপুলেট পড়বে।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# প্রশিক্ষণ ও রেকর্ড কার্যক্রম

## লগ বই

- একজন রোভার সহচর রোভার স্কাউট ইউনিটে যোগদানের প্রথম দিন থেকে থেকে তার সকল প্রকার স্তর ও ব্যাজভিত্তিক প্রোগ্রামের রেকর্ড লগ বইতে ধারাবাহিকভাবে সংরক্ষণ করবে।
- একজন রোভার স্কাউট যেন তার নিজ লগ বই তৈরিতে সৃজনশীলতার প্রকাশ ঘটাতে পারে, তাই এর নির্দিষ্ট কোন ফর্মেট নেই। তবে নিম্নবর্ণিত কিছু সর্বজনগ্রাহ্য সাধারণ নিয়মাবলি আছে:
- লগ বই যথাসম্ভব সংক্ষিপ্ত হতে হবে।
- লগ বই রোভার স্কাউট প্রোগ্রাম অনুযায়ী ধারাবাহিকভাবে লিখতে হবে।
- লগবই নিজ হাতে লিখাই শ্রেয়। তবে প্রয়োজনে সর্বোচ্চ ৪০% পর্যন্ত কম্পিউটার কম্পোজ হতে পারে।
- শুধু প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যক্রমের ছবি, সনদপত্রের অনুলিপি ইত্যাদি যুক্ত করতে হবে। এতে লগ বইয়ের মান বৃদ্ধি পাবে।
- সম্পূর্ণ লগ বই নিজে প্রণয়ন করতে হবে এবং 'স্কাউট মিতব্যয়ী' এই বিষয়টি বিবেচনায় রেখে লগবই লিখার কাজ সম্পন্ন করা।
- লগ বইয়ের এক দিকে লেখা যাবে, অপর পার্শ্বে কেবলমাত্র প্রাসঙ্গিক ছবি বা সনদের কপি সংযুক্ত করা যাবে।
- প্রতিটি স্তর ও ব্যাজের লগ বইয়ে রোভার স্কাউট লিডার ও অন্যান্য সংশ্লিষ্টদের মতামতসহ অনুমোদন গ্রহণের জন্য পর্যাপ্ত জায়গা রাখতে হবে।
- মাই প্রোগ্রেসের সাথে মিল রেখে লগ বই হালনাগাদ রাখতে হবে।
- রোভার স্কাউট লিডার এই লগ বই যাচাই করবেন এবং প্রয়োজনীয় মন্তব্যসহ স্বাক্ষর প্রদান করবেন।
- রোভার স্কাউট ইউনিট, জেলা রোভার স্কাউটস, আঞ্চলিক স্কাউটস ও জাতীয় সদর দফতরের বিভিন্ন মূল্যায়নে এই লগ বই ব্যক্তিগত রোভার স্কাউট কার্যক্রমের রেকর্ড হিসেবে বিবেচিত হবে।
- প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকালে একজন রোভার স্কাউটের লগ বই ইউনিট, জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটস এর মাধ্যমে জাতীয় সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# পরিশিষ্ট ১

## দক্ষতা অর্জন (সদস্য স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ

### হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর পালন

০১. আমাদের দেশের আবহাওয়া উপযোগী উন্নত জাতের হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর নির্বাচন করতে পারা।

০২. হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর পালন উপযোগী খামার/বাসা তৈরি করতে পারা।

০৩. হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর পালনের উপযোগী খাবার তৈরি করতে পারা।

০৪. বয়স অনুযায়ী হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর খাবারের পরিমাণ নির্ধারণ এবং উন্নতমানের খাবার তৈরি করতে পারা।

০৫. হাঁস/মুরগি/কোয়েল/টার্কি/কবুতর রোগ সনাক্ত করতে পারা। রোগের কারণসমূহ জানা এবং প্রাথমিক চিকিৎসা করতে পারা।

### মৎস্য চাষ

০১. পুকুর নির্বাচন, সংস্কার ও মাছ চাষের উপযোগী করে তৈরি করা এবং সার প্রয়োগ করতে পারা।

০২. মজুদ পুকুর তৈরি করতে পারা।

০৩. দ্রুত বর্ধনশীল ও অল্প সময়ে অধিক উৎপাদনশীল মাছের পোনা নির্বাচন করতে পারা।

০৪. মাছের খাবার নির্বাচন ও তৈরি করতে পারা।

০৫. মাছের বিভিন্ন প্রকার রোগ ও তার প্রতিষেধক সম্পর্কে জানা।

০৬. মাছের খামারের পরিচর্যা করতে পারা।

০৭. মাছ ধরার কৌশল ও প্রয়োজনীয় সতর্কতা সম্পর্কে জানা।

### অফিস ব্যবস্থাপনা

০১. সভা আহবান, সভা পরিচালনা এবং সভার কার্যাবলী লিপিবদ্ধ করতে পারা।

০২. দাপ্তরিক চিঠি ও সার্কুলার (প্রজ্ঞাপন) লিখতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৩. দাপ্তরিক চিঠি ও সার্কুলার (প্রজ্ঞাপন) ইংরেজি বা বাংলায় কম্পোজ ও সম্পাদনা করতে পারা।
০৪. নিজ ইউনিটের ফাইল ও রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে পারা।
০৫. ফাইল নোট লেখার কৌশল জানা।
০৬. ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারা এবং হিসাব পরিচালনা করতে পারা।

উন্নত চুলা

০১. উন্নত চুলা কী? এর প্রয়োজনীয়তা সম্পর্কে জানা।
০২. বিভিন্ন প্রকার দেশীয় এবং উন্নত চুলার নাম বলতে পারা।
০৩. উন্নত চুলা তৈরির উপকরণ সম্পর্কে জানা এবং ক্ষেত্র অনুযায়ী সঠিক মডেল নির্বাচন করতে পারা।
০৪. উন্নত চুলার বিভিন্ন অংশের নাম ও প্রয়োজনীয়তা সম্পর্কে জানা।
০৫. উন্নত চুলা তৈরি ও রক্ষণাবেক্ষণ পদ্ধতি জানা।
০৬. দেশীয় চুলা ও উন্নত চুলার তুলনামূলক সুবিধা ও অসুবিধা সম্পর্কে জানা।
০৭. উন্নত চুলা ব্যবহারজনিত ও স্বাস্থ্যগত সুবিধা সম্পর্কে জানা।

সেলাই কাজ

০১. বিভিন্ন স্টিচের নাম এবং পার্থক্য জানা। যেমন: টেনন স্টিচ, হেম স্টিচ, ভরাট, কাশ্মেরি ভরাট, কাঁথা স্টিচ ইত্যাদি।
০২. বিভিন্ন ধরণের কাটিং সম্পর্কে জানা।
০৩. প্যান্ট/শার্ট/সালোয়ার কামিজ ইত্যাদি যেকোনো ধরনের কাপড়ের ছোট ছিদ্র সুন্দরভাবে রিপু করতে জানা।
০৪. বিভিন্ন ধরণের সেলাই মেশিন সম্পর্কে জানা এবং এর সাধারণ ট্রাবল শুটিং করতে পারা।

ফটোগ্রাফি/ আলোকচিত্র শিল্পী

০১. ক্যামেরা সম্পর্কে জানা। যেমন: ক্যামেরা আবিষ্কারের ইতিহাস, ক্যামেরার প্রকারভেদ, ক্যামেরার লেন্স, Digital Single-Lens Reflex (DSLR) ক্যামেরার ফাংশন ইত্যাদি।
০২. ছবি তোলার বিভিন্ন কৌশল সম্পর্কে জানা।
০৩. ছবি এডিট করার বিভিন্ন কৌশল সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**দোভাষী**

০১. বাংলা ভাষা ছাড়া অন্য যেকোনো ভাষায় ন্যূনতম ৩০ মিনিট অন্য ভাষাভাষী লোকের সাথে সাবলীলভাবে কথাবার্তা চালিয়ে যেতে পারা।

০২. বাংলা ভাষা ছাড়া অন্য কোনো ভাষায় লিখিত যেকোনো পত্রিকা হতে মূল্যায়নকারী কর্তৃক নির্ধারিত অনুচ্ছেদ পরিষ্কার ও শুদ্ধ করে পড়তে পারা ও মাতৃভাষায় অনুবাদ করতে পারা।

০৩. যেকোনো আনুষ্ঠানিক কার্যক্রমে দোভাষী হিসাবে ব্যবহারিক অংশগ্রহণ।

**মোটরযান**

০১. উল্লেখিত সংকেতসমূহ সম্পর্কে জানা। ট্রাফিক পুলিশ সংকেত, আলোর সংকেত, বাহুর সংকেত, নিষেধমূলক সংকেত, স্ট্যান্ডার্ড বোর্ড সংকেত।

০২. মোটরযান আইনগুলো সম্পর্কে জানা।

০৩. ব্যাটারি, রেডিয়েটর, ইঞ্জিন অয়েল, ব্রেক অয়েল ও উনপার এর কাজ সম্পর্কে জানা।

০৪. ডিপার লাইট জ্বালানোর কারণ সম্পর্কে জানা।

০৫. গাড়ি চালানোর বয়সসীমা বলতে পারা।

০৬. জাতীয় গতিসীমা বলতে পারা।

০৭. গরম ইঞ্জিন এ পানি দিলে কি ক্ষতি হয়? হেড লাইটে কালো রং কেন ব্যবহার করা হয়?

০৯. গাড়ি হতে কালো ধোঁয়া নির্গত হওয়ার কারণ কী কী?

**অ্যামেচার রেডিও**

০১. অ্যামেচার রেডিও সম্পর্কে জানা।

০২. মোর্স কোড এবং কিউ কোড সম্পর্কে জানা।

০৩. ইন্টারন্যাশনাল ফোনেটিক সম্পর্কে জানা।

০৪. বেসিক ইলেকট্রনিক্স সম্পর্কে জানা।

০৫. অ্যামেচার রেডিও ব্যবহারের নিয়মাবলি জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৬. কোনো প্রোগ্রামে অ্যামেচার রেডিওতে অন্তত একবার কথা বলা।

০৭. বিটিআরসি হতে অ্যামেচার রেডিও অপারেটর লাইসেন্স প্রাপ্তির প্রক্রিয়া সম্পর্কে জানা।

**কৃষিকর্মী**

০১. বিভিন্ন কৃষি যন্ত্রপাতির নাম এবং তাদের ব্যবহার সম্পর্কে জানা।

০২. আমাদের প্রধান প্রধান অর্থকরী ফসল ও খাদ্য শস্যগুলি সম্পর্কে জানা।

০৩. কোন মাটিতে কোন ফসল ভাল হয় তা জানা।

০৪. ফলদ ও বনজ মোট ১০টি বৃক্ষের পরিচিতি সম্পর্কে জানা।

০৫. আধুনিক সেচ পদ্ধতির গুরুত্ব সম্পর্কে জানা।

০৬. ফসল নিড়ানো, কাটা এবং মাড়াই করার পদ্ধতি সম্পর্কে জানা।

০৭. ফসলের রোগ বালাই প্রতিরোধ করার উপায় সম্পর্কে জানা।

**মৌমাছি চাষ**

০১. বিভিন্ন প্রজাতির মৌমাছির নাম ও জীবন পদ্ধতি সম্পর্কে জানা।

০২. মৌমাছি চাষের কাজে ব্যবহৃত যন্ত্রপাতির নাম ও ব্যবহার জানা।

০৩. মৌমাছি চাষ পদ্ধতি সম্পর্কে জানা।

০৪. মৌচাক থেকে মধু সংগ্রহের কৌশল জানা ও মধু সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে জানা।

০৫. মৌমাছির শত্রু চিহ্নিত করে তা ধ্বংস করার উপায় সম্পর্কে জানা।

০৬. মৌমাছির খাদ্য উপাদান সম্পর্কে জানা ও খাদ্য যোগানের উৎস সম্পর্কে জানা।

**মাশরুম চাষ**

০১. মাশরুম কী ও বিভিন্ন জাতের মাশরুম সম্পর্কে জানা।

০২. মাশরুম চাষের সুবিধাজনক দিক সম্পর্কে জানা।

০৩. মাশরুম চাষ পদ্ধতি জানা ও চাষ ঘর প্রস্তুত করতে পারা।

০৪. মাশরুমের রোগ ও ক্ষতিকর কীটপতঙ্গ সম্পর্কে জানা।

০৫. মাশরুম সংরক্ষণ ও বাজারজাতকরণ পদ্ধতি জানা ।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

**সয়েল টেস্ট**

০১. ভবন নির্মাণের ক্ষেত্রে মাটি পরীক্ষার প্রয়োজনীয়তা/গুরুত্ব/অপরিহার্যতা সম্পর্কে জ্ঞান অর্জন।

০২. মাঠ পর্যায়ে ও ল্যাবরেটরি পর্যায়ে মাটি পরীক্ষা সম্পর্কে জ্ঞান অর্জন।

০৩. ফিল্ড টেস্টের মাধ্যমে কোন ভবন নির্মাণে প্রস্তাবিত ভবনের ফাউন্ডেশন সিলেকশন সম্পর্কিত দিক নির্দেশনা সম্পর্কে জ্ঞান অর্জন।

**ক্ষেতের পাওয়ার পাম্প ঠিক করা**

০১. বিভিন্ন ধরনের পাওয়ার পাম্প চিনতে পারা।

০২. স্যালো ও ডিপ টিউবওয়েলের বিভিন্ন যন্ত্রাংশ সম্পর্কে জানা, খুলে লাগাতে পারা এবং মেশিন স্টার্ট দিতে পারা।

০৩. মেশিনের ত্রুটি সনাক্ত করতে পারা এবং ছোটখাটো ত্রুটি মেরামত করতে পারা।

**বায়োগ্যাস প্ল্যান্ট:**

০১. বায়োগ্যাস কী এবং কেন ?

০২. বাংলাদেশে বায়োগ্যাসের সম্ভাবনা সম্পর্কে জানা।

০৩. বায়োগ্যাসের বিভিন্ন মডেল সম্পর্কে জানা এবং সঠিক মডেল নির্বাচন করতে পারা।

০৪. বায়োগ্যাস প্ল্যান্ট তৈরির জন্য প্রয়োজনীয় উপকরণ সম্পর্কে জানা এবং স্থান নির্বাচন করতে পারা।

০৫. স্থিরডোম বায়োগ্যাস প্ল্যান্টের বিভিন্ন অংশের নাম এবং কোন অংশের কী কাজ বলতে পারা।

০৬. বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ এবং চালু করার নিয়মাবলি জানা।

০৭. বায়োগ্যাস প্ল্যান্টের রক্ষণাবেক্ষণ ও গ্যাস সরবরাহের নিয়মাবলি জানা

০৮. বায়োগ্যাসের এবং বায়োগ্যাস রেসিডিউ এর ব্যবহার সম্পর্কে জানা।

০৯. বায়োগ্যাসের তুলনামুলক সুবিধা এবং অসুবিধা সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

অ্যাকুরিয়ামে মাছ চাষ

০১. একটি অ্যাকুরিয়াম মাছ চাষের উপযোগী করে সাজাতে পারা। যেমন: ছোট ছোট পাথর, এয়ার পাম্প, পাইপ, এয়ার ফিল্টার, জলজ উদ্ভিদ ইত্যাদি দিয়ে সাজানো।

০২. অ্যাকুরিয়ামে পানির পরিমাণ ও পানি পরিবর্তন সম্পর্কে জানা।

০৩. অ্যাকুরিয়ামে লাইটের ব্যবহার জানা।

০৪. অ্যাকুরিয়ামে চাষ উপযোগী ১০টি ভিন্ন জাতের মাছের নাম জানা।

০৫. মাছের খাবার সম্পর্কে জানা।

০৬. মাছের বিভিন্ন রোগ সম্পর্কে জানা ও প্রতিরোধের উপায় জানা।

অ্যারো পাইওনিয়ার

০১. এভিয়েশনের ইতিহাস সম্পর্কে জ্ঞান অর্জন।

০২. বিমান সম্পর্কিত সাধারণ তথ্যাবলি জানা।

০৩. বিমানের প্রকারভেদ সম্পর্কে জানা।

০৪. বিভিন্ন প্রকার বিমান চিনতে ও পার্থক্য করতে পারা।

০৫. বিভিন্ন ধরনের সামরিক ও বেসামরিক বিমানের চিহ্ন দেখে দেশের নাম সঠিক বলতে পারা (কমপক্ষে ১৫টি দেশের) এবং স্ক্রাপবুক সংরক্ষণ করা।

০৬. বাংলাদেশ বিমান বাহিনীর সংগঠন সম্পর্কে জানা।

০৭. বাংলাদেশ বিমান বাহিনীর বিমানসমূহ সম্পর্কে জানা এবং সঠিকভাবে চিহ্নিত করতে পারা।

০৮. বিভিন্ন ধরনের (অন্তত ৩টি) বিমানের (সামরিক ও বেসামরিক) ছবি সঠিকভাবে আঁকতে পারা

নৌবাহিনী সংগঠন

০১. নৌবাহিনীর ইতিহাস সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০২. বাংলাদেশ নৌবাহিনীর ইতিহাস সম্পর্কে জানা।

০৩. বাংলাদেশ নৌ বাহিনীর ভূমিকা সম্পর্কে জানা।

০৪. বাংলাদেশ নৌবাহিনীর সাংগঠনিক কাঠামো ও সংক্ষিপ্ত কার্যাবলি সম্পর্কে জানা।

০৫. নৌবাহিনী ও কোস্ট গার্ড এর কাজের ধারা সম্পর্কে জানা।

০৬. সশস্ত্র বাহিনীর তুলনামূলক র‍্যাংক সম্পর্কে জানা।

০৭. নৌবাহিনীর সাথে নৌ স্কাউটিংয়ের সম্পর্ক সম্পর্কে জানা এবং নৌ স্কাউটিংয়ের ইতিহাস সম্পর্কে জানা।

**রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল**

০১. রেলওয়ের বিভিন্ন বৈদ্যুতিক ও হস্তচালিত সিগন্যাল সম্পর্কে জানা।

০২. সিগন্যাল দিয়ে ট্রেন থামাতে পারা।

০৩. রিলিফ ট্রেনের কাজ ও প্রয়োজনীয়তা সম্পর্কে জানা।

০৪. বাংলাদেশের রেল ইতিহাস সম্পর্কে জানা।

০৫. অন্যূন ৩ দিন রেল স্টেশনে সেবা প্রদান।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# পরিশিষ্ট ২

## টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজ



এসডিজি ব্যাজ

**ধরণ:** রোভার স্কাউট পারদর্শিতা ব্যাজ

**ব্যাজের কাজ শুরু:** সদস্য স্তর

**ব্যাজের কাজ সমাপ্ত:** সেবা স্তর

**ব্যাজের কাজ শুরুর অনুমতি:** ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডার

**লগ বই ও ব্যাজ অনুমোদন:** ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডার

**সাধারণ নির্দেশনা:**

ক) এই ব্যাজটি তিনটি অংশে বিভক্ত। যথা:

- **১ম অংশ:** সদস্য স্তরে এসডিজি ব্যাজের নির্ধারিত প্রোগ্রাম সম্পন্ন করে ব্যাজটির ১ম অংশ অর্জন করতে হবে;
- **২য় অংশ:** প্রশিক্ষণ স্তরে এসডিজি ব্যাজের নির্ধারিত প্রোগ্রাম সম্পন্ন করে ব্যাজটির ২য় অংশ অর্জন করতে হবে;
- **৩য় অংশ:** সেবা স্তরে এসডিজি ব্যাজের নির্ধারিত প্রোগ্রাম সম্পন্ন করে ব্যাজটির ৩য় অংশ অর্জন করতে হবে।

সেবা স্তরে ব্যাজটির ৩য় অংশ অর্জনের পর, মোট তিনটি অংশ মিলে একটি পূর্ণাঙ্গ ব্যাজ ধারণ করবে।

খ) সদস্য স্তরে উঠার পর এই ব্যাজের কাজ শুরুর জন্য বিস্তারিত পরিকল্পনা সহ ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডার বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে। রোভার স্কাউট লিডার পরবর্তীতে জেলা রোভার লিডারকে এ বিষয়ে অবহিত করবেন।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

গ) সদস্য স্তরে কাজ শুরু করে সেবা স্তর পর্যন্ত ন্যূনতম ২৪ মাস নিষ্ঠার সাথে কাজ করে ব্যাজটির ৩টি অংশ অর্জন করতে হবে।

ঘ) প্রতিটি স্তরের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করে তার একটি রিপোর্ট লগ বইয়ে লিপিবদ্ধ করতে হবে এবং লিপিবদ্ধকৃত লগ বইয়ে রোভার স্কাউট লিডারের অনুমোদন নিয়ে এসডিজি ব্যাজের স্তরভিত্তিক নির্ধারিত অংশটি অর্জন করতে হবে। প্রতি স্তরের কাজ শেষ হওয়ার পর লগ বই লিপিবদ্ধ সম্পন্ন করে তাতে এক মাসের মধ্যে ক্রু কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করে কাজের নির্ধারিত অংশ সম্পন্ন করতে হবে।

ঙ) প্রতিটি স্তরে অভীষ্ট ভিত্তিক কর্মসূচি (প্রজেক্ট) বাস্তবায়ন ও মূল্যায়ন সম্পন্ন হবার পর ঐ কর্মসূচি (প্রজেক্ট) চলমান রাখার জন্য প্রয়োজনীয় দিকনির্দেশনা সহ পরবর্তী রোভারদের নিকট হস্তান্তর করা যাবে। এক্ষেত্রে পরবর্তী রোভাররা সংশোধিত/পরিমার্জিত পরিকল্পনা অনুমোদন করিয়ে পূর্বের প্রকল্পটি চলমান রাখবে।

চ) কাজ চলাকালীন সময়ে অন্ততপক্ষে ০২ (দুই) বার কাজের অগ্রগতি সম্পর্কে রোভার স্কাউট লিডারের মাধ্যমে জেলা রোভার স্কাউট লিডার/তাঁর নিযুক্ত প্রতিনিধিকে অবহিত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বহিঃপরিদর্শক কর্তৃক কাজের অগ্রগতি পরিদর্শন করাতে হবে।

ছ) কাজের অগ্রগতির বিষয়ে কোন প্রশিক্ষণ/বিশেষজ্ঞের সহায়তা প্রয়োজন হলে নেওয়া যাবে।

জ) sdgs.scout.org-তে অভীষ্ট ভিত্তিক করণীয় কাজ (To-Do List) গুলির বিস্তারিত নিম্নে দেয়া হলো। sdgs.scout.org-এ সার্ভিস আওয়ার-এ রিপোর্ট আপলোড করতে হবে। পরবর্তী সময়ে যদি নিম্নে উল্লেখিত করণীয় কাজগুলি (To-Do List) বিশ্ব স্কাউট সংস্থা কর্তৃক কোন ধরণের পরিবর্তন-পরিমার্জন-সংযোজন-বিয়োজন করে, তাহলে হালনাগাদ করণীয় কাজগুলি (Up-To-Date To-Do List) নিয়ে কাজ করতে হবে।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

## অভীষ্ট ভিত্তিক কর্মসূচি (Details of the Goals)




**অভীষ্ট-১: দারিদ্র্য বিলোপ**

১. উপদলের সদস্যদের সাথে দারিদ্র্য কী এবং দারিদ্র্য বিমোচনের জন্য করণীয় বিষয়সমূহ সম্পর্কে আলোচনা করা।
২. নিজেদের মধ্যে দরিদ্রতা সম্পর্কে উপলব্ধি আনতে উপদলের সদস্যদের নিয়ে একরাত দরিদ্রদের সাথে রাত্রিযাপন করা।
৩. দরিদ্রতার প্রেক্ষাপট ও সেটি থেকে উত্তরণের উপায় সম্পর্কে একটি নিবন্ধ লিখে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা।
৪. দারিদ্র্য বিমোচনের জন্য ন্যূনতম দুইটি পদক্ষেপ নিরূপণ করে সেগুলি স্থানীয় পর্যায়ে বাস্তবায়নে ভূমিকা রাখা।




**অভীষ্ট-২: ক্ষুধা মুক্তি**

১. নিজের জন্য সবচেয়ে কম খরচে একদিনের খাবার ক্রয় করা।
২. দুই সপ্তাহের জন্য কোন খাদ্য অপচয় না করার চ্যালেঞ্জ গ্রহণ করা।
৩. কম প্রচলিত কিন্তু স্বাস্থ্যকর উপাদানে ভরপুর ফল ও সবজি ক্রয় করা।
৪. তৃণমূল পর্যায়ের বাজার থেকে সতেজ খাদ্য সামগ্রী ক্রয় করে স্থানীয় কৃষক ও ব্যবসায়ীদের সহায়তা করা।
৫. খাদ্যের অপচয় রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে ভূমিকা রাখা।




**অভীষ্ট-৩: সুস্বাস্থ্য ও কল্যাণ**

১. নিজ ইউনিটের সদস্যদের নিয়ে রক্তদান ক্যাম্পেইন শুরু করা ও স্থানীয় কোন ব্লাড ব্যাংক-কে সহায়তা করা।
২. নিজ ইউনিটের সদস্যদের নিয়ে স্থানীয় কোন হাসপাতাল পরিদর্শন করা এবং সমসাময়িক স্বাস্থ্য সমস্যা সম্পর্কে জানা।
৩. প্রতিদিন কমপক্ষে ৩০ মিনিট হাঁটার অভ্যাস করা।
৪. ক্রু-মিটিংয়ে মাদকদ্রব্যের কুফলের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করা।
৫. স্থানীয় কোন হাসপাতালের নিত্যদিনের কার্যক্রমে সহযোগিতা করা।
৬. আপদকালীন সময়ে দুর্গত মানুষের নিকট ঔষধ পৌঁছে দেয়ার জন্য অর্থ সংগ্রহ কার্যক্রম পরিচালনা করা।


Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group




**অভীষ্ট-৪:**
**গুণগত শিক্ষা**

১. নিজ ইউনিটের সদস্যদের নিয়ে পুরাতন বই সংগ্রহ করা এবং সেগুলো দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বিতরণ করা।
২. স্থানীয় কোনো প্রতিষ্ঠানে কমপক্ষে ৩০ ঘন্টা শিক্ষা দান।
৩. কিন্ডারগার্টেন/প্রাইমারি স্কুল পরিদর্শন করে শিশুদের সাথে নিজের স্কাউটিং অভিজ্ঞতা শেয়ার করে উদ্বুদ্ধ করা।
৪. কমপক্ষে ১০ ঘন্টা ব্যয় করে নতুন কোনো বিষয় (যেমনঃ কোন বিদেশি ভাষা) শেখা।
৫. এসডিজির গুরুত্ব সম্পর্কে বন্ধু মহলে আলোচনা করা।

স্কাউট ও এসডিজি সম্পর্কিত একটি ভিডিও তৈরি করে সামাজিক যোগাযোগ মাধ্যমে #Scouts4SDGs হ্যাশটেগ দিয়ে প্রচার করা।




**অভীষ্ট-৫:**
**জেন্ডার সমতা**


১. বাল্যবিবাহ দূরীকরণে সামাজিক সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহণ করা। অভিভাবক ও শিশুদের বাল্যবিবাহ রোধের ব্যাপারে সচেতন করে তোলা।
২. HeForShe action kit এর কর্মসূচি বাস্তবায়ন করার মাধ্যমে নিজেকে স্কাউটিংয়ে জেন্ডার সমতার প্রতিনিধি হিসেবে প্রতিষ্ঠিত করা।
৩. প্রাত্যহিক জীবনে Gender Stereotype সম্পর্কে সচেতন থাকা। একটি ক্রু মিটিংয়ে এমন কিছু কার্যক্রম বাস্তবায়ন করতে হবে যাতে উভয় লিঙ্গের রোভাররা অংশগ্রহণ করতে পারে।
৪. নিজের স্কাউট গ্রুপ ও জাতীয় নির্বাহী কমিটিতে নারী-পুরুষের অনুপাত নিরূপণ করা ও সেটি নিয়ে গ্রুপের সদস্যদের সাথে আলোচনা করা।
৫. পারিবারিক নির্যাতনে নিপীড়িতদের সহায়তা করা এবং নারী নির্যাতন ও হয়রানির বিরুদ্ধে সোচ্চার হওয়া।




**অভীষ্ট-৬:**
**নিরাপদ পানি ও স্যানিটেশন**

১. প্রতি ফোঁটা পানির সদব্যবহার নিশ্চিত করা। নিয়মিত পানির কল পরীক্ষা করে কোন ত্রুটি থাকলে তা সারিয়ে ফেলা।
২. স্থানীয় পানি সরবরাহ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা। নিজ ইউনিটের সদস্যদের নিয়ে জলাধার পরিষ্কার করা।
৩. হাত ধোয়ার গুরুত্ব সম্পর্কে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণিকক্ষ, টয়লেট, ক্যান্টিন ও স্কাউট ডেনে পোস্টার প্রদর্শনের মাধ্যমে শিশু-কিশোরদের সচেতন করা।
৪. প্রাত্যহিক জীবনে পানির ব্যবহার সীমিত করা। প্রতিদিন আগের দিনের তুলনায় কতটুকু পানি কম ব্যবহার করলে সেটির হিসাব করতে পারা ও বন্ধুদের মধ্যে এ নিয়ে প্রতিযোগিতা করা।
৫. নিজস্ব ব্যবস্থাপনায় পানির ফিল্টার তৈরি করতে পারা ও নিজ উপদলের সদস্যদের সেটি শেখানো।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group





**অভীষ্ট-৭: সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানি**

১. বিদ্যুৎ সাশ্রয় অথবা শতভাগ নবায়নযোগ্য জ্বালানি উৎস ব্যবহারের লক্ষ্য নিয়ে আপনার দলের পরবর্তী তাঁবুবাসের আয়োজন করুন। তাঁবুবাসে অংশগ্রহণকারীদেরকে বাসায় বিদ্যুৎ সাশ্রয়ের ব্যাপারে সচেতন করুন।

২. আপনার বাসার বিদ্যুৎ বিলের হিসাব রাখুন এবং বিদ্যুৎ অপচয় কমানোর মাধ্যমে বিদ্যুৎ বিল কমাতে সচেষ্ট হোন।

৩. সাশ্রয়ী ও দূষণমুক্ত জ্বালানির ব্যাপারে আপনার সমাজে একজন রোল মডেল হোন এবং স্থানীয় সরকারকে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারে অঙ্গীকারবদ্ধ হতে আহবান জানান।

৪. একবার ব্যবহারযোগ্য ব্যাটারি বর্জন করে শুধুমাত্র রিচার্জেবল বৈদ্যুতিক যন্ত্রপাতি এবং সৌর বিদ্যুৎ চালিত ব্যাটারি ব্যবহার করুন।




**অভীষ্ট-৮ শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি**

১. স্থানীয় উৎপাদনকারী এবং ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান হতে জিনিসপত্র ক্রয়ের মাধ্যমে স্থানীয় অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করুন।

২. ক্রু মিটিং এ নিজ চাকুরি নিয়ে কথা বলতে একজন বক্তাকে আমন্ত্রণ জানান।

৩. আপনার পছন্দের ব্র্যান্ড সমূহ নিয়ে গবেষণা করুন এবং তন্মধ্যে যেগুলো ভালো শ্রম নীতি মেনে চলে শুধুমাত্র সেগুলোর পণ্য কিনুন।

৪. আধুনিক দাসত্ব, জোরপূর্বক শ্রম ও মানব পাচার নির্মূলের উদ্দেশ্যে একটি ক্যাম্পেইনে সহায়তা করুন।




**অভীষ্ট-৯: শিল্প, উদ্ভাবন ও অবকাঠামো**

১. আপনার এলাকায় মোবাইল সিগন্যাল কেমন তা অনুসন্ধান করে আপনার গ্রুপে উপস্থাপন করুন। ১টি উন্নত, ১টি উন্নয়নশীল ও ১টি স্বল্পোন্নত দেশ তালিকাভুক্ত করুন এবং দেশ ভিত্তিক মোবাইল সেবার পরিধির উপর নির্ভর তাদের সার্বিক অবস্থার তুলনা করুন।

২. বিদ্যুৎ এবং বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার ব্যতীত একটি দিন অতিবাহিত করার চেষ্টা করুন।

৩. জীবাশ্ম জ্বালানির ব্যবহার মুক্ত একটি বিশ্বের ছবি আঁকুন এবং এটি আপনার গ্রুপের সামনে উপস্থাপন করে ব্যাখ্যা করুন।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

৪. জোটা-জোটিতে অংশ নিয়ে অন্য স্কাউটদের সাথে আলোচনা করে জানুন যে তারা তাদের দেশে কোন প্রযুক্তির মাধ্যমে তথ্যভান্ডার ব্যবহার করে।

৫. আপনার স্কাউট গ্রুপের দুটি টিমের জন্য Scavenger Hunt নামক খেলার আয়োজন করুন যেখানে একটি দল মোবাইল ফোন ব্যবহার করতে পারবে এবং অপরটি পারবে না। খেলা শেষে প্রতিটি টিমকে অভিজ্ঞতা শেয়ার করতে বলুন।




**অভীষ্ট-১০: অসমতা হ্রাস**

১. "অসমতা কীভাবে একজন ব্যক্তির সুখের উপর প্রভাব ফেলে"- এ ব্যাপারে সামাজিক যোগাযোগ মাধ্যমে আলোচনা শুরু করুন। এটি একটি ছবি, ভিডিও অথবা ব্লগ পোস্টের মাধ্যমে হতে পারে।


২. এই বিশ্বায়িত ধরণীতে, আমাদের সমাজসমূহকে আরো অন্তর্ভুক্তিমূলক করতে আমাদের সকলকে ভিন্ন ভিন্ন সংস্কৃতিকে বুঝতে হবে। সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে ৩টি ভিন্ন দেশের স্কাউটদের সাথে যোগাযোগ স্থাপন করুন এবং তাদের সংস্কৃতি সম্পর্কে জানুন।

৩. সমাজে প্রচলিত বাঁধাধরা নেতিবাচক ধারণাগুলোর উপর নির্ভরশীল চিন্তাভাবনা এবং কাজ বন্ধ করার জন্য একটি আলোচনার আয়োজন করুন।

৪. বিভিন্ন ধর্ম, সংস্কৃতি এবং ঐতিহ্য সম্পর্কে জানাতে আপনার দলের জন্য একটি আন্তর্জাতিক সন্ধ্যা আয়োজন করুন।

৫. সংখ্যালঘু আশ্রয়স্থল ও অনাথাশ্রম পরিদর্শন করুন।

৬. আপনার স্কাউট দলে অভিবাসী এবং আশ্রয়প্রার্থীদের স্বাগতম জানান এবং তাদের সাথে একটি স্কাউট কর্মকান্ড পরিকল্পনা করুন।




**অভীষ্ট-১১: টেকসই নগর ও জনপদ**

১. খেলাধুলা বা সামাজিক জমায়েতের জন্য নিরাপদ পাবলিক স্পেস তৈরি করতে আপনার স্কাউট গ্রুপের সাথে একটি প্রকল্প শুরু করুন।


২. গাড়ি ছেড়ে দিন! পুরো এক সপ্তাহের জন্য হাঁটুন, বাই সাইকেল চালান অথবা গণপরিবহনে চড়ুন এবং এ থেকে লব্ধ অভিজ্ঞতা স্কাউট গ্রুপের সাথে শেয়ার করুন।

৩. আপনার মহল্লা ঘুরে দেখুন এবং কোন অংশ শিশু, বয়োজ্যেষ্ঠ ও প্রতিবন্ধীদের জন্য সুগম নয় তা লিপিবদ্ধ করুন। আপনার মহল্লাকে আরও অন্তর্ভুক্তিমূলক করতে প্রতিবেশীদের নিয়ে একটি দল গঠন করুন।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

৪. আপনার স্কাউট গ্রুপকে নিয়ে আপনার মহল্লায় একটি পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করুন যাতে আপনার সমাজ নিরাপদ ও পরিস্কার থাকে।

৫. আপনার আশপাশে কিছু ছোট খালি জায়গা সনাক্ত করে গাছপালা রোপণ করুন।




**অভীষ্ট-১২: পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন**

১. একবার ব্যবহারযোগ্য সকল প্লাস্টিকের পণ্য বর্জন করুন।

২. নিজেকে চ্যালেঞ্জ করুন যে আপনি পুরো একটি সপ্তাহ কোন বর্জ্য উৎপাদন করবেন না। যথা: কোন প্যাকেজিং/প্লাস্টিক ব্যাগ/পেপার মোড়ক ব্যবহার না করা।


৩. স্থানীয় জিনিস ক্রয় করুন, স্থানীয় খাবার খান এবং স্থানীয় পানীয় পান করুন।

৪. বেঁচে যাওয়া খাবার অপচয় না করে কোন ফুড শেয়ারিং অ্যাপের মাধ্যমে দান করুন।

৫. আপনার পছন্দের বহিরাঙ্গনের কার্যক্রমের জিনিসের ব্র্যান্ড সম্পর্কে গবেষণা করুন এবং সামাজিকভাবে দায়বদ্ধ ব্র্যান্ড এর ক্যাম্পিং উপকরণ কিনুন।

৬. আপনার স্কাউট ক্যাম্পের Ecological Footprint সম্পর্কে জানুন এবং এটি উন্নত করার জন্য অঙ্গীকারবদ্ধ হোন।

৭. পরবর্তী বার নতুন কাপড় ক্রয়ের বদলে ব্যবহৃত কাপড় ক্রয় করুন।




**অভীষ্ট-১৩: জলবায়ু কার্যক্রম**

**জলবায়ু পরিবর্তন:**

১. জৈবসার সম্পর্কে জানা। নিজ বাড়িতে জৈব সার প্রস্তুতের জন্য বিন স্থাপন করা।

২. মাংস প্রক্রিয়াজাতকরণ শিল্প পরিবেশের উপর যে নেতিবাচক প্রভাব ফেলে তা বিবেচনায় নিয়ে পরবর্তী স্কাউট ক্যাম্পের জন্য একটি পূর্ণাঙ্গ নিরামিষ খাদ্য তালিকা তৈরি করা।

৩. সর্বোচ্চ যতটুকু সম্ভব ব্যবহার্য দ্রব্যাদি পুনর্ব্যবহার করা। নিজের ব্যবহারকৃত কাগজ, কাঁচ, প্লাস্টিক, লোহা ও ইলেকট্রনিক বর্জ্য পদার্থ সঠিকভাবে রিসাইকেল করা।


৪. আর্থ আওয়ার চলাকালীন নিজ ঘরের সব বাতি বন্ধ রাখা এবং এ সময় নিজ দলের সাথে বহিরাঙ্গনে স্কাউট কর্মকাণ্ড পরিচালনা করা।

৫. জলবায়ু কার্যক্রম গ্রহণের গুরুত্ব বুঝিয়ে সরকার এবং শিল্প প্রতিষ্ঠানসমূহের নিকট চিঠি প্রেরণ করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group


**দুর্যোগ ব্যবস্থাপনা:**

১. দুর্যোগ কী? এর প্রকারভেদ সম্পর্কে জানা।
২. প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগগুলোর নাম, কারণ ও প্রতিকার সম্পর্কে জানা।
৩. দুর্যোগ পূর্বকালীন, সময়কালীন এবং পরবর্তীকালীন প্রয়োজনীয় কী কী পদক্ষেপ গ্রহণ করতে হয় তা জানা।
৪. ভূমিকম্প কী? ভূমিকম্পের সময় কী করণীয় তা জানা।
৫. বজ্রপাত কী? বজ্রপাতের সময় কী করণীয় তা জানা।
৬. বন্যা পূর্ববর্তী ও পরবর্তী সময় কী করণীয় তা জানা।
৭. বজ্রপাতের কারণ ও সতর্কতা সম্পর্কে জানা।
৮. দুর্যোগ মোকাবেলা সংক্রান্ত কমপক্ষে ১টি কোর্স সফলভাবে সম্পন্ন করা।
৯. দুর্যোগকালীন সময়ে সেবা প্রদান করা।




**অভীষ্ট-১৪:**
**জলজ জীবন**

১. সমুদ্রের আমাদের প্রয়োজন, নাকি আমাদের সমুদ্র প্রয়োজন? এই বিষয়ে নিজ স্কাউট গ্রুপে একটি বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা।
২. একটি তাঁবু জলসায়, জলবায়ু পরিবর্তনের কারণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে বাস্তহারা মানুষের মানবেতর জীবনযাপন তুলে ধরার নাটকে মূল ভূমিকায় অভিনয় করা।
৩. ২০৫০ সালের মধ্যে সমুদ্রে মাছের তুলনায় প্লাস্টিকের পরিমাণ বেশি থাকবে। এজন্য প্লাস্টিক ব্যাগ, স্ট্র এবং অন্যান্য প্লাস্টিক জাতীয় দ্রব্য ব্যবহার বন্ধ করা এবং নিজ পরিবারের সদস্য ও বন্ধুবান্ধবদের প্লাস্টিক ব্যবহারে নিরুৎসাহিত করা।
৪. নিজ স্কাউট গ্রুপকে নিয়ে স্থানীয় নদী বা সমুদ্র সৈকতে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা।
৫. কিভাবে প্লাস্টিক সমুদ্র এবং তার সামগ্রিক বাস্তুতন্ত্রের উপর নেতিবাচক প্রভাব ফেলছে সে বিষয়ে একটি জনসচেতনতামূলক ক্যাম্পেইন করা।




**অভীষ্ট-১৫:**
**স্থলজ জীবন**

**প্রকৃতি ও পরিবেশ:**

১. একটি ময়লার ব্যাগে চলতি পথে যত ময়লা রয়েছে তা সংগ্রহ করা।
২. স্থানীয় একটি বনে পায়ে হেঁটে ভ্রমণের পথ রক্ষণাবেক্ষণে স্বেচ্ছাসেবা প্রদান করা।
৩. একটি বন্যপ্রাণী আশ্রয়স্থল রক্ষণাবেক্ষণে স্বেচ্ছাসেবা প্রদান করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

৪. কাচাঁবাজারে বিক্রেতাদের কাছ থেকে কীটনাশকমুক্ত শাক-সবজি-তরকারি যাচাই করে ক্রয় করা।
৫. পরবর্তী স্কাউট অ্যাডভেঞ্চারে 7 leave no trace principles প্রয়োগ করা।
৬. আর্থ আওয়ার এ অংশগ্রহণ করা। www.earthhour.org হতে এ সম্পর্কে বিস্তারিত জানা।
৭. সোশ্যাল মিডিয়ার বন্ধুদের টেকসই উন্নয়ন বিষয়ক চ্যালেঞ্জ প্রদান করা।
৮. Upcycling সম্পর্কে জানা ও নিজের জীবনে কাজে লাগানো।
৯. টেকসই উন্নয়ন বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে স্থানীয় পরিবেশ বিষয়ক সংগঠন সমূহের সাথে কাজ করা।
১০. পরিবেশগত সমস্যাসমূহ নিয়ে নিজ শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা চালানো।
১১. বন্ধুদের নিয়ে বস্ত্র বিনিময় ইভেন্ট আয়োজন করা।

**বিশ্ব সংরক্ষণ বিষয়ে জ্ঞানার্জন:**

১. বিশ্ব সংরক্ষণের সংজ্ঞা নিরূপণ করতে পারা।
২. পরিবেশের গঠনের উপাদান সমূহ কী কী? মানুষের উপর পরিবেশের প্রভাব কী? পরিবেশের ভারসাম্য কীভাবে নষ্ট হয়?
৩. মাটি, পানি, বায়ু দূষিত হওয়ার প্রধান কারণসমূহ জানা এবং তা দূর করার পদ্ধতি সম্পর্কে জানা।
৪. নিম্নলিখিত বিষয়সমূহ ব্যাখ্যা করতে পারা: পরিবেশ সংরক্ষণ, প্রাকৃতিক ভারসাম্য, জীবনচক্র, ফুড চেইন, সালোকসংশ্লেষণ।
৫. বাংলাদেশের যেসব গাছপালা ও প্রাণীকূলের আসন্ন বিলুপ্তির আশংকা রয়েছে, তাদের তালিকা প্রস্তুত করতে পারা ও বিলুপ্তির কারণ জানা। অথবা, গাছপালা ও প্রাণীকূল বিলুপ্তির কারণে কিভাবে পরিবেশের ভারসাম্য বিনষ্ট হয় তা জানা।
৬. গ্রিন হাউজ ইফেক্ট এর কারণ ও প্রতিকার সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group




**অভীষ্ট-১৬: শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান**

১. ভিন্ন ধর্ম, সংস্কৃতি, বয়স অথবা লিঙ্গের একজন ব্যক্তির সাথে সংলাপ আয়োজন করে Peace Badge এর শ্লোগান উপস্থাপন করা।

২. "তোমার কাছে একটি শান্তিপূর্ণ পৃথিবী দেখতে কেমন?" এর উপর একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা এবং পরিবার ও বন্ধুবান্ধবের সাথে তা শেয়ার করা।

৩. আন্তর্জাতিক শান্তি দিবসে নিজের স্কাউট পোশাক পরিহিত ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করা এবং নিজের কাছে শান্তির মানে কি তা ব্যাখ্যা করা।

৪. আগামী নির্বাচনে ভোট প্রদান করুন। যদি আপনি ভোটার না হন, তাহলে আশেপাশের ৫ জন ভোটার যেন ভোট দেয় সেটি নিশ্চিত করুন।

৬. জাতীয়/আঞ্চলিক/জেলা স্কাউট সংগঠনের নির্বাহী কমিটি বা উপ-কমিটির সদস্য নির্বাচিত হওয়ার জন্য কাজ করা।

৭. Bullying কীভাবে মানসিক স্বাস্থ্যের ক্ষতি করে- সে সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে কিশোর-যুবকদের নিয়ে দল গঠন করে কাজ করা।

৮. একটি "Good Turn Marathon" আয়োজন করা।

৯. বৃদ্ধাশ্রম, অনাথাশ্রম অথবা হাসপাতাল পরিদর্শন করে তাদের সাথে কিছু তাৎপর্যপূর্ণ সময় ব্যয় করে তাদের একাকীত্ব এবং বিষণ্নতা দূর করা।

১০. আপনার সমাজে শতভাগ শান্তি বজায় রাখতে প্রয়োজনীয় বিষয়সমূহ তালিকাভুক্ত করুন ও সেগুলোর যতগুলো পারেন বাস্তবায়ন করুন।




**অভীষ্ট-১৭: অভীষ্ট অর্জনে অংশীদারিত্ব**

১. সিমুলেশন গেমের আয়োজন করে তাতে বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নের প্রেক্ষাপটে কূটনীতিকের ভূমিকা পালন করা।

২. স্কাউট অনুদানের প্ল্যাটফর্মকে কাজে লাগিয়ে পরবর্তী প্রকল্পের জন্য পরিকল্পনা করুন।

৩. এসডিজি বাস্তবায়নে সরকারের কর্মপরিকল্পনার সাথে নিজেকে পরিচিত করা। স্থানীয় পর্যায়ে উক্ত কর্মপরিকল্পনা পর্যালোচনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে অংশগ্রহণ করা।

৪. নিজের বন্ধুকে স্কাউটিংয়ে যুক্ত করার মাধ্যমে তাকে তার সমাজের সাথে মিলে এসডিজি বাস্তবায়নে আরও সক্ষম করে তুলুন।

৫. প্রবীণদের এসডিজি সম্পর্কে ধারণা প্রদান করুন। আপনি নিজেকে এসডিজির প্রতিনিধি হিসেবে তৈরি করুন যেন আপনার আশেপাশের সবাই এসডিজি সম্পর্কে পরিপূর্ণভাবে জানে।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# পরিশিষ্ট ৩

## দক্ষতা অর্জন (প্রশিক্ষণ স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ

### বৈদ্যুতিক কাজ

০১. বৈদ্যুতিক কাজে ব্যবহৃত বিভিন্ন একক (unit) সমূহের নাম ও পরিমাপ জানা।

০২. বৈদ্যুতিক কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামের নাম ও ব্যবহার জানা।

০৩. বিভিন্ন প্রকার বিদ্যুতের পার্থক্য ও ব্যবহার বুঝতে পারা।

০৪. ত্রুটিযুক্ত সুইচ, হোল্ডার, ফিউজ ইত্যাদি মেরামত ও বদলাতে পারা।

০৫. বিদ্যুতায়নের জন্য নকশা প্রণয়ন, বাজেট তৈরি ও প্রয়োজনীয় উপকরণ ব্যবহার করে ওয়্যারিং করতে পারা।

০৬. গৃহে ব্যবহৃত বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহারের সতর্কতা সম্পর্কে জানা। বৈদ্যুতিক মিটার রিডিং জানা ও বিল তৈরি করতে পারা।

০৭. বৈদ্যুতিক কাজে কী কী সতর্কতা গ্রহণ প্রয়োজন তা জানা।

### কম্পিউটার হার্ডওয়্যার

০১. কম্পিউটার কী? এর প্রকারভেদ ও কার্যাবলি সম্পর্কে জানা।

০২. একটি কম্পিউটার ব্যবহারের সাধারণ নিয়মাবলি সম্পর্কে জানা।

০৩. কম্পিউটার হার্ডওয়্যার কী? এদের নাম ও ব্যবহার সম্পর্কে জানা।

০৪. কম্পিউটার সফটওয়্যার কী? বিভিন্ন প্রকার সফটওয়্যার ইন্সটল করতে পারা এবং ব্যবহার জানা।

০৫. হার্ডওয়্যার ও সফটওয়্যার একত্রে কীভাবে কাজ করে সে সম্পর্কে জানা।

০৬. একটি কম্পিউটার এর বিভিন্ন অংশের নাম ও কার্যাবলি সম্পর্কে জানা।

০৭. কম্পিউটার এর Trouble shooting এবং maintenance সম্পর্কে জানা।

### আগুন নেভানো

০১. আগুন লাগার কারণসমূহ এবং সতর্কতা সম্পর্কে জানা।

০২. বিভিন্ন প্রকার আগুন নেভানোর উপকরণসমূহ সম্পর্কে জানা এবং যথাযথ ব্যবহার করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৩. আগুন লাগা স্থান থেকে কোন ব্যক্তিকে উদ্ধারের কৌশলসমূহ জানা এবং প্রদর্শন করতে পারা।
০৪. নিকটস্থ দমকল বাহিনীর টেলিফোন নম্বর ও ঠিকানা জানা।
০৫. আগুনের কাছ থেকে জনতার ভিড় সরানো ও আতংক দূর করার কৌশল জানা।

**উদ্ধার কাজ**

০১. কোন ব্যক্তিকে পানি, আগুন অথবা ভবন ধ্বস থেকে উদ্ধার করার কৌশলসমূহ জানা ও প্রদর্শন করতে পারা।
০২. উদ্ধার কাজে সতর্কতা সম্পর্কে জানা এবং লাইফ লাইন ব্যবহার করতে পারা।
০৩. পানিতে ডোবা, আগুন অথবা ভবন ধ্বস থেকে উদ্ধার কোন ব্যক্তিকে প্রাথমিক প্রতিবিধান দিতে পারা।
০৪. কৃত্রিম উপায়ে শ্বাসপ্রশ্বাস স্বাভাবিক করার কৌশল সম্পর্কে জানা ও প্রদর্শন করতে পারা।
০৫. রোগী বহন ও স্থানান্তরের কৌশলসমূহ জানা ও প্রদর্শন করতে পারা।

**জনস্বাস্থ্য কর্মী**

০১. নিজ স্বাস্থ্য রক্ষার বিভিন্ন নিয়ম কানুনসমূহ জানা ও পালন করা।
০২. নিম্নলিখিত যেকোনো ৩টি রোগ কিভাবে সংক্রমিত হয় এবং এর প্রতিরোধমূলক ব্যবস্থা সম্পর্কে জানা- ডিপথেরিয়া, হাম, জলবসন্ত, যক্ষ্মা, কলেরা, আমাশয়, খোসপাচড়া, কৃমি, ম্যালেরিয়া, ডায়রিয়া, টাইফয়েড ইত্যাদি।
০৩. সংক্রামক রোগাক্রান্ত ব্যক্তির বিছানাপত্র, জামাকাপড় এবং অন্যান্য ব্যবহার্য জিনিসপত্র জীবাণুমুক্ত করার কৌশলসমূহ জানা ও প্রদর্শন করতে পারা।
০৪. খাবার স্যালাইন তৈরি করতে পারা।
০৫. অগভীর নলকূপ বসানো ও স্যানেটারি পায়খানা স্থাপন কৌশল জানা এবং রক্ষণাবেক্ষণ করতে পারা।
০৬. পানীয় জল বিশুদ্ধকরণের পদ্ধতিসমূহ জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**পরিকল্পিত পরিবার**

০১. বাংলাদেশের সীমানা, আয়তন ও প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে অবগত হওয়া এবং এর সাথে সম্পর্ক রেখে জনসংখ্যার চিত্র উপলব্ধি করতে পারা।

০২. বাংলাদেশের প্রেক্ষাপটে জনসংখ্যা বৃদ্ধির বিরূপ প্রতিক্রিয়া ও পরিবেশের সাথে সম্পর্ক জানা এবং তা থেকে জাতিকে মুক্ত করার উপায়সমূহ নির্ধারণ করতে পারা।

০৩. পরিকল্পিতভাবে পরিবার গঠন সম্বন্ধে জানা।

**মা ও শিশুর যত্ন**

০১. সন্তান সম্ভবা ও প্রসূতি মায়ের যত্ন সম্পর্কে জ্ঞানার্জন এবং খাদ্য তালিকা প্রস্তুত করতে পারা।

০২. নবাগত শিশুর যত্ন এবং শিশু যে রোগে আক্রান্ত হয় তার নাম জানা ও প্রতিকারের উপায় জানা।

০৩. পুষ্টি ও খাদ্য উপাদান সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জন।

০৪. খাদ্য ও খাদ্যমান যাতে অক্ষুণ্ন থাকে সে সম্পর্কে জানা।

০৫. মা ও শিশুর যত্নে কোন কোন টিকা দিতে হয় তা জানা।

**নার্সিং**

০১. সকল প্রকার ইনজেকশন ও স্যালাইন দেয়ার পদ্ধতি জানা ও দিতে পারা।

০২. স্যালাইন দেয়ার কৌশল জানা এবং কন্ট্রোল করতে পারা।

০৩. ডায়াবেটিস রোগীকে ইনস্যুলিন দিতে পারা।

০৪. হৃদরোগ ও ডায়াবেটিস কেন হয়? কীভাবে তা নিয়ন্ত্রণ করা যায় তা জানা।

০৫. হৃদরোগ ও ডায়াবেটিস রোগীর খাদ্য তালিকা প্রস্তুত করতে পারা।

০৬. টাইফয়েড, জন্ডিস ইত্যাদি সম্পর্কে প্রাথমিক জ্ঞানার্জন।

**সাংবাদিকতা**

০১. গণসংযোগের বিভিন্ন মাধ্যম সম্পর্কে জানা।

০২. কোন কার্যক্রমের উপর সংবাদ বিজ্ঞপ্তি (Press Release) তৈরি করতে পারা।

০৩. যে কোন কার্যক্রমের উপর পত্রিকায় প্রকাশ বা প্রচারোপযোগী করে রিপোর্ট তৈরি করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৪. যে কোন একটি গণসংযোগ মাধ্যমের বিভিন্ন বিভাগের কার্যাবলি সম্পর্কে জানা।

০৫. ছাপাখানায় ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপতি চিনতে পারা ও তাদের নাম জানা।

০৬. ছাপাখানায় ব্যবহৃত বিভিন্ন ধরনের পয়েন্ট ও টাইপ চিনতে পারা।

০৭. প্রুফ দেখতে পারা।

০৮. স্টপ প্রেস বলতে কি বুঝায় তা জানা।

০৯. দেশি ও বিদেশি সংবাদ সংস্থার নাম জানা (অন্তত ১০ টি)।

ক্রাইম প্রিভেনশন

০১. অপরাধ কী এবং অপরাধের প্রকার কী কী?

০২. অপরাধ সংগঠনের কারণ ও প্রতিরোধের উপায়সমূহ জানা।

০৩. অপরাধ দমনে জনগণকে সচেতন করার উপায় জানা।

০৪. অপরাধ দমনে আইন প্রয়োগকারী সংস্থাকে সহায়তা করা।

০৫. খালি হাতে আত্মরক্ষার কৌশল জানা।

০৬. পুলিশ বাহিনীর র‍্যাংক সম্পর্কে জ্ঞান অর্জন।

০৭. বাংলাদেশের পুলিশ প্রশাসন এবং আদালতের সাংগঠনিক কাঠামো সম্পর্কে জানা।

০৮. নিকটস্থ থানা ও আইন প্রয়োগকারী সংস্থার ফোন নম্বর জানা।

০৯. General Dairy (GD) কীভাবে করতে হয় তা জানা। First Information Report (FIR) সম্পর্কে জানা।

১০. গ্রেফতার হলে ব্যক্তি অধিকার ও করণীয় সম্পর্কে জানা।

১১. দেওয়ানী এবং ফৌজদারী অপরাধ সম্পর্কে জানা, কোনটির ক্ষেত্রে কোন আদালতে মামলা করতে হয় তা জানা এবং নিজ জেলায় উক্ত আদালত কোথায় অবস্থিত তা জানা।

নিরাপদ খাদ্য

০১. স্বাস্থ্যসম্মত খাবার প্রস্তুত করার কৌশল সম্পর্কে জানা ও চর্চা করা।

০২. খাদ্য উৎপাদনে ব্যবহৃত রাসায়নিক সার ও অন্যান্য দ্রব্যাদি ব্যবহারের সতর্কতা সম্পর্কে জানা এবং এ বিষয়ে প্রতিবেশীদেরকে সচেতন করা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

০৩. জৈব সার ব্যবহারের উপকারিতা সম্পর্কে জানা ও অন্তত ৫টি পরিবার অথবা ৫ জন কৃষককে এ ব্যাপারে উদ্বুদ্ধ করা।

০৪. বৈজ্ঞানিক পদ্ধতিতে তাৎক্ষণিক খাদ্যে ফরমালিন সনাক্ত করতে পারা।

০৫. নিরাপদভাবে জমি বা বাগানে পরিমিত রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করতে পারা।

০৬. যেকোনো একটি খাদ্য উৎপাদন প্রতিষ্ঠান/খামার পরিদর্শন করে সেই প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য উৎপাদন সম্পর্কে রিপোর্ট প্রণয়ন করা।

**বিমান শিক্ষাণবীশ**

০১. বিমান উড্ডয়ন সম্পর্কিত তত্ত্বীয় জ্ঞান।

০২. বিমানের কাঠামো এবং ইঞ্জিন সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।

০৩. বিমান থেকে ব্যবহৃত 'অস্ত্র ও গোলাবারুদ' সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।

০৪. বিমান ও হেলিকপ্টারের পর্যায়ক্রমিক উন্নতি সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।

০৫. ফিউচার এভিয়েশন সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।

০৬. জ্যোতির্বিদ্যা সম্পর্কে সাধারণ জ্ঞান এবং বিমান চালনায় এর প্রয়োজনীয়তা সম্পর্কে জানা।

০৭. যে কোন ১টি বিমানের মডেল তৈরি করে তা কমপক্ষে ১০ সেকেন্ড বাতাসে উড্ডয়ন করাতে পারা।

০৮. কোনো স্থানে বিমান দুর্ঘটনা ঘটলে নিজের করণীয় সম্পর্কে জানা।

**শিপস নলেজ**

০১. জাহাজের প্রকারভেদ জানা।

০২. যুদ্ধ জাহাজ এবং বাণিজ্যিক জাহাজের মধ্যে পার্থক্য বলতে পারা এবং নৌবাহিনীর ২টি যুদ্ধ জাহাজ ও ২টি সরকারি/বেসরকারি বাণিজ্যিক জাহাজের নাম বলতে পারা।

০৩. নৌ-জাহাজের বিভিন্ন অংশের অ্যাংকর এর নাম জানা।

০৪. অ্যাংকরের বিভিন্ন অংশের নাম এবং এর সাথে ব্যবহৃত উপকরণ সম্পর্কে জানা।

০৫. বোটের ব্যবহার, প্রকারভেদ এবং বোটের ব্যবহৃত উপকরণ সম্পর্কে জানা।

০৬. Sea measures, watches and striking the ships bell সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

রেল পরিচালক

০১. রেল ছাড়ার পূর্বে সাধারণ পরীক্ষা সম্পর্কে জানা।

০২. রেল বগি থেকে যেকোনো সময় ট্রেন থামানোর পদ্ধতি জানা।

০৩. মিটার গেজ ও ব্রড গেজ লাইন সম্পর্কে জানা।

০৪. পরিচালকের সাথে ১০০ কিলোমিটার ভ্রমণ করা এবং ভ্রমণকালে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা।

০৫. ড্যগ পরিদর্শন করে তথ্য সংগ্রহ করা।

০৬. অন্যূন ২ দিন রেল স্টেশনে সেবা প্রদান।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# পরিশিষ্ট ৪

## দক্ষতা অর্জন (সেবা স্তর) পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ

### মানসিক স্বাস্থ্য সুরক্ষা

০১. মানসিক স্বাস্থ্য ও মানসিক রোগ রোগ বলতে কী বোঝায়?

০২. মানসিক স্বাস্থ্যের প্রাথমিক প্রতিবিধান বলতে কী বোঝায়?

০৩. মানসিক স্বাস্থ্যের প্রাথমিক প্রতিবিধানের কর্মকৌশল জানা এবং প্রয়োগ করা।

০৪. নিম্নের বিষয়গুলোর মধ্যে যেকোনো তিনটি মানসিক সমস্যার কারণ, লক্ষণ, উপসর্গ সনাক্ত করে প্রয়োজনীয় প্রাথমিক প্রতিবিধান দিতে পারা:

ক) উদ্বেগজনিত অসুস্থ্যতা (Anxiety Disorder)

খ) বিষণ্নতা (Depression)

গ) আত্মহত্যা (Suicide) ঘ) নিজস্ব আঘাত বা ক্ষতি (Self-harm)

ঙ) বুলিং/সাইবার বুলিং (Bulling/Cyber Bulling)

চ) খাদ্য বিকার (Eating Disorder)

০৫. কমপক্ষে ১ জনকে জনকে মানসিক স্বাস্থ্যের প্রাথমিক সেবা প্রদান করা। (সচিত্র প্রমানাদি থাকতে হবে)।

০৬. মানসিক স্বাস্থ্যের প্রয়োজনীয় চিকিৎসা সেবা/পরামর্শের জন্য নিকটস্থ হাসপাতাল, ক্লিনিক, পেশাদার কাউন্সিলিং সেন্টার, মনোরোগ বিশেষজ্ঞ ডাক্তার, মনোবিজ্ঞানী, ওয়েবসাইট, টেলিসার্ভিস/হটলাইন ঠিকানা ও ফোন নম্বর সংরক্ষণ করা।

### ব্লাড ব্যাংক

০১. রক্তের উপাদান, গঠন ও মানবদেহে রক্তের প্রয়োজনীয়তা ও কার্যাবলি জানা।

০২. বিভিন্ন গ্রুপের রক্ত সম্পর্কে জানা।

০৩. নিজ এলাকার ব্লাড ব্যাংক ও রক্তদান কেন্দ্রসমূহের নাম জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

০৪. রক্ত প্রাপ্তিস্থান থেকে রক্ত প্রাপ্তির উপায় জানা।
০৫. রক্তদানের উপকারিতা সম্পর্কে জানা।
০৬. রক্তদানের জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করা।
০৭. নিজের ব্লাড গ্রুপ সম্পর্কে জানা এবং অন্তত দুইবার ব্লাড ব্যাংকে/রক্তদান কেন্দ্রে রক্তদান করা।
০৮. দৈহিকভাবে রক্তদানে অক্ষম হলে অন্তত দুইজন লোককে রক্তদান কেন্দ্রে নিয়ে গিয়ে রক্তদান করানো।

**চক্ষু শিবির**

০১. নিজ এলাকায় চক্ষু রোগীদের সম্পর্কে তথ্য সংগ্রহ।
০২. বিভিন্ন প্রকার চক্ষু রোগ সম্পর্কে জানা।
০৩. যে সমস্ত চক্ষু রোগে অপারেশন দরকার হয় সে সম্পর্কে জানা।
০৪. কোন চক্ষু রোগীর অপারেশনের পূর্বে ও পরে রোগীর খাদ্য সম্পর্কে জানা ও খাদ্য প্রদানে সতর্কতা অবলম্বন করতে পারা।
০৫. কোন চক্ষু শিবিরে অন্তত ২৪ ঘণ্টা সেবা প্রদান এবং রোগীর যথাযথ পরিচর্যা করতে পারা।

**কুষ্ঠ নিয়ন্ত্রণ**

০১. কুষ্ঠ রোগ কী ও কুষ্ঠ রোগের প্রকারভেদ সম্পর্কে জানা।
০২. কুষ্ঠ রোগ কীভাবে ছড়ায়? কুষ্ঠ রোগের প্রাথমিক লক্ষণসমূহ কী কী?
০৩. কুষ্ঠ রোগ কীভাবে ভালো হয়?
০৪. কুষ্ঠ রোগে কেন বিকলাঙ্গতা দেখা দেয়?
০৫. কুষ্ঠ রোগের ফলে সৃষ্ট বিকলাঙ্গতা কিভাবে রোধ করা যায়?
০৬. কুষ্ঠ রোগ প্রতিরোধের উপায় কী কী?

**বৈমানিক**

০১. এয়ারম্যানশীপ সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।
০২. আবহাওয়া সম্পর্কিত সাধারণ জ্ঞান এবং বিমান উড্ডয়ন ও অবতরণে এর ভূমিকা সম্পর্কে জ্ঞান অর্জন।
০৩. বিমান শরীরবিদ্যা সম্পর্কিত সাধারণ জ্ঞান অর্জন।
০৪. বিমানের মাধ্যমে অনুসন্ধান এবং উদ্ধার কাজ সম্পর্কে জ্ঞান।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৫. বিমানের নেভিগেশন সম্পর্কিত প্রাথমিক জ্ঞান।

০৬. বিমানের ককপিট সম্পর্কে সাধারণ জ্ঞান।

০৭. প্যারাসুট সম্পর্কে জ্ঞান অর্জন।

০৮. এটিসি (Air Traffic Control), মার্শালিং (Marshalling), মোর্স কোড (Morse Code) এবং উড্ডয়ন ও অবতরণ বাতি সংকেত (Light Signal) সম্পর্কে জ্ঞান।

**সিম্যান্স**

০১. নৌপথে চলার নিয়মাবলি সম্পর্কে জানা।

০২. বিভিন্ন প্রকার বয়া সম্পর্কে ধারণা অর্জন।

০৩. নৌপথে জাহাজ চলাচলের বিভিন্ন পর্যায়ে ব্যবহৃত সাংকেতিক চিহ্ন (বাতি ও বল) সম্পর্কে জানা।

০৪. জাহাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার চার্ট সম্পর্কে ধারণা লাভ।

০৫. জাহাজে প্রচলিত বিভিন্ন আনুষ্ঠানিক অভিবাদন সম্পর্কে বিস্তারিত জানা এবং প্রদর্শন করতে পারা।

০৬. জাহাজে ব্যবহৃত বোসন কল (Boatswain's Call) সম্পর্কে জ্ঞানার্জন এবং বাজাতে পারা।

০৭. পোতাশ্রয় ও বাতিঘর সম্পর্কে ধারণা লাভ করা।

০৮. সিমাফোর কী? বিভিন্ন প্রকার সিমাফোর সম্পর্কে জানা।

০৯. জলীয় নিরাপত্তা সম্পর্কে জানা।

**রেলওয়ে পাইলট**

০১. রেল ইঞ্জিন সম্পর্কে সাধারণ জ্ঞান অর্জন।

০২. রেল ইঞ্জিন শেড থেকে বাহিরে বের করার পূর্বের প্রাথমিক পরীক্ষা সম্পর্কে জানা।

০৩. রেল ইঞ্জিন শেড এবং রেল কারখানা পরিদর্শন করে তথ্য সংগ্রহ করা।

০৪. রেল ইঞ্জিনে করে ১৫০ কি. মি. ভ্রমণ করা এবং ভ্রমণকালে চালকের সাথে থাকা।

০৫. অন্যূন ৩ দিন রেল স্টেশনে সেবা প্রদান করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

# পরিশিষ্ট ৫

## আর্নিং বাই লার্নিং ব্যাজের পূর্ণাঙ্গ নির্দেশনা ও বিশদ বিবরণ

কম্পিউটার

০১. কম্পিউটার এর ইতিহাস ও প্রকারভেদ সম্পর্কে জানা।

০২. কম্পিউটার এর বিভিন্ন অংশের নাম জানা।

০৩. হার্ডওয়্যার ও সফটওয়্যার সম্পর্কে জানা।

০৪. সফটওয়্যার ইন্সটল ও ব্যবহার করতে পারা।

০৫. কম্পিউটার assemble করতে পারা।

০৬. কম্পিউটার Trouble shooting এবং maintenance সম্পর্কে জানা।

০৭. ইন্টারনেট সম্পর্কে জানা।

০৮. Scan করে ফাইল কম্পিউটারে সংরক্ষণ করতে পারা।

০৯. Email, Facebook ইত্যাদি একাউন্ট খুলতে পারা এবং সঠিকভাবে ব্যবহার করতে পারা।

১০. অনলাইনে বিভিন্ন ধরনের ফর্ম পূরণ করতে পারা।

১১. আউটসোর্সিং সম্পর্কে জানা।

১২. নিচের যেকোনো ১টি বিষয় নিয়ে কাজ করা:

**ক) মাইক্রোসফট অফিস:**

০১. মাইক্রোসফট ওয়ার্ড, মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট ও মাইক্রোসফট এক্সেল সম্পর্কে জানা।

০২. মাইক্রোসফট ওয়ার্ড এর নিম্নোক্ত জিনিসগুলোর উপর ধারণা অর্জন: ফন্ট, ফন্ট সাইজ, টেবিল, ইনসার্ট পিকচার, পেইজ নাম্বার, মার্জিন, পেজ সাইজ, হেডার-ফুটার ইত্যাদি।

০৩. মাইক্রোসফট ওয়ার্ডে নিজ উপদলের রোভারদের নাম, ঠিকানা, রক্তের গ্রুপ লিখতে পারা, রোভারদের ছবি ইনসার্ট করতে পারা এবং তা প্রিন্ট করতে পারা।

০৪. বাংলায় নিজ ইউনিট এর ইতিহাস ও পরিচিতি লিখতে পারা এবং তা প্রিন্ট করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৫. মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট এর নিম্নোক্ত জিনিসগুলোর উপর ধারনা অর্জন: layout, font size, Background, animation, sound effect ইত্যাদি।

০৬. নিজ দলের বিগত বছরের কার্যক্রমগুলো পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে প্রেজেন্ট করা (ছবি ও এনিমেশন ব্যবহার করে)।

০৭. মাইক্রোসফট এক্সেল এর নিম্নোক্ত জিনিসগুলোর উপর ধারণা অর্জন: page layout, font size, cell size, cell & font colour ইত্যাদি।

০৮. মাইক্রোসফট এক্সেল এর বিভিন্ন command Function এর ব্যবহার জানা।

০৯. এই কাজের বিবরণ লগ বইতে মাইক্রোসফট ওয়ার্ড এর মাধ্যমে লিপিবদ্ধ করা।

**খ) ওয়েব ডেভেলপমেন্ট:**

০১. ওয়েব ডেভেলপমেন্ট সম্পর্কে ধারণা অর্জন।

০২. Hypertext Markup Language (HTML) এর ইতিহাস ও HTML কিভাবে লিখতে হয় তা জানা।

০৩. HTML এর ট্যাগগুলো সম্পর্কে জানা।

০৪. নিচের ট্যাগগুলো ব্যবহার করে ইউনিট পরিচিতি বানাতে পারা (<table>, <a>, <h1>, <img>, <b>, <div> etc.)।

০৫. CSS সম্পর্কে জানা।

০৬. CSS ব্যবহার করে ব্যাকগ্রাউন্ড এর কালার পরিবর্তন করতে পারা।

০৭. CSS এর ব্যাকগ্রাউন্ড কালার, পিক্সেল ফন্ট, ফন্ট সাইজ ইত্যাদি সম্পর্কে জানা।

০৮. Wordpress সম্পর্কে জানা।

০৯. HTML ও CSS বা Wordpress দিয়ে একটি ছোট ওয়েব পেজ তৈরি করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**গ) সফটওয়্যার/এ্যাপস ডেভেলপমেন্ট:**

০১. প্রোগ্রামিং ল্যাংগুয়েজ কী তা সম্পর্কে ধারণা অর্জন।

০২. যেকোনো একটি প্রোগ্রামিং ল্যাংগুয়েজ পছন্দ করে তা সম্পর্কে জানা এবং কীভাবে কোড লিখতে হয় তা জানা।

০৩. Datatype, Variable, Expression, Statement সম্পর্কে ধারণা অর্জন।

০৪. দুটি সংখ্যা ইনপুট দিয়ে তা যোগ, বিয়োগ, গুণ, ভাগ করে আউটপুট দেখাতে পারা।

০৫. for loop, while loop, if statement, case statement ব্যবহার করতে পারা।

০৬. Array সম্পর্কে জানা ও ব্যবহার করতে পারা।

০৭. Error handling এবং debugging করতে পারা।

**ঘ) গ্রাফিক্স ডিজাইন:**

০১. গ্রাফিক্স ডিজাইন সম্পর্কে জানা।

০২. বিভিন্ন ধরনের গ্রাফিক্স ডিজাইন সফটওয়্যার সম্পর্কে জানা।

০৩. Layer সম্পর্কে জানা।

০৪. নিচের Tool গুলোর ব্যবহার সম্পর্কে ভালভাবে জানা: spot healing, brush tool, patch tool, clone Stamp tool, Quick selection tool etc.

০৫. Type tool দিয়ে লিখতে পারা।

০৬. নিজের একটি ভিজিটিং কার্ড ডিজাইন করতে পারা।

* দরকার হলে সংশ্লিষ্ট বিষয়ে যেকোন মেয়াদী কোর্স (প্রাতিষ্ঠানিক/অনলাইন কোর্স) করা যাবে।

**ফ্রিল্যান্সার**

১. ফ্রিল্যান্সিং ও ফ্রিল্যান্সার সম্পর্কে ধারণা অর্জন।

২. যে কোন একটি বিষয়ের (গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডিজাইন, ডেটা এন্ট্রি, প্রোগ্রামিং, এসইও) উপর পরিপূর্ণ দক্ষতা অর্জন।

৩. ফ্রিল্যান্সিং সাইটগুলো সম্পর্কে জানা।

৪. ফ্রিল্যান্সিং টুলস সমূহের ব্যবহার জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

৫. অনলাইনে আয়কৃত টাকা স্থানান্তরের জন্য মানি বুকার্সে একাউন্ট থাকা।
৬. ন্যুনতম ৫০ ডলার এর আয় বিবরণী থাকা।
৭. ফ্রিল্যান্সিং বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণ।

**পোলট্রি, মৎস্য চাষ ও ডেইরি ফার্ম**

নিম্নের যে কোন একটি বিষয় নিয়ে কাজ করা:

**মুরগি পালন**

০১. আমাদের দেশের আবহাওয়া উপযোগী অধিক লাভজনক মোরগ-মুরগি চিহ্নিত করতে পারা।
০২. মোরগ-মুরগির বিভিন্ন পরিবেশ উপযোগী খামারের জন্য স্থান নির্বাচন ও ঘর নির্মাণ পদ্ধতিসমূহ জানা এবং খামার স্থাপন করতে পারা।
০৩. মোরগ-মুরগির বয়স ও প্রকারভেদে সুষম খাবার তৈরি করতে পারা।
০৪. মোরগ-মুরগির রোগ বালাই সম্পর্কে জানা ও প্রয়োজনীয় প্রতিষেধক চিহ্নিত করতে পারা।
০৫. মুরগির টিকা সম্পর্কে ধারণা অর্জন ও টিকা প্রয়োগ করতে পারা।
০৬. সঠিকভাবে বাজারজাতকরণ।

**হাঁস/কোয়েল/কবুতর/টার্কি পালন**

০১. হাঁস/কোয়েল/কবুতর/টার্কির বিভিন্ন জাত পরিচিতি ও হাঁস পালনের সুবিধাসমূহ জানা।
০২. হাঁস/কোয়েল/কবুতর/টার্কির সুষম খাবার তৈরি করতে পারা।
০৩. বাচ্চা হাঁস/কোয়েল/কবুতর/টার্কির যত্ন নিতে পারা।
০৪. হাঁস/কোয়েল/কবুতর/টার্কির রোগ সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন ও প্রয়োজনীয় প্রতিষেধক চিহ্নিত করতে পারা।
০৫. খামারের জন্য স্থান নির্বাচন ও ঘর নির্মাণ পদ্ধতিসমূহ জানা।
০৬. সঠিকভাবে বাজারজাতকরণ।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**মৎস্য চাষ**

০১. পুকুর নির্বাচন, সংস্কার ও মাছ চাষের উপযোগী করে তৈরি করা এবং সার প্রয়োগ করতে পারা।

০২. মজুদ পুকুর তৈরি করতে পারা। আতুর পুকুর, লালন পুকুর ব্যবস্থাপনা।

০৩. অধিক বর্ধনশীল ও অল্প সময়ে অধিক উৎপাদনশীল মাছের পোনা নির্বাচন করতে পারা ও চাষ পদ্ধতি (নাইলোটিকা, সরপুটি, মাগুর ইত্যাদি) জানা।

০৪. মাছের খাবার নির্বাচন ও তৈরি করতে পারা।

০৫. মাছের বিভিন্ন প্রকার রোগ ও তার প্রতিষেধক সম্পর্কে জানা।

০৬. মাছের খামারের পরিচর্যা করতে পারা।

০৭. মাছ ধরা, সংরক্ষণ, পরিবহন কৌশল ও প্রয়োজনীয় সতর্কতা সম্পর্কে জানা।

**ডেইরি ফার্ম**

০১. বাংলাদেশের উপযোগী বিভিন্ন দুগ্ধজাত গাভীর জাত পরিচিতি ও উৎপাদন ক্ষমতা সম্পর্কে জানা।

০২. গাভীর খামারের স্থান নির্বাচন, বাসস্থান নির্মাণ, বাসস্থানের সুবিধা ও অসুবিধা জানা।

০৩. দুধালো গাভী ও বাছুরের যত্ন ও ব্যবস্থাপনা সম্পর্কে জানা।

০৪. প্রজনন পদ্ধতি সম্পর্কে জানা।

০৫. বিভিন্ন উন্নত ঘাস পরিচিতি ও চাষ পদ্ধতি সম্পর্কে জানা।

০৬. দুধালো গাভী নির্বাচন পদ্ধতি, দুধ কমবেশি হওয়ার কারণসমূহ জানা।

০৭. দুধ সংরক্ষণ, মান নিয়ন্ত্রণ, পরিবহন ও বিভিন্ন প্রকার দুগ্ধ উপজাত প্রস্তুত প্রণালী সম্পর্কে জানা।

০৮. গাভীর বিভিন্ন রোগ ও চিকিৎসা এবং টিকাদান কর্মসূচি সম্পর্কে জানা।

০৯. বিভিন্ন বয়সের গাভীর খাদ্য ব্যবস্থাপনা ও তৈরির কৌশল সম্পর্কে জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

১০. গরু মোটাতাজাকরণ পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জন।

১১. ডেইরি ফার্ম তৈরির প্রশিক্ষণ গ্রহণের স্থান সম্পর্কে জানা।

** উপরোক্ত (কাজ করা) বিষয়ের উপর একটি প্রজেক্ট/ফার্ম তৈরি করা অথবা কোন প্রজেক্ট/ফার্মে অন্যূন ২ (দুই) মাস ইন্টার্নশীপ করা।

**বিউটিশিয়ান**

০১. হেয়ার কাটঃ ফেদার কাট, ফাওয়ার, থাই, ইউ, ভি, লেয়ার, স্টেপ ইত্যাদি কাটিং দক্ষভাবে করতে পারা।

০২. অয়েল ম্যাসেজ, প্রোটিন প্যাক, শ্যাম্পু ও ব্লো-ড্রাই, হাই লাইটিং, কালার এপ্লিকেশন, পাম্পিং, রোলিং ইত্যাদি দক্ষভাবে করতে পারা।

০৩. ফেসিয়াল, মেনিকিউর, পেডিকিউর, ব্লিচ, ফেডিং ওয়াক্সিং, ভ্রু প্ল্যাক, পার্টিমেকআপ, কনে সাজানো, মেহেদি ইত্যাদি দক্ষভাবে করতে পারা।

০৪. যে কোন একটি বিউটি পার্লারে অন্তত ২ (দুই) মাস ইন্টার্নশীপ করা।

**সেলাই ও ছাপার কাজ**

নিম্নের যেকোনো ১টি বিষয় নিয়ে কাজ করাঃ

**সেলাই ও দর্জির কাজ**

ক) প্যান্ট/শার্ট/সালোয়ার কামিজ ইত্যাদি যে কোন ধরনের কাপড়ের ছোট ছিদ্র সুন্দরভাবে রিপু করতে পারা।

খ) বিভিন্ন স্টিচ এর নাম জানা এবং তা কাপড়ে সুন্দরভাবে করতে পারা। যেমন- টেইন স্টিচ, হেম স্টিচ, ভরাট, কাশ্মোরি ভরাট, কাঁথা স্টিচ ইত্যাদি

গ) নিজের জন্য স্কাউট পোশাক কেটে তা মেশিনের সাহায্যে সেলাই করতে পারা।

ঘ) শার্ট, প্যান্ট, পাঞ্জাবি, সালোয়ার কামিজ, ফ্রক, কুর্তা, স্কার্ট ও টপস ইত্যাদির যেকোনো ৩টি তৈরি করে উপস্থাপন করা।

**এমব্রয়ডারি**

ক) বোতাম ঘর, ওভার লক ইত্যাদি করতে পারা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

খ) বিছানার চাঁদর, শাড়ি, সালোয়ার কামিজ, পাঞ্জাবী, কুশন ইত্যাদির যেকোনো ৫টিতে সুন্দর ডিজাইনসহ নিখুঁতভাবে এমব্রয়ডারি করতে পারা।

**রং ও ছাপার কাজ**

ক) ব্লক, বাটিক, টাই ডাই, এমব্রুশ ইত্যাদি যেকোনো একটি কাজ সম্পর্কে বিস্তারিত জানা ও করতে পারা।

খ) যেকোনো একটি কাজের কমপক্ষে পাঁচটি ডিজাইন করা।

গ) যে কাজের ডিজাইন করা হবে, সেই কাজ ও ডিজাইন সম্পর্কে সম্পূর্ণরূপে জানা।

**পর্যটন কর্মী**

০১. দেশ-বিদেশের গুরুত্বপূর্ণ পর্যটন স্থান সম্পর্কে জানা। দেশ-বিদেশের অন্তত ১০টি পর্যটন স্থানে গমনের ভ্রমণ পরিকল্পনা ও বাজেট প্রণয়ন করতে পারা।

০২. দেশের ০৩টি দর্শনীয় ও ঐতিহাসিক স্থান পরিদর্শন করে এর গুরুত্ব ও ভবিষ্যত পর্যটন সম্ভাবনা ও সমৃদ্ধির প্রতিবেদন প্রণয়ন করা।

০৩. বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং এর কার্যক্রম সম্পর্কে জ্ঞানার্জন।

০৪. বাংলাদেশে পর্যটন শিল্প বিকাশে কাজ করে এমন ৫টি ট্রাভেল এজেন্সি ও তাদের কার্যক্রম সম্পর্কে জানা।

০৫. হোটেল ম্যানেজমেন্ট সম্পর্কে প্রাথমিক ধারনা লাভ।

০৬. পর্যটন গাইড হিসেবে ০২টি ট্যুর সম্পন্ন করা।

০৭. কোন পর্যটন ক্লাবের সদস্য/অনলাইন গ্রুপের সদস্য হওয়া।

০৮. বাংলাদেশে কার্যক্রম পরিচালনা করে এমন একটি ট্রাভেল এজেন্সিতে কমপক্ষে ২ মাস ইন্টার্ন করা।

**ইন্টেরিয়র ডেকোরেশন**

০১. Interior Decoration সম্পর্কে জানা।

০২. ইন্টেরিয়র ডেকোরেশন সম্পর্কে জ্ঞানার্জনের গুরুত্ব সম্পর্কে জানা।

০৩. তুমি কেন ইন্টেরিয়র ডেকোরেশন বিষয়ে কাজ করতে চাও?

০৪. ইন্টেরিয়র ডেকোরেশনের সাথে সম্পর্ক আছে এমন কয়েকটি বিষয়ের নাম জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

০৫. প্রাচীন ও আধুনিক সজ্জার মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারা।

০৬. অভ্যন্তরীণ সজ্জায় কাঠ, রং ও আলোর গুরুত্ব সম্পর্কে জানা।

০৭. বিভিন্ন ধরনের ইন্টেরিয়র ডেকোরেশন সম্পর্কে জানা।

০৮. নিজের পরিকল্পনা মোতাবেক একটি ফ্ল্যাটের ইন্টেরিয়র ডেকোরেশন চিত্রের সাহায্যে বর্ণনা করা।

০৯. ইন্টেরিয়র ডেকোরেশন বিষয়ে এক/একাধিক যেকোনো মেয়াদী কোর্স করা।

১০. এই বিষয়ে কাজ করে এমন কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ২ মাস ইন্টার্ন করা।

**সেক্রেটারিয়েল সায়েন্স**

০১. সেক্রেটারিয়েল সায়েন্স ও অফিস ব্যবস্থাপনা সম্পর্কে জানা।

০২. ব্যবসায় যোগাযোগ সম্পর্কে জানা।

০৩. ইংরেজি পড়তে, লিখতে ও বলতে পারা।

০৪. ব্যবহারিক কম্পিউটার সংক্রান্ত বিষয়সমূহে দক্ষতা অর্জন: MS Word, MS Excel, Email.

০৫. সভা কী? সভা আহবান, পরিচালনা ও কার্যবিবরণী লিখন সম্পর্কে বিস্তারিত জানা।

০৬. বাংলা ও ইংরেজি শর্ট হ্যান্ড সম্পর্কে জানা।

০৭. ফাইলখোলা ও ফাইল নোট লিখতে পারা।

০৮. অফিসিয়াল চিঠি ও ব্যক্তিগত চিঠি লিখতে পারা এবং অফিসিয়াল চিঠিতে পত্র নং দেওয়ার নিয়ম জানা।

০৯. বিজ্ঞপ্তি ও প্রেস বিজ্ঞপ্তি সম্পর্কে জানা এবং তৈরি করতে পারা।

১০. ব্যাংক হিসাব খোলার নিয়ম, হিসাব পরিচালনা, ব্যাংক স্টেটমেন্ট ও অনলাইন ব্যাংকিং সম্পর্কে জানা।

১১. CV কী? নিজের একটি সময়োপযোগী CV তৈরি করা।

১২. নিম্নোক্ত বিষয়গুলো সম্পর্কে জানা: মানব সম্পদ ব্যবস্থাপনা, নিয়োগ সাক্ষাৎকার, অরগানোগ্রাম, Job Description।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

১৩. অন্ততঃ ১ মাস দৈনন্দিন ডাইরি লিখা এবং তা নিজ রোভার স্কাউট লিডারকে প্রদর্শন করা।

১৪. অফিস ব্যবস্থাপনা বিষয়ে একটি স্বল্প/দীর্ঘমেয়াদী কোর্স করা।

১৫. কোন অফিসে কমপক্ষে ২০ কর্মদিবস দাপ্তরিক কাজে সহায়তা করা।

**আলোকচিত্র শিল্পী**

০১. ক্যামেরা সম্পর্কে জানা (ক্যামেরা আবিষ্কারের ইতিহাস, ক্যামেরার প্রকারভেদ, ক্যামেরার লেন্স, DSLR ক্যামেরার ফাংশন ইত্যাদি)।

০২. আলোকচিত্র বিষয়ক যেকোনো মেয়াদী এক/একাধিক কোর্স করা।

০৩. আলোকচিত্র পেশার সাথে সম্পৃক্ত থাকা অথবা আলোকচিত্র বিষয়ের উপর ইন্টার্নশীপ (কমপক্ষে ২ মাস) করা।

০৪. স্কাউটিং বিষয়ক ২৫টি (অন্তত ৬টি প্রোগ্রামের) ও নন-স্কাউটিং বিষয়ক ২৫টি ছবি নিয়ে মোট ৫০টি ছবির একটি অ্যালবাম তৈরি করা এবং সংরক্ষণ করা।

০৫. স্কাউটিং সংক্রান্ত কমপক্ষে ৩টি ছবি যেকোনো স্কাউট ম্যাগাজিন/ পত্রিকা/ বুলেটিনে প্রকাশ করা।

**ফিল্ম মেকিং**

০১. ফিল্ম মেকিং সম্পর্কে ধারণা অর্জন করা।

০২. ফিল্ম মেকিং বিষয়ে তুমি কেন আগ্রহী?

০৩. ১টি শর্ট ফিল্ম তৈরির পরিকল্পনা তৈরি করা এবং প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করা।

০৪. ন্যূনতম ৩ মিনিট দৈর্ঘ্যের অন্তত ১টি শর্ট ফিল্ম তৈরি করা।

০৫. ইউটিউব চ্যানেল খুলতে পারা। নিজের তৈরিকৃত শর্ট ফিল্ম ইউটিউব চ্যানেলে প্রকাশ করা।

**ক্যালিগ্রাফি**

১. ক্যালিগ্রাফির ইতিহাস ও প্রাথমিক ধারণা।

২. বিভিন্ন ভাষা সম্পর্কিত জ্ঞান ও বর্ণমালার পরিচিতি।

৩. ক্যালিগ্রাফির মৌলিক বিষয়সমূহের দক্ষতা অর্জন ও অনুশীলন।

৪. বর্ণবিন্যাস ও অর্থবোধক বিষয় তৈরি।

৫. ক্যালিগ্রাফি বিষয়ক কমপক্ষে ২টি কর্মশালায় অংশগ্রহণ।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

## চারু ও কারু শিল্পী

১। শিল্পকলার ইতিহাস সম্পর্কে জানা।

২। চারুকলা ও কারুকলার প্রাথমিক ধারণা।

৩। চারুকলা ও কারুকলার প্রাথমিক উপকরণ সম্পর্কে জানা।

৪। ছবি আঁকার মৌলিক বিষয় সম্পর্কে জ্ঞানার্জন ও অনুশীলন।

৫। মৌলিক রঙ ও ছবি আঁকার বিভিন্ন মাধ্যম সম্পর্কে জানা।

৬। রঙিন কাগজ, কাদা মাটি, পাট ও যেকোন সহজলভ্য উপকরণের ব্যবহার জানা ও কিছু তৈরি করা।

৭। চারুকলা ও কারুকলা বিষয়ক ও ওয়ার্কশপে অংশগ্রহণ ও বিভিন্ন প্রদর্শনীতে অংশগ্রহণ।

৮। চারুকলা ও কারুকলা সম্পর্কিত বই পড়ার অভ্যাস ও দেশীয় বরেণ্য চারু ও কারু শিল্পীদের সম্পর্কে জানা।

৯। স্কাউটিং বিষয়ক ১৫ টি চিত্রকর্ম ও নন-স্কাউটিং বিষয়ক ১৫ টি চিত্রকর্ম দিয়ে একটি পোর্টফোলিও তৈরি করা।

১০। রঙিন কাগজ, কাদা মাটি, পাট ও যেকোন সহজলভ্য উপকরণ ব্যবহার করে ৩টি করে কারুকর্ম তৈরি করে পোর্টফোলিও সাজানো।

## সাংবাদিকতা

০১. সাংবাদিকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানা।

০২. নিম্নোক্ত কম্পিউটার সংক্রান্ত বিষয়ে দক্ষতা অর্জন:
MS Word, Email।

০৩. জাতীয় ও আন্তর্জাতিক সংবাদপত্র ও অন্যান্য মিডিয়া (টিভি নিউজ, অনলাইন নিউজ ইত্যাদি) সম্পর্কে জানা।

০৪. সাংবাদিকতা করা অথবা শিক্ষানবিশ হিসেবে কাজ করা (কমপক্ষে ২ মাস)।

০৫. প্রেস ক্লাবের সদস্যপদ লাভের নিয়ম সম্পর্কে জানা।

০৬. এই বিষয় নিয়ে কাজের সময় এক/একাধিক পত্রিকা অথবা স্বীকৃত অনলাইন নিউজ পোর্টালে নিজের কমপক্ষে ৩টি রিপোর্ট/লেখা প্রকাশ করা।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

## নার্সারি

০১. নার্সারি কী তা জানা ও এর প্রকারভেদ জানা।
০২. নার্সারি তৈরির উদ্দেশ্য ও গুরুত্ব জানা।
০৩. নার্সারি তৈরির বিভিন্ন কৌশলসমূহ জানা।
০৪. একটি আদর্শ নার্সারির পরিকল্পনা (স্থান, সময় ইত্যাদি) ও নকশা তৈরি করতে পারা।
০৫. নার্সারি তৈরির বিভিন্ন উপকরণ ও যন্ত্রপাতি সম্পর্কে জানা।
০৬. একটি আদর্শ বীজতলা তৈরির পদ্ধতি সম্পর্কে জানা, সার/কম্পোস্ট সার ও মাটির সঠিক মিশ্রণের অনুপাত জানা এবং বীজতলার যত্ন নিতে পারা।
০৭. চারাগাছ উৎপাদন ও বংশবৃদ্ধির বিভিন্ন পদ্ধতি সম্পর্কে জানা ও চারার যত্ন নিতে পারা।
০৮. চারাগাছের বংশবৃদ্ধির ক্ষেত্রে বিভিন্ন প্রকার কলম তৈরি সম্পর্কে জানা।
০৯. চারাগাছের বিভিন্ন রোগবালাই সম্পর্কে জ্ঞানার্জন এবং প্রতিরোধ ও প্রতিকার সম্পর্কে জানা।
১০. নার্সারীর বিভিন্ন মধ্যবর্তী পরিচর্যা (Intercultural operation) যেমন- আগাছা দমন, সেচ, জলাবদ্ধতা নিষ্কাশন ইত্যাদি সম্পর্কে জানা।
১১. সঠিকভাবে চারা তোলা, সংরক্ষণ, পরিবহন ও বাজারজাতকরণ সম্পর্কে জানা।
১২. নিজে একটি নার্সারি তৈরি করতে পারা বা অন্য কাউকে নার্সারি তৈরিতে সহায়তা করা বা কোন একটি নার্সারিতে কমপক্ষে ২ মাস কাজ করা।

## উদ্যোক্তা

০১. Entrepreneurship সম্পর্কে জানা।
০২. Entrepreneurship সম্পর্কিত বিভিন্ন বই পড়া।
০৩. ১০ টি নতুন আইডিয়া লিপিবদ্ধ করা।
০৪. ০৫ জন সফল উদ্যোক্তার সাথে কথা বলা।
০৫. যে কোন একটি আয়বর্ধনমূলক আইডিয়া নিয়ে কমপক্ষে ২ মাস কাজ করা এবং রিপোর্ট তৈরি করা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**ভূমি জরিপকারী**

০১. ভূমি জরিপ কী তা জানা ও এর ধাপসমূহ জানা।

০২. সিএস, বিআরএস রেকর্ড ও মাঠপর্চা সম্পর্কে জানা।

০৩. জমি মাপার পদ্ধতি সমূহজানা।

০৪. মাঠপর্যায়ে জমির নকশা দেখে জমি চিহ্নিত করতে পারা।

০৫. সরকারী নকশা অনুযায়ী জমির পরিমাপ দেখে পৃথক নকশা তৈরি করতে পারা।

০৬. ভূমি জরিপকাজে ব্যবহৃত বিভিন্ন উপকরণ ও যন্ত্রপাতি সর্ম্পকে জানা।

০৭. বিভিন্ন প্রকার দলিল সম্পর্কে জানা।

০৮. খারিজ, জমির খাজনা ও নামজারি সম্পর্কে জানা।

০৯. জমির মাপ অনুযায়ী রেজিস্ট্রেশনে স্ট্যাম্প ও ফি সম্পর্কে জানা এবং রেজিস্ট্রেশন পদ্ধতি জানা।

১০. হলফনামা প্রস্তত করতে পারা।

১১. মূল দলিল, অবিকল নকল দলিল, মাঠ পর্চা, রেকর্ড, নকশা, খারিজ ইত্যাদি নথি উত্তোলন পদ্ধতি সর্ম্পকে জানা।

১২. ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবাদানকারী দপ্তর এর কার্যাবলি সম্পর্কে জানা।

১৩. নিজে ভূমি জরীপকাজ করতে পারা এবং অনুমোদিত আমিনের (জরিপকারী) কিংবা দলিল লেখকের অধীনে কমপক্ষে ২ মাস (অন্যূন ৬০ ঘণ্টা) কাজ করা।

**রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং**

১. ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতির পরিচিতি জানা এবং রেফ্রিজারেশন ও এয়ারকন্ডিশনিং এর সাধারণ যন্ত্রের পরিচিতি জানা।

২. তাপমাত্রা ও উষ্ণতার ধারণা অর্জন।

৩. গ্যাস ওয়েল্ডিং প্রক্রিয়া, ক্যাপাসিটর, ওভারলোড, মটর প্রোটেক্টর ও কম্প্রেসার এর ব্যবহার জানা।

৪. রেফ্রিজারেশন কন্ট্রোলিং, টাইমার, প্রেশার কাট আউট, ইলেকট্রিক কন্ট্যাক্টর ও টাইমার, এয়ার কাটিং, ডি ফ্রস্টিং এর ব্যবহারিক কাজ জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

**ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স হাউজওয়ারিং**

১. হাউজ ওয়ারিং, বিদ্যুৎ শক্তি, বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন বিতরণ সম্পর্কে ধারনা অর্জন।

২. ইলেক্ট্রিক কারেন্ট, ভোল্টেজ, পাওয়ার, রেজিস্ট্যান্স এবং এনার্জি এর পরিচয় ও এদের মধ্যকার সম্পর্ক, এসি কারেন্ট এবং ডিসি কারেন্ট এর ডিভাইসসমূহ সম্পর্কে ধারণা অর্জন।

৩. ওহম'স সিরিজ সার্কিট এর প্রয়োগ জানা।

৪. প্যারালাল সার্কিট এর প্রয়োগ জানা।

৫. সিরিজ, প্যারালাল সার্কিটে রেজিস্টার, ইন্ডাক্টর ও ক্যাপাসিটর এর প্রয়োগ জানা।

৬. যন্ত্রপাতি এর ওয়্যারিং ডায়াগ্রাম ও সংযোগ (লাইট, ফ্যান, কলিং বেল, টিভি) জানা।

৭. আধুনিক ইলেক্ট্রিক্যাল যন্ত্রপাতি (সকেট, ২/৩ পয়েন্ট মাল্টিপ্লাগ) সম্পর্কে জানা।

৮. এনার্জি মিটার (এনালগ, ডিজিটাল ও প্রিপেইড- ১ ফেজ, ৩ফেজ) সম্পর্কে জানা।

৯. এনার্জি মিটারে সংযোগ দিতে জানা।

১০. হ্যান্ড টুলস এর ব্যবহার জানা।

১১. সুইচ, ফিউজ ও সার্কিট ব্রেকার এর সংযোগ দিতে জানা।

১২. ১টি সাধারণ গৃহের ব্যাটেন ওয়্যারিং, কনসিল্ড কন্ডাক্ট ওয়্যারিং এবং সার্ফেস কনড্যুইট ওয়্যারিং সম্পর্কে জানা।

১৩. হাউজ ওয়্যারিং ডিজাইন করতে পারা।

১৪. আর্থিং পদ্ধতি, নিউট্রল গ্রাউন্ডিং, আর্থিং ও নিউট্রল গ্রাউন্ডিং এর প্রয়োজনীয়তা জানা।

১৫. সার্ভিস এন্ট্রান্স সংযোগ (৩ পয়েন্ট, ৪ পয়েন্ট) এর সংযোগ জানা।

১৬. AVO মিটার ব্যবহার করতে পারা।

১৭. Safety device এর ব্যবহার জানা এবং Safety rules জানা।

Facebook Name: Rover Naymur Rahman,
Joypurhat Mukto Rover Scout Group

মোবাইল সার্ভিসিং

১. মোবাইল সার্ভিসিং করার জন্য প্রাথমিক যন্ত্রাংশ সম্পর্কে ধারণা অর্জন। যেমনঃ এভো ডিজিটাল/ অ্যানালগ মিটার / এসবের ব্যবহার, সোল্ডারিং আয়রন, হট গান, টুইজার এবং স্ক্রু-ড্রাইভারসমূহ (T1- T7), ডি.সি পাওয়ার সাপ্লাই, ইত্যাদি।

২. মোবাইলের বিভিন্ন ধরন সম্পর্কে পূর্ণ জ্ঞান অর্জন/ টাচস্ক্রীন/ বার ফোন/ স্লাইড এবং ফ্লিপ ফোন।

৩. মোবাইল সার্কিট (Motherboard) সম্পর্কে পূর্ণ জ্ঞান অর্জন/ নেটওয়ার্ক সেকশন (Network Section) / পাওয়ার সেকশন (Power Section) বিভিন্ন আইসিসমূহের কাজ।

৪. হট গান এবং ডি.সি পাওয়ার সাপ্লাইয়ের ব্যবহার জানা।

৫. মোবাইলের বিভিন্ন আইসি (IC) এবং অন্যান্য পার্টস পরিবর্তন করতে জানা।

৬. বর্তমান স্মার্টফোনগুলো খোলার নিয়ম সম্পর্কে জানা।

৭. লিট/রজন/পেস্ট এসবের ব্যবহার, সোল্ডারিং আয়রন দিয়ে হাতের কাজে দক্ষতা অর্জন করা।

৮. অন্তত ৬ মাস মোবাইল সার্ভিসিং কাজের অভিজ্ঞতা অর্জন করা।

৯. মোবাইল স্পেয়ার পার্টস (Spare Parts) সম্পর্কে পূর্ণ ধারণা ইত্যাদি।

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

# এক নজরে রোভার স্কাউট প্রোগ্রাম

| বিষয় | রোভার সহচর স্তর | সদস্য স্তর | প্রশিক্ষণ স্তর | সেবা স্তর |
|---|---|---|---|---|
| বিশেষ জ্ঞান | স্কাউটিং সম্পর্কে প্রারম্ভিক ধারণা<br>রোভার স্কাউট প্রোগ্রাম, মাই প্রোগ্রেস ও লগ বই<br>স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ<br>স্কাউট প্রতিজ্ঞা, আইন, মটো ও শ্লোগান<br>স্কাউট মূলনীতি, পদ্ধতি, মিশন ও ভিশন<br>স্কাউট সালাম, চিহ্ন ও করমর্দন<br>স্কাউট পোশাক ও ব্যাজ<br>জাতীয় সঙ্গীত ও প্রার্থনা সঙ্গীত<br>জাতীয় পতাকা ও স্কাউট পতাকা সমূহ<br>স্কাউট আন্দোলনের ইতিহাস<br>দলীয় শৃঙ্খলাবোধ ও উপদল পদ্ধতি | স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ<br>বাংলাদেশ স্কাউটসের সাংগঠনিক কাঠামো<br>এশিয়া-প্যাসিফিক অঞ্চলের প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো, কার্যাবলি, সদস্য দেশের তালিকা<br>বাংলাদেশের কৃষ্টি ও সংস্কৃতির রূপরেখা<br>ঐতিহাসিক স্থান ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা<br>ভাষা শিক্ষা ও যোগাযোগ পদ্ধতি<br>ক্যারিয়ার প্ল্যানিং<br>প্রার্থনা সঙ্গীত | স্কাউটিং সম্পর্কিত বই ও পত্র-পত্রিকা পাঠ<br>বিশ্ব স্কাউট সংস্থার প্রশাসনিক বিন্যাস, সাংগঠনিক কাঠামো, কার্যাবলি, সদর দপ্তর<br>মেসেঞ্জার অব পিস, ডায়ালগ ফর পিস, ইয়ুথ ফোরাম, ইয়াং-এডাল্ট মেম্বার গ্রুপ<br>বাংলাদেশের সংবিধান, স্থানীয় সরকার ব্যবস্থা, জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, আয়কর নিবন্ধন, ড্রাইভিং লাইসেন্স, ট্রেড লাইসেন্স ও ব্যাংক, অ্যাকাউন্ট<br>জাতিসংঘের উৎপত্তির কারণ, উদ্দেশ্য, প্রশাসনিক কাঠামো ও কার্যাবলি<br>বাংলাদেশের মৌলিক, অর্থনৈতিক ও সামাজিক সমস্যা নির্ণয়, সুপারিশ প্রণয়ন ও জাতীয় বাজেট<br>প্রার্থনা সঙ্গীত | বিশ্ব স্কাউট সংস্থা ভুক্ত ২টি দেশের সম্পর্কে জ্ঞানার্জন<br>স্কাউটস গো সোলার, মেসেঞ্জার ট্রিমোনিটো স্কাউট ব্যাজ, হি ফর পি অ্যাকশন কিট<br>সরকারের বিভিন্ন বিভাগের গঠন, সাংগঠনিক কাঠামো ও কার্যাবলি<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স-এর কার্যাবলি<br>১টি আন্তর্জাতিক অরাজনৈতিক যুব সংস্থার কার্যাবলি<br>বাংলাদেশেরে জাতিসংঘের ২টি শাখার কার্যাবলি<br>সার্ক ও ১টা আঞ্চলিক জোটের গঠন ও কার্যাবলি |
| ব্যক্তিগত দক্ষতা | **দড়ির কাজ:** কমন হুইপিং ডাক্তারি গেরো, পাল গেরো, জীবন রক্ষা গেরো, বড়শি গেরো, তাঁবু গেরো, গুড়িটানা গেরো, জেলে গেরো<br>**অনুমান ও পর্যবেক্ষণ:** ২টি দূরত্ব ও উচ্চতা অনুমান, ওজন, কিম'স গেম, পঞ্চ ইন্দ্রীয়ের খেলা<br>**সংকেত অনুসরণ:** অনুসরক চিহ্ন, হস্ত সংকেত ও বাঁশির সংকেত, ট্রাফিক আইন ও পথ চলার নিয়মাবলি<br>**আগুন জ্বালানো ও রান্না:** লাকড়ি সাজাতে পারা, চুলা তৈরি, আগুন জ্বালানো, নিজের জন্য খাবার রান্না<br>**প্রাথমিক প্রতিবিধান:** সংজ্ঞা, গুণাবলি এবং দায়িত্ব, কর্তব্য, উপকরণ, মানব দেহের গঠন, সাধারণ ক্ষতের প্রাথমিক প্রতিবিধান<br>**তথ্য প্রযুক্তি:** অপারেটিং সিস্টেম, কম্পিউটারের ব্যবহার, ই-মেইল ব্যবহার | **দড়ির কাজ:** ড্র হিচ, ফায়ারম্যানস চেয়ার নট, মারলাইন স্পাইক হিচ; ল্যাশিং: স্কয়ার ল্যাশিং ডায়াগোনাল ল্যাশিং, ক্যাম্প গ্যাজেট<br>**অনুমান ও পর্যবেক্ষণ:** ২টি দূরত্ব ও উচ্চতা অনুমান<br>**কম্পাস ও মানচিত্র:** কম্পাসের গঠন, কম্পাসের সাহায্যে ও সাহায্য ছাড়া দিক নির্ণয়, মানচিত্র, ফিল্ড বুক, হাইক রিপোর্ট, গুগল ম্যাপ, বাংলাদেশের মানচিত্র<br>**গোপন বার্তা:** টেক্সট, কোড ও সাইফার, গোপন বার্তা উদ্ধারের অন্ততঃ দুইটি নিয়ম<br>**আগুন জ্বালানো ও রান্না:** পাত্র ছাড়া রান্না, উপদলের জন্য খাবার রান্না<br>**তাঁবু জলসা:** তাঁবু জলসা সম্পর্কে জানা এবং এতে অংশগ্রহণ করা। তাঁবু জলসার উপযোগী কয়েকটি উপস্থাপনা<br>**প্রাথমিক প্রতিবিধান:** নাক দিয়ে রক্তপাত, মূর্ছা যাওয়া, পোড়া, দাহ, ও বৈদ্যুতিক শক, সর্প দংশন, ক্ষতস্থানে ড্রেসিং ও ব্যান্ডেজ; অস্থিভঙ্গের প্রকারভেদ, কারণ, লক্ষণ, প্রাথমিক প্রতিবিধান; মাথায়, চোয়াল, বুক, পিঠ, কনুই ও হাঁটুর ব্যান্ডেজ<br>**তথ্য প্রযুক্তি:** MS Office, MS Word<br>**দক্ষতা অর্জন:** (যে কোন ১টি বিষয়ে)হাঁস/মুরগী/কোয়েল/টার্কি/কবুতর পালন, মৎস্য চাষ, অফিস ব্যবস্থাপনা, উন্নত চুলা তৈরি, সেলাই কাজ, ফটোগ্রাফি, দোভাষী, মোটরযান, অ্যামেচার রেডিও, কৃষিকর্ম, মৌমাছি চাষ, মাশরুম চাষ, অ্যাকুরিয়ামে মাছ চাষ, অ্যারো পাইওনিয়ার, নৌ বাহিনী সংগঠন, রেলওয়ে ট্রাফিক কন্ট্রোল। | **দড়ির কাজ:** ফিসারম্যানস বেন্ড, স্কাফোল্ড হিচ, ম্যানহারনেস নট, ক্যাটস প, বোলাইন অন দি বাইট, রোলিং হিচ; ল্যাশিং: ফিগার অফ এইট ল্যাশিং, পোল এবং শিয়ার ল্যাশিং; ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট<br>**প্রাথমিক প্রতিবিধান:** স্নায়বিক আঘাত, রক্তপাত বন্ধ, কৃত্রিম উপায়ে শ্বাস-প্রশ্বাস, রোগী বহন পদ্ধতি, থাই বোন ফ্রাকচার, ব্যাকবোন ফ্রাকচার, রোলার ব্যান্ডেজ বাঁধতে পারা<br>পরিভ্রমণকারী ব্যাজ অর্জন<br>বিশ্ব বন্ধুত্ব<br>বক্তৃতা<br>**তথ্য প্রযুক্তি:** MS Excel<br>**দক্ষতা অর্জন:** (যে কোন ১টি বিষয়ে) বৈদ্যুতিক কাজ, কম্পিউটার হার্ডওয়্যার, আগুন নেভানো, উদ্ধার কাজ, জনস্বাস্থ্য কর্মী, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবেশ সচেতনতা কর্মী, মা ও শিশুর যত্ন, নার্সিং, সাংবাদিকতা, ক্রাইম প্রিভেনশন, নিরাপদ খাদ্য, বিমান শিক্ষানবিশ, শিপস নলেজ, রেল পরিচালক। | **দড়ির কাজ:** ব্যাক স্প্লাইস, শর্ট স্প্লাইস ও আই স্প্লাইস; ওয়েস্ট কান্ট্রি হুইপিং ও সেইলমেকার হুইপিং; ২টি পাইওনিয়ারিং প্রজেক্ট; কপিকল<br>**প্রাথমিক প্রতিবিধান:** অগ্নিকাণ্ড, ভূমিকম্পসহ বিভিন্ন দুর্ঘটনায় আক্রান্ত মানুষদের উদ্ধার, বহন ও প্রাথমিক প্রতিবিধান; স্লিং<br>বিশ্ব বন্ধুত্ব<br>সাঁতার জানা<br>**তথ্য প্রযুক্তি:** MS Power Point, ট্রাবলশুটিং, ৩টি জনপ্রিয় অ্যাপস<br>**দক্ষতা অর্জন:** (যে কোন ১টি বিষয়ে ) মানসিক স্বাস্থ্য সুরক্ষা, রক্তদান, চক্ষু শিবির, কুষ্ঠ নিয়ন্ত্রণ, বৈমানিক, সিয়্যান্স, রেলওয়ে পাইলট।<br>**আর্নিং বাই লার্নিং:** (যে কোন ১টি) কম্পিউটার, ই কমার্স, ফ্রি ল্যান্সিং, পোলট্রি /মৎস্য চাষ/ডেইরি ফার্ম, বিউটিশিয়ান, সেলাই ও ছাপার কাজ, পর্যটন কর্মী, ইন্টেরিয়র ডেকোরেশন, সেক্রেটারিয়েল সায়েন্স, আলোকচিত্র শিল্পী, ফিল্ম মেকিং, ক্যালিগ্রাফি, চারু ও কারু শিল্পি, সাংবাদিকতা, নার্সারী, উদ্যোক্তা, ভূমি জরীপকারি, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ও হাউজওয়্যারিং, মোবাইল সার্ভিসিং, ফ্রিল্যান্সার ইত্যাদি। |

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**

| | | | | |
|---|---|---|---|---|
| ধর্মীয় কার্যাবলি | নিজ ধর্ম সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা | ধর্মীয় আচার অনুষ্ঠান সম্পর্কে জ্ঞানার্জন ও চর্চা<br>অন্য ধর্মের আচার অনুষ্ঠান জানা ও শ্রদ্ধাশীল হওয়া | ন্যূনতম একটি ধর্মীয় অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা<br>সাম্প্রদায়িক সম্প্রীতি অবগত এবং অন্যদের উদ্বুদ্ধ<br>অন্তঃধর্মীয় মতামত সহিষ্ণুতা | স্কাউট আইন ও প্রতিজ্ঞার ধর্মীয় অনুশাসন মানা ও উদ্বুদ্ধ |
| আন্দোলনের সেবা | স্কাউটিং ও বহিঃ কার্যক্রম<br>অন্তত: একটি হাইকিংয়ে অংগ্রহণ<br>অন্তত: এক রাতের তাঁবুবাসে অংশগ্রহণ | তাঁবুবাসের স্থান নির্বাচন, কর্মসূচী/প্রোগ্রাম প্রণয়ন, বাজেট, ব্যক্তিগত ও দলীয় উপকরণের তালিকা, সাধারণ নিয়মাবলি: তাঁবুর বিভিন্ন অংশের নাম, তাঁবু খাটানো, গোটানো ও যত্ন, ক্যাম্প ল্যাট্রিন, ক্যাম্প কিচেন, (রেশন) সংগ্রহ, সংরক্ষণ ও প্রস্তুত করা, তাঁবুবাসে অংশগ্রহণ করা ও রিপোর্ট পেশ<br>স্কাউট'স ওন জানা এবং অংশগ্রহণ<br>সেবা প্রশিক্ষণ ব্যাজ অর্জন | গ্রুপ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন<br>MoP -এর একটি কার্যক্রমে অংশগ্রহণ | ১টি রোভার ও ১টি কাব স্কাউট/স্কাউট গ্রুপ পরিদর্শন<br>জেলা/অঞ্চল/বাংলাদেশ স্কাউটস কর্তৃক অর্পিত দায়িত্ব পালন<br>কাব/স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্সে অংশগ্রহণ<br>কাব/স্কাউট ইউনিট লিডার স্কিল কোর্সে অংশগ্রহণ (ঐচ্ছিক) |
| | | | স্কাউট ইনস্ট্রাক্টর ব্যাজ | |
| | | "কোর্স ফররোভার মেট"-এ অংশগ্রহণ<br>কাব স্কাউট/স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্সে অংশগ্রহণ | | |
| সমাজ সেবা/সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য | সমাজ সেবা/সমাজ উন্নয়ন: গুড টর্ন (Good Turn), সমাজ সেবা ও সমাজ উন্নয়নের পার্থক্য, অন্তত: ১টি সমাজ সেবামূলক কাজে অংশগ্রহণ, পরিবেশ সম্পর্কে জ্ঞানার্জন<br>স্বাস্থ্য: স্বাস্থ্য রক্ষার সাধারণ কার্যাবলি বিপি পিটি, নিজ রক্তের গ্রুপ জানা, ২০ জন ব্যক্তির রক্তের গ্রুপ ঠিকানা সংগ্রহ, নিরাপদ রক্ত সঞ্চালন সম্পর্কে জানা, জ্বর মাপা<br>এসডিজি: টেকসই উন্নয়ন অভীষ্ট সম্পর্কে জ্ঞানার্জন | সমাজ সেবা/সমাজ উন্নয়ন: ১টি ফলদ ও ১টি বনজ বৃক্ষ রোপণ ও পরিচর্যা<br>স্বাস্থ্য: ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্যা, রক্ত চাপ মাপা, মাদকাসক্তি, স্কাউটিংয়ের দুইটি খেলা | সমাজ সেবা/সমাজ উন্নয়ন: অন্তত: ২টি তাল গাছ রোপণ ও পরিচর্যা<br>স্বাস্থ্য: রক্তের গ্লুকোজ মাপা; হেপাটাইটিস-বি, হেপাটাইটিস-সি ও এইডস রোগের কারণ, লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকার | সমাজ সেবা/সমাজ উন্নয়ন: "সামাজিক বনায়নে" উদ্বুদ্ধকরণে<br>স্বাস্থ্য: সমসাময়িক (পূর্বেরগুলো বাদে) ৩টি রোগের অথবা মহামারী রোগের কারণ, লক্ষণ, প্রতিরোধ ও প্রতিকার |
| | | এসডিজি: টেকসই উন্নয়নকর্মী (এসডিজি) ব্যাজ | | |
| | | ১ম অংশ: অভীষ্ট-৬ এবং (অভীষ্ট-৪, ৬ ও ১৩ ব্যতীত) অন্য যেকোন ১টি অভীষ্ট | ২য় অংশ: অভীষ্ট-১৩ এবং (অভীষ্ট-৪, ১৩ ও পূর্বের স্তরের অভীষ্ট সমূহ ব্যতীত) অন্য যেকোন ১টি অভীষ্ট | ৩য় অংশ: অভীষ্ট-৪ এবং (অভীষ্ট-৪ ও পূর্বের স্তরগুলোর অভীষ্ট সমূহ ব্যতীত) অন্য যেকোন ১টি অভীষ্ট |
| সময়সীমা | ন্যূনতম: ৬ মাস | ন্যূনতম ১২ মাস | ন্যূনতম ১২ মাস | ন্যূনতম ১২ মাস |

Facebook Name: Rover Naymur Rahman,
**Joypurhat Mukto Rover Scout Group**



জাতীয় সদর দপ্তর

৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
ফোন: +৮৮-০২-৪৮৩১৩৬৫১, +৮৮-০২-২২২২২০৫৮
ফ্যাক্স: ২২ ২২ ২২ ২২৬
Web: scouts.gov.bd E-mail: prog@scouts.gov.bd